কচ্চায়ন ব্যাকরণ

বা

(কাত্যায়ন ব্যাকরণ)

শ্রীবংশদীপ মহাস্থবির

সম্পাদিত ও অনূদিত

শ্রীপ্রিয়দর্শী ভিক্ষু

ও

শ্রীশীলবংশ ভিক্ষু

প্রকাশিত

বৈশাখী পূর্ণিমা — ২৪৮৩ বুদ্ধাব্দ / ১৯৪০ খৃষ্টাব্দ

মূল্য দেড় টাকা

প্রকাশক

শ্রীপ্রিয়দর্শী ভিক্ষু
সন্তোষালয়, নাইখাইন,
গৈড়লা, চট্টগ্রাম।

শ্রীশীলবংশ ভিক্ষু
বেতবাড়ী শ্যামগাঁও, খরিকটিয়া
শিবসাগর, আসাম।

প্রাপ্তিস্থান

শ্রীবুদ্ধিনাথ শ্যাম (গগৈ)
বেতবাড়ী শ্যামগাঁও, খড়িকটিয়া
শিবসাগর, আসাম।

এইচ, এম, প্রেস
প্রিণ্টার—শ্রীচন্দ্রমাধব বিশ্বাস
১০নং মদন গোপাল লেন, কলিকাতা।

নিবেদন

অতি প্রাচীন কাল হইতেই শব্দশাস্ত্র-বিশারদ মহাজ্ঞানী মহাথের কচ্চায়নাচার্য্যের স্বনামপ্রসিদ্ধ 'কচ্চায়ন ব্যাকরণে'র উজ্জ্বল গৌরব ও বিশ্বময়ীকীর্ত্তি এখনও অক্ষুণ্ণ রহিয়াছে। সিংহল, বর্ম্মা, শ্যাম প্রভৃতি বৌদ্ধপ্রধান দেশে বিহার, পরিবেণাদি ছোট বড় প্রায় সমস্ত শিক্ষা-নিকেতনেই আচার্য্যগণ তাঁহাদের শিষ্যবৃন্দকে 'কচ্চায়ণ ব্যাকরণ' অধ্যাপনে এখনও অতিশয় গৌরব মনে করেন, পক্ষান্তরে শিষ্যেরাও উহা অধ্যাপনে অত্যন্ত গৌরবান্বিত হন। পালি ব্যাকরণ সম্বন্ধীয় নানাবিধি-বিধানপরিপূর্ণ, সরল ও সুললিত সূত্র-বৃত্তি-উদাহরণাদি বিমণ্ডিত "কচ্চায়ন ব্যাকরণটি" অনন্তজ্ঞানী সর্ব্বজ্ঞ বুদ্ধ ভাষিত ও তদনুযায়ী সঙ্গীতিত্রয়ে সংগৃহীত পিটকত্রয়ানন্তজ্ঞান-রত্নাকর সুপরিশুদ্ধ মাগধী ভাষার্ণব উত্তারণে উত্তরণার্থিগণের পক্ষে সুনির্ম্মিত মহাতরণী সদৃশ বলিয়া সুধীসমাজে চিরকালই প্রসংশিত। 'কচ্চায়নস্স ইদং কচ্চায়নং (ব্যাকরণং)'। এই কচ্চায়নের সংগ্রহরূপে এবং ইহার অনুকরণে নানাদেশে নানা ভাষায় এবং নানা অক্ষরে বহুবিধ ব্যাকরণ বিরচিত হইয়া মাগধী ভাষা অধ্যয়নের পথ সুগম করিয়া দিয়াছে। এইরূপ প্রাচীন মূল 'পালি-ব্যাকরণ' পূর্ব্বে আরও ছিল এবং এখনও কয়েকটি বিদ্যমান দেখা যায়। তন্মধ্যে 'কচ্চায়ন'ই আদি এবং নানাগুণে সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া বহু সুধী জনের অভিমত।

বঙ্গজননীর সুসন্তান বিশ্ববরেণ্য অসীম প্রতিভাশালী স্বর্গীয় স্যর আশুতোষ মুখার্জ্জীর জীবদ্দশায় তাঁহারই কৃপাগুণে এই ভারতেরই অন্যতম প্রাচীন মাগধী বা পালিভাষা যখন কলিকাতা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠা লাভ করিল, তৎকালেই মহামহোপাধ্যায় পালিভাষাবিদ্ আচার্য্য সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয়ই সর্ব্বপ্রথম কচ্চায়ন ব্যাকরণের সরল ইংরাজী অনুবাদ প্রকাশ করিয়াছিলেন। ইহার মূল গ্রন্থকার শিক্ষার্থিদের সংশয় দূরীকরণার্থে প্রায় প্রত্যেক সূত্রের অবসানে যেই সব প্রয়োজনীয় বিষয় সংযোগ করিয়া দিয়াছিলেন, বিদ্যাভূষণ মহাশয় সেই বিষয়গুলি বাদ দিয়া গিয়াছেন। তথাপি তাঁহার সরল ইংরাজী অনুবাদটি আজ বহুদিন হইতে ইংরাজী বিদ্যায়তন (কলেজ) সমূহের ছাত্রগণের প্রভূত উপকার সাধন করিতেছে। কিন্তু বঙ্গীয় পালি শিক্ষার্থিদের মধ্যে যাঁহারা ইংরাজী ভাষা জানেন না বা তাহাতে অনভিজ্ঞ, তাঁহাদের চিরদিনের অভাবটি

রহিয়াই গেল। এমতাবস্থায় ১৯৩৭ খৃষ্টাব্দে কলিকাতা নালন্দা-বিদ্যাভবনের শিক্ষক ও ছাত্রমণ্ডলীর সানুনয় অনুরোধে অনভিজ্ঞ ভিক্ষু আমি এইরূপ দুরূহ কার্য্য সম্পাদনে হস্তক্ষেপ করিয়াছিলাম। তথাপি শিক্ষার্থিদের এত বড় অভাব পূরণে কেবল মাত্র দুঃসাহসের উপরই নির্ভর করিয়া 'কচ্চায়ন ব্যাকরণে'র বঙ্গানুবাদ কার্য্যে প্রবৃত্ত হই। তখন বাহ্যিক নানা কাজের ঝঞ্ঝাট ও অনেক বাধা-বিঘ্নের ভিতর দিয়াও প্রায় তিন মাসের মধ্যেই ইহার অনুবাদ কার্য্য এক রকম সম্পন্ন হইল বটে, কিন্তু নানা জটিল কারণে বহুদিন ইহা অমুদ্রিত অবস্থায় পড়িয়াই রহিল। যে কোন শুভকাজ শুভমুহূর্ত্ত না হইলে সুসম্পন্ন হয়না—ইহা নিশ্চয়ই। যাহা হউক, এই গ্রন্থের মূল পালি অংশটা সিংহলী সংস্করণ "কচ্চায়ণ বুত্তি', নামক ব্যাকরণ হইতেই উদ্ধৃত হইয়াছে। আমি ইহার অনুবাদ কার্য্যে সিংহলী সংস্করণ "কচ্চায়ণ বণ্ণনা" নামক প্রসিদ্ধ টীকা হইতে বিশেষরূপে সাহায্য নিয়াছি।

সর্ব্বজনমান্য পণ্ডিতশিরোমণি মহামহোপাধ্যায় অধ্যাপক শ্রীযুত বিধুশেখর শাস্ত্রী মহোদয় এই গ্রন্থের মূল্যবান ভূমিকা লিখিয়া আমার মহোপকার করিয়াছেন। মহাপুরুষ কচ্চায়নাচার্য্য আবির্ভূত হইয়াছিলেন বহু শতাব্দি পূর্ব্বেই। তিনি ছিলেন আমাদের ভারত মাতারই সুসন্তান। সুপ্রসিদ্ধ 'কচ্চায়ন ব্যাকরণ'টি তাঁহারই অমর কীর্ত্তি। মহাজ্ঞানী শাস্ত্রী মহোদয়ও এই ভারত জননীর একজন কৃতী সন্তান। তাঁহার জ্ঞানময়ী লেখনী প্রসূত ভূমিকাটি এই গ্রন্থের গৌরব বর্দ্ধন করিয়াছে। এজন্য আমি তাঁহাকে আমার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

পণ্ডিত শ্রীমৎ প্রজ্ঞানন্দ মহাস্থবির, পণ্ডিত শ্রীমৎ আর্য্যবংশ স্থবির, পণ্ডিত শ্রীমৎ জিনানন্দ ভিক্ষু, পণ্ডিত শ্রীযুত শীলানন্দ ব্রহ্মচারী, বি-এ। তাঁহারা সকলেই কলিকাতা নালন্দা-বিদ্যাভবনের অধ্যাপক। গ্রন্থের পাণ্ডুলিপি সংশোধনে তাঁহারা আমার বিশেষ সহায়তা করিয়াছেন। এজন্য আমি তাঁহাদের নিকট চিরকৃতজ্ঞতা পাশে আবদ্ধ। মদীয় স্নেহাভিষিক্ত কলিকাতা বৌদ্ধ ধর্ম্মাঙ্কুর বিহারের অধ্যক্ষ ও সভাপতি এবং নালন্দা-বিদ্যাভবনের অধ্যাপক শ্রীমান্ প্রিয়দর্শী ভিক্ষু, উক্ত বিদ্যা ভবনের অধ্যাপক পণ্ডিত শ্রীমান্ প্রিয়ানন্দ ভিক্ষু এবং সেই বিদ্যাভবনের উচ্চ শ্রেণীর ছাত্র শ্রীমান্ শীলবংশ ভিক্ষু, এই গ্রন্থের প্রুফ্ সংশোধনাদি কার্য্যে যথেষ্ট শ্রম স্বীকার করিয়া আমাকে কৃতার্থ করিয়াছে। আমি তাহাদের 'পরম সুখ' কামনা করি।

পণ্ডিত শ্রীমৎ প্রজ্ঞানন্দ মহাস্থবির, পণ্ডিত শ্রীমান্ প্রিয়ানন্দ ভিক্ষু,

'অগ্‌গমহাপণ্ডিত' স্বর্গীয় ধর্ম্মবংশ মহাস্থবিরের শিষ্য শ্রীমান্ দীপঙ্কর শ্রীজ্ঞান, বি-এ, নীরব সাধক মদীয় অন্তেবাসী শ্রীমান্ আনন্দ মিত্র ভিক্ষু, নীরব সাধক ও বিনয়াচার্য্য শ্রীমৎ জ্ঞানীশ্বর মহাস্থবিরের সুবাধ্য শিষ্য শ্রীমান্ শীলভদ্র ভিক্ষু, তাহারা অত্যধিক শ্রম স্বীকার করিয়া সিংহলী সংস্করণ "কচ্চায়নবুত্তি" নামক ব্যাকরণ হইতে মূল পালির পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া দিয়াছে। এই মহান্ কার্য্য সাধনে তাহাদের অদম্য উৎসাহ ও সহায়তাই আমাকে বিশেষরূপে অনুবল দিয়াছে। এজন্য তাহাদের জীবনের সাফল্য ও 'শান্তিপদ' কামনা করি।

এই কার্য্য সম্পাদন কালে বিনয় ভক্ত শ্রীমৎ অগ্রালঙ্কার মহাস্থবির, পণ্ডিত শ্রীমৎ ধর্ম্মাধার স্থবির, পণ্ডিত শ্রীমৎ ধীরানন্দ স্থবিরের শিষ্য ও মদীয় ধর্ম্মান্তেবাসী শ্রীমান্ শীলালঙ্কার ভিক্ষু, আরো অনেক সদ্ধর্ম্মহিতৈষী শ্রামণের, ভিক্ষু, স্থবির, মহাস্থবির হইতে বহুতর উৎসাহ ও সহায়তা পাইয়াছি।

মদীয় বাল্যসুহৃৎ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডক্টর শ্রীযুত বেণীমাধব বড়ুয়া, এম্-এ., ডি-লিট্ (লণ্ডন), উক্ত বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক শ্রীযুত দ্বিজেন্দ্রলাল বড়ুয়া, এম্-এ., অধ্যাপক শ্রীযুত নীরদরঞ্জন মুৎসুদ্দি, এম্-এ., অধ্যাপক শ্রীযুত সুরেন্দ্রনাথ বড়ুয়া, এম্-এ., পরিব্রাজক শ্রীযুত অন্নদানন্দ স্বামী, প্রমুখ সহৃদয় ব্যক্তিগণের নিকট আমি প্রভূত উৎসাহ ও সহায়তা পাইয়াছি। তাঁহাদের প্রত্যেককে আমার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

আমার অনুগত ধর্ম্মান্তেবাসী শ্রদ্ধাশীল শ্রীমান্ শীলবংশ ভিক্ষু এই গ্রন্থ মুদ্রণের ব্যয়ভার গ্রহণ করিয়াছে। এই গ্রন্থ সম্পাদনে আদ্যন্ত যাবতীয় কার্য্যে আমার বিশেষ সহায়তা করিয়াছে—মদীয় অনুগত প্রিয় শিষ্য শ্রীমান্ প্রিয়দর্শী ভিক্ষু। এই দুরূহ কার্য্যে তাঁহাদের উভয়ের পূর্ণ উৎসাহ ও সাহায্য না পাইলে এই সানুবাদ মহাকচ্চায়ন ব্যাকরণ গ্রন্থাকারে প্রকাশিত করা আজ আমার পক্ষে সম্ভব হইত না। প্রাণের সহিত আশীর্ব্বাদ করি—তাহাদের পবিত্র ভিক্ষু জীবনের মহান্ উদ্দেশ্য সাফল্য মণ্ডিত হউক্।

পরিশেষে বক্তব্য এই,—১৯০৪ খৃষ্টাব্দে সিংহলের মহামান্য ধর্ম্মকীর্ত্তি আচার্য্য শ্রীমৎ ধর্ম্মারাম মহানায়ক স্থবির সম্পাদিত 'কচ্চায়নবুত্তির অনুকরণে মূল পালি ও তদনুযায়ী বঙ্গানুবাদ সংযোজিত করা হইল। মূলের সহিত মিল রাখিয়া অনুবাদ করিয়াছি। অনুবাদ যত সরল ও সুখবোধ্য হইতে পারে তজ্জন্য বিশেষ চেষ্টা করিয়াছি। "কচ্চায়ন ব্যাকরণ" গ্রন্থটি বঙ্গানুবাদ

হ বঙ্গাক্ষরে এই প্রথম মুদ্রিত হইল। বহু বাধা-বিঘ্নের ভিতর দিয়া ইহার মুদ্রণ কার্য্যাদি সমাপ্ত হইয়াছে। মুদ্রাকরের ত্রুটিতে স্থল বিশেষে ভুল-প্রমাদ রহিয়াছে। শত চেষ্টাতেও তাহা অপনোদন করিতে পারিলাম না। এজন্য শুদ্ধিপত্র দেওয়া হইয়াছে। আশাকরি—সহৃদয় পাঠকগণ আমাদের অনিচ্ছাকৃত ত্রুটি-বিচ্যুতি মার্জ্জনা করিবেন। এখন এই গ্রন্থের দ্বারা শিক্ষার্থিদের উপকার সাধিত হইলেই মনে করিব—শ্রম সফল হইয়াছে।

সদ্ধর্ম্মালঙ্কার-বিহার—
কর্ত্তালা, বুদপারা, চট্টগ্রাম।
বৈশাখী পূর্ণিমা ২৪৮৩ বুদ্ধাব্দ / ১৩৪৭ বঙ্গাব্দ

ইতি—
শ্রীবংশদীপ মহাস্থবির

ভূমিকা

পালিভাষা প্রথমে এক সময়ে সাধারণ লোকের কথ্য ভাষা ছিল, সাহিত্যের ভাষা ছিল না। পরে কালক্রমে ইহা সাহিত্যের ভাষা হইয়া উঠে। বাঙ্‌লার মধ্য যুগে বৈষ্ণব সাহিত্যের মূল হইতেছে শ্রীচৈতন্য মহাপ্রভুর প্রচারিত বৈষ্ণব ধর্ম, তেমনি পালি সাহিত্যের মূল ছিল শ্রীবুদ্ধদেবের প্রচারিত বৌদ্ধ ধর্ম। ইনি যে ধর্ম প্রচার করেন তাহার অনেক কিছু পাওয়া যায় পালিভাষায়। কেবল ইহাই নহে, এই ধর্মকে ব্যাখ্যা করিবার জন্য পরবর্তী আচার্যগণ যাহা বলিয়াছেন বা লিখিয়াছেন তাহারও অনেক পালিতে রহিয়াছে। তাই ইহার গৌরব ও প্রয়োজন সহজেই অনুমেয়। অন্য যাহাই কিছু হউক না, মহারাজ অশোক স্বকীয় অনুশাসনে মু নি গা থা, অ না গ ত ভ য়, রা হু লো বা দ প্রভৃতি পালিভাষায় লিখিত কয়েকটি সূত্রের উল্লেখ করিয়া প্রকারান্তরে পালিভাষারই গৌরব দেখাইয়াছেন।

পালি সাধারণের ভাষা হইতে ক্রমশ সাহিত্যের ভাষায় পরিণত হইলে তাহা পরবর্তী ব্যক্তিদের কাছে ধীরে ধীরে দুর্গম হইতে থাকে। তাই ইহাকে সুগম করিবার উদ্দেশ্যে তাহার ব্যাকরণ লিখিবার প্রয়োজন দেখা দিল, এবং তদনুসারে বহু ব্যাকরণ রচিত হইল। যেমন সংস্কৃত ব্যাকরণসমূহ সংস্কৃতভাষায়, পালি ব্যাকরণসমূহও সেইরূপ পালিভাষায় লিখিত হইল। পালিব্যাকরণগুলি ঠিক সংস্কৃত ব্যাকরণেরই পদ্ধতিকে অনুসরণ করিয়া লিখিত হইয়াছে।

পালিব্যাকরণের সংখ্যা কম নহে। সুভূতি স্বকীয় না ম মা লা র ভূমিকায় ছোট-বড় পঞ্চাশ খানিরও বেশী পালিব্যাকরণের নাম ও সংক্ষিপ্ত পরিচয় দিয়াছেন। ইহাদের মধ্যে তিনখানি প্রধান। ক চ্চা য় ন, মো গ্‌গ-ল্লা ন ও স দ্দ নী তি। ক চ্চা য় ন অবলম্বন করিয়া রূ প সি দ্ধি (ম হা রূ প-সি দ্ধি)। ম হা নি রু ত্তি, চূ ল নি রু ত্তি, নি রু ত্তি পি ট ক, ও বা লা-ব তা র প্রভৃতি রচিত হইয়াছে। এইরূপ মো গ্‌গ ল্লা ন অবলম্বনে মো গ্‌গ-ল্লা য় ন বু ত্তি, প য়ো গ সি দ্ধি, সু স দ্দ সি দ্ধি, ও প দ সা ধ নী ইত্যাদি এবং স দ্দ নী তি অবলম্বন করিয়া চূল স দ্দ নী তি লিখিত হইয়াছে।

ইহাদের মধ্যে ক চ্চা য় ন ই প্রাচীনতম, কিন্তু তাহা হইলেও রূ প সি দ্ধি, মো গ্‌গ ল্লা ন বু ত্তি, প দ সা ধ নী, ও প য়ো গ সি দ্ধি অধিকতর উপযোগী। কিন্তু স দ্দ নী তি সর্বাপেক্ষা শ্রেষ্ঠ।

পাণিনির ব্যাকরণ সম্বন্ধে প্রবাদ আছে যে, মহাদেবের ঢাকের

চৌদ্দটি শব্দ হয়। আর পাণিনি তাহাই অনুসরণ করিয়া "অ ই উ ণ্" প্রভৃতি চৌদ্দটি প্রত্যাহারসূত্র রচনা করেন। তাহাই মূলরূপে ধরিয়া তিনি নিজের অষ্টাধ্যায়ী প্রণয়ন করেন। কচ্চায়ন ব্যাকরণ সম্বন্ধেও এইরূপ একটি প্রবাদ আছে। কচ্চায়নভেদটীকায় আছে, কোন এক ভিক্ষু ভগবান্ বুদ্ধের নিকট ধ্যান শিক্ষা করিয়া অনোতত্তা নামক হ্রদের তীরে একটি শাল বৃক্ষের নীচে 'উদয়বয়' (উদয়-ব্যয়) অর্থাৎ 'উৎপত্তি ও বিনাশ' সম্বন্ধে ধ্যান করিতেছিলেন। ঐ সময় সেই হ্রদের উদকে অর্থাৎ জলে একটি বক বিচরণ করিতেছিল। ভিক্ষু ইহা দেখিয়া 'উদয়বয়' শব্দের পরিবর্তে 'উদকবক' 'উদকবক' শব্দ উচ্চারণ করিয়া তাহাই ভাবিতে লাগিলেন। বুদ্ধদেব ইহা জানিতে পারিয়া ঐ ভিক্ষুকে ডাকিয়া বলিলেন "অত্থো অক্খরসংঞ্ঞাতো (অর্থোঽক্ষরসংজ্ঞাতঃ), অর্থাৎ অক্ষর ভাল করিয়া জানিলে অর্থ জানা যায়। স্থবির কচ্চায়ন ভগবানের অভিপ্রায় বুঝিলেন এবং এই বাক্যটিকেই প্রথম সূত্ররূপে গ্রহণ করিয়া সমগ্র ব্যাকরণখানি রচনা করিলেন।

আলোচ্য ব্যাকরণখানির রচয়িতা কচ্চায়ন বুদ্ধদেবের সময়ে ছিলেন ইহার বিশ্বাসযোগ্য প্রমাণ নাই। তা যাহাই হউক, ইঁহারই ব্যাকরণখানি যে, সর্বাপেক্ষা প্রাচীন, তাহার সন্দেহ নাই।

পূর্বে বলিয়াছি, পালিব্যাকরণগুলি সংস্কৃত ব্যাকরণের পদ্ধতি অনুসরণ করিয়া লিখিত। আলোচ্য ব্যাকরণখানিও সেইরূপ। ইহার কারণ দুইটি বলিয়া মনে হয়। প্রথমত, প্রাচীন পালিবৈয়াকরণগণ খুব সংস্কৃতজ্ঞ ছিলেন। দ্বিতীয়ত সংস্কৃতের সহিত পালির অতিঘনিষ্ঠ সম্বন্ধ।

কচ্চায়ন ব্যাকরণের বহু সূত্র পাণিনির অষ্টাধ্যায়ী ও কাতন্ত্র ব্যাকরণ হইতে গৃহীত। দ্রষ্টব্য—

কচ্চায়ন	কাতন্ত্র
যস্মাদপেতি ভয়মাদত্তে বা তদপাদানং ॥ ২. ৬. ১।	যতোঽপৈতি ভয়মাদত্তে বা তপাদানম্ ॥ ২।৪।
রক্খনত্থানমিচ্ছিতং। ২. ৬. ৩।	ঈপ্সিতং চ রক্ষার্থানাম্ ॥ ২১৫
যোধারো তমোকাসং ॥ ২. ৬. ৮।	য আধারস্তদধিকরণম্ ॥ ২১৭।
যেন বা কয়িরতে তং করণং ॥ ২. ৬, ৯।	যেন ক্রিয়তে তৎ করণম্ ॥ ২১৮।
যং করোতি তং কম্মং ॥ ২. ৬. ১০।	যৎ ক্রিয়তে তৎ কর্ম ॥ ২১৯।
যো করোতি স কত্তা ॥ ২. ৬. ১১।	যঃ করোতি স কর্তা ॥ ২২০।
যো কারেতি স হেতু ॥ ২. ৬. ১২।	কারয়তি যঃ স হেতুশ্চ ॥ ২২১।
ইত্যাদি	ইত্যাদি

টীকা। ১ কলাপব্যাকরণম্ (কাতন্ত্রম্), পূর্বার্ধম, শ্রীগুরুনাথ বিদ্যানিধি ভট্টাচার্যম সম্পাদিতম্, বঙ্গাব্দাঃ ১৩১৯।

কচ্চায়ন	পাণিনি
নমোযোগাদিস্বপি ॥ ৬. ২. ২৪।	নমঃস্বস্তি যোগাচ্চ ॥ ২. ৩. ১১।
অপাদানে পঞ্চমী ॥ ৬. ২. ২৫।	অপাদানে পঞ্চমী ॥ ২. ৩. ২৮।
কম্মথে তুতিয়া ॥ ৬. ২. ২৭।	কর্মণি দ্বিতীয়া ॥ ২. ৩. ২।
কালদ্ধানমচ্চন্তসংযোগে ॥ ৬. ২. ২৮।	কালাধ্বনোরত্যন্তসংযোগে॥ ২. ৩. ৫।
কম্মপ্পবচনীয় যুত্তে চ ॥ ৬. ২. ২৮।	কর্মপ্রবচনীয়যুক্তে দ্বিতীয়া ॥ ২.৩. ৮,।
ইত্যাদি	ইত্যাদি।

এই প্রসঙ্গে কচ্চায়ন ব্যাকরণের "নদিম্হাচ (২. ৭. ২৩)" এই সূত্রটি বিশেষভাবে লক্ষণীয়। ইহার অর্থ এই যে, নদীর পরেও (ক-প্রত্যয়) হয়। এখানে 'নদী' শব্দে কী বুঝিতে হইবে তাহা বৃত্তিতেও পরিষ্কার করিয়া বলা হয় নাই, যদিও প্রদত্ত উদাহরণ কয়টি হইত তাহা অনুমান করিয়া লইতে পারা যায়। আমার মনে হয়, এখানে 'নদী' বলিতে নদী-সংজ্ঞক শব্দ বুঝিতে হইবে। নদী সংজ্ঞক শব্দ কী? কচ্চায়নে ইহা বলা হয় নাই, কিন্তু পাণিনিতে বলা হইয়াছে, "যূ স্ত্র্যাখ্যৌ নদী (১-৪-৩)" অর্থাৎ ঈকারান্ত ও ঊকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের সংজ্ঞা নদী।

মোগ্গল্লান ব্যাকারণেরও সম্বন্ধে এইরূপ। ইহার ও চান্দ্র ব্যাকরণের বহু সূত্র একই। পাণিনিরও বহু সূত্রের সঙ্গে ইহার মিল আছে।

এই আলোচ্য ব্যাকরণখানি সিংহল, বর্মা, শ্যাম ও কাম্বোডিয়ায় বহুকাল হইতে প্রচলিত আছে। ইহার সংস্করণও আছে অনেক। আমাদের দেশে বিশ্ববিদ্যালয়ে পালি আলোচনার প্রথম প্রবর্তক স্বর্গীয় মহামহোপাধ্যায় সতীশ-চন্দ্র বিদ্যাভূষণ মহাশয়ও ইংরাজী অনুবাদের সহিত ইহা প্রকাশ করিয়া গিয়াছেন ১৯০১ খৃষ্টাব্দে। ইহার পূর্বে প্রসিদ্ধ ফরাসী পণ্ডিত F. Senart ইহার সংস্করণ করেন। বিদ্যাভূষণ মহাশয় নিজ সংস্করণে ইহার সাহায্য গ্রহণ করিয়াছেন। অন্য সংস্করণও আছে। কিন্তু এ পর্যন্ত ইহার এমন সংস্করণ আমার জানা নাই যাহাতে গুণদোষ বিচার করিয়া মূল পাঠ নির্ণয় করিবার চেষ্টা করা হইয়াছে। ১৯০৪ খ্রীষ্টাব্দে ধর্মকীর্তি শ্রীধর্মারাম সিংহলী অক্ষরে ইহার একটি সংস্করণ করেন। বোধহয় আলোচ্য সংস্করণটি ইহা হইতে করা হইয়াছে। তিনি উহার ভূমিকায় বলিতেছেন, যদিও এই ব্যাকরণখানির বিভিন্ন সংস্করণ হইয়াছে, তথাপি বলিতে পারা যায় না যে, তাঁহার সংস্করণ খানিতে অশুদ্ধ পাঠ নাই। এখানে একটিমাত্র উদাহরণ দিব।

"দূরন্তিক" ইত্যাদি (২, ৬. ৫, পৃঃ ১১৫) সূত্রের মধ্যে পাঠ আছে "বিভত্তার-প্পযোগ" ইত্যাদি। এখানে 'আরপ্প' শব্দটি আলোচ্য সংস্করণে একাধিক বার

ধরা হইয়াছে। বিদ্যাভূষণ মহাশয়ের সংস্করণেও ইহাই আছে। স্বর্গীয় বিদ্যাভূষণ ও শ্রদ্ধেয় অনুবাদক মহাশয় ইহার অর্থ ঠিকই করিয়াছেন 'cessation,' 'বিরতি', অর্থাৎ নিবৃত্তি। কিন্তু ঐ শব্দটির এই অর্থ কোথা হইতে আসিল ? পালি অভিধানেও শব্দটি দেখা যায় না, এবং তাহা হইলই বা কীরূপে ? ইহার মূল সংস্কৃতই বা কী ? আমার মনে হয় আলোচ্য শব্দটি মূলত হইতেছে 'আরচ্চ', 'আরব্ধ' নহে। ইহা হইয়াছে 'আরত' (= 'বিরত', দ্রষ্টব্য জাতক, ৪র্থ খণ্ড, ৩৭২ পৃঃ) হইতে। 'আরতি' (= 'বিরতি') শব্দও প্রসিদ্ধ আছে। তুলনীয় 'সোরচ্চ', সংস্কৃত 'সৌরত্য', 'সুরতি' শব্দও আছে।

শ্রীমৎ বংশদীপ মহাস্থবির মহোদয় এই ব্যাকরণখানির মূল ও অনুবাদ উভয়ই আমাদিগকে উপহার দিয়াছেন। পালির আলোচনা ক্রমশই বাড়িতেছে, কিন্তু দুঃখের সহিত বলিতে হয়, তদনুপাতে পালি পুস্তকের নানা আকারে প্রচার বাঙলা দেশে তেমন দেখা যাইতেছে না। বোধ হয়, ভারতে বাঙলা দেশেই পালির প্রথম প্রচার হয়, কিন্তু এখন অন্য প্রদেশে ইহার যত গ্রন্থের প্রচার হইতেছে, এখানে তত হইতেছে বলিয়া মনে হয় না—যদিও পালিকে নানা পরীক্ষায় পাঠ্য করা হইয়াছে। উপযুক্ত পুস্তকের অভাবে পাঠার্থীকে বড় অসুবিধায় পড়িতে হয়। সিংহল, বর্মা বা শ্যাম দেশের অক্ষরে মুদ্রিত পুস্তকের দাম কিছু কম হইলেও বাঙ্গালী পাঠকদের উহার সহিত সাধারণ পরিচয় না থাকায় উহা কাজে লাগাইতে পারা যায় না। তা ছাড়া বাঙলা অনুবাদেরও যথেষ্ট প্রয়োজন আছে। আলোচ্য ব্যাকরণখানি পরীক্ষার পাঠ্য হওয়ায় মূল ও অনুবাদ উভয়েরই বিশেষ প্রয়োজন হইয়াছে। মহাস্থবির মহোদয় ইহা এই সময়ে আমাদিগকে প্রদান করিয়া খুব ভাল কাজ করিয়াছেন। অনুবাদটি বেশ হইয়াছে। মূল বুঝিতে ইহা হইতে যথেষ্ট সাহায্য পাওয়া যাইবে। তিনি ইহা দ্বারা পালি পাঠার্থীর অনেক উপকার করিয়াছেন। তিনি যাহা দিয়াছেন পরে আমরা তাঁহার নিকট হইতে তাহা হইতে আরো বেশী চাই। স্থানে স্থানে পাঠ বা ছাপার সম্বন্ধে যে ত্রুটি আছে, আশা করি পরবর্তী সংস্করণে তাহা থাকিবে না।

তিনি যদি ইহার পর মহারূপসিদ্ধির মূল ও বঙ্গানুবাদ প্রকাশ করেন, তবে খুব ভাল হয়। ইতি—

কলিকাতা বিশ্ববিদ্যালয়,
২৭শে বৈশাখ, ১৩৪৭। } শ্রীবিধুশেখর ভট্টাচার্য্য

সূচীপত্র

কচ্চায়ন ব্যাকরণ

বা

(কাত্যায়ন ব্যাকরণ)

নমোতস্স ভগবতো অরহতো সম্মা সম্বুদ্ধস্স

১। সেট্ঠং তিলোকমহিতং অভিবন্দিযগ্গং,
বুদ্ধঞ্চ ধম্মমমলং গণমুত্তমঞ্চ,
সত্থুস্স তস্স বচনত্থবরং সুবোদ্ধুং,
বক্খামি সুত্তহিতমেত্থ সুসন্ধিকপ্পং।

২। সেয্যং জিনেরিত নযেন বুধা লভন্তি,
তঞ্চাপি তস্স বচনত্থ সুবোধনেন,
অত্থঞ্চ অক্খরপদেসু অমোহভাবা,
সেয্যত্থিকোপদমতো বিবিধং সুণেয্য।

১। ত্রিলোক-পূজিত শ্রেষ্ঠ নমি বুদ্ধবরে
নিরমল ধম্মে আর উত্তম সঙ্ঘেরে।
বুঝিবারে যথাযথ শ্রীবুদ্ধ-বচন
বণিব সুসন্ধি নামে পালি ব্যাকরণ।

২। জিন-বাক্য মতে সুধী লভে মোক্ষ-সার
বুঝে সেই জিন-বাণী জেনে অর্থ তা'র।
অর্থ-বোধ হয় তার বর্ণ-পদ হ'তে
শুনুক সে নানাপদ মোক্ষকামী এতে।

সন্ধি কপ্পে পঠমো কণ্ডো

সঞ্ঞা

১। অত্থো অক্খর সঞ্ঞাতো।

সব্ববচনানমত্থো অক্খরেহেব সঞ্ঞায়তে, অক্খর বিপত্তিয়ং হি সতি অত্থস্স দুন্নয়তা হোতি তস্মা অক্খর কোসল্লং বহূপকারং সুত্তন্তেসু।

২। অক্খরা পাদযো একচত্তালীসং।

তে চ খো অক্খরা অপি অকারাদযো একচত্তালীসং সুত্তন্তেসু সোপকারা।

তং যথা—অ আ, ই ঈ, উ ঊ, এ ও, ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম, য র ল ব স হ ল় অং ইতি অক্খরা নাম হোন্তি।

তেন বুত্তং? অত্থো অক্খর সঞ্ঞাতো।

১। ত্রিপিটকশাস্ত্রের সমস্ত শব্দার্থ বা বাক্যার্থ অক্ষর সমূহের সাহায্যেই অবগত হওয়া যায়। অক্ষর সমূহের দুরুচ্চারণ, অণুচ্চারণ বা অক্ষর-বিন্যাসের বিপর্য্যয় ঘটিলে প্রকৃত অর্থ-বোধ হয় না। সুতরাং পিটকত্রয়ের অর্থ-জ্ঞান লাভ করিতে হইলে সর্ব্ব প্রথমে অক্ষর-কুশলতা, অক্ষর-জ্ঞান শিক্ষা করা বিশেষ প্রয়োজন।

২। পিটকের ভাষার পক্ষে অ, আ, ইত্যাদি একচল্লিশটী মাত্র অক্ষর বহু উপকার। যথা—অ আ ই ঈ উ ঊ এ ও। ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম য র ল ব স হ ল় অং, ইহাদের নাম অক্ষর বা বর্ণ।

প্রশ্ন—অক্ষর-সংজ্ঞার প্রয়োজন কেন? উত্তর—"অত্থো অক্খরসঞ্ঞাতো" এই সূত্রে অক্ষর-সংজ্ঞার উল্লেখ আছে, 'অক্ষর' এই নাম জানা না থাকিলে সন্দেহ হইতে পারে যে অক্ষর কি? এই কারণে অক্ষর-সংজ্ঞার দরকার।

৩। তথোদন্তা সরা অট্ঠ।

তত্থ অক্খরেসু অকারাদিসু ওদন্তা অট্ঠ সরা নাম হোন্তি। তং যথা—অ আ, ই ঈ, উ ঊ, এ ও ইতি সরা নাম।

তেন ক্বত্থো? সরা সরে লোপং।

৪। লহুমত্তা তযো রস্সা।

তত্থ অট্ঠসু সরেসু লহুমত্তা তযো সরা রস্সা নাম হোন্তি। তং যথা—অ ই উ ইতি রস্সা নাম।

তেন ক্বত্থো? রস্সং।

৫। অঞ্ঞে দীঘা।

তত্থ অট্ঠসু সরেসু রস্সেহি অঞ্ঞে পঞ্চ সরা দীঘা নাম হোন্তি। তং যথা—আ ঈ ঊ এ ও ইতি দীঘা নাম।

তেন ক্বত্থো? দীঘং।

৩। সেই একচল্লিশটি অক্ষরের মধ্যে অ হইতে ও পর্য্যন্ত আটটি অক্ষরকে স্বরবর্ণ বলে। যথা—অ আ ই ঈ উ ঊ এ ও।

প্রশ্ন—স্বর-সংজ্ঞার প্রয়োজন কেন? উত্তর—"সরাসরে লোপং" এই সূত্রে স্বর-সংজ্ঞার উল্লেখ আছে। 'স্বর' এই নাম জানা না থাকিলে সন্দেহ হইতে পারে স্বর কি? এই কারণে স্বর-সংজ্ঞার প্রয়োজন।

৪। সেই আট প্রকার স্বর বর্ণের মধ্যে লঘুমাত্রা-বিশিষ্ট (লঘুমাত্রা অর্থ অল্প নিমিষ পরিমাণ কাল, মাত্রা) তিনটি স্বরবর্ণকে হ্রস্ব স্বর বলে। যথা— অ ই উ।

প্রশ্ন—হ্রস্ব-সংজ্ঞার প্রয়োজন কেন? "রস্সং" এই সূত্রে হ্রস্ব-সংজ্ঞার উল্লেখ আছে, ইহা জানা না থাকিলে সূত্রের অর্থ-বোধ হয় না. এই কারণে হ্রস্ব-সংজ্ঞার দরকার।

৫। সেই আট প্রকার স্বরবর্ণের মধ্যে হ্রস্ব স্বর তিনটি ব্যতীত অপর পাঁচটি স্বরবর্ণকে দীর্ঘ স্বর বলে। যথা—আ ঈ ঊ এ ও।

প্রশ্ন—দীর্ঘ-সংজ্ঞার প্রয়োজন কেন? উত্তর—"দীঘং" এই সূত্রে দীর্ঘ-সংজ্ঞার উল্লেখ আছে, ইহা জানা না থাকিলে সূত্রের অর্থ-বোধ হয় না, এই কারণে 'দীর্ঘ' এই নামের প্রয়োজন।

৬। সেসা ব্যঞ্জনা।

ঠপেত্বা অট্ঠ সরে সেসা অক্খরা ককারাদযো নিগ্গহীতন্তা ব্যঞ্জনা নাম হোন্তি।

তং যথা—ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম, য র ল ব স হ ল্ অং ইতি ব্যঞ্জনা নাম।

তেন ক্বত্থো—সরা পকতি ব্যঞ্জনে।

৭। বগ্গাপঞ্চ পঞ্চসো মন্তা।

তেসংখো ব্যঞ্জনানং ককারাদযো মকারন্তা পঞ্চ পঞ্চসো অক্খর-বন্তো বগ্গা নাম হোন্তি।

তং যথাঃ—ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম, ইতি বগ্গা নাম।

তেন ক্বত্থো? বগ্গন্তং বা বগ্গে।

৮। অংইতি নিগ্গহীতং।

অংইতি নিগ্গহীতং নাম হোতি।

তেন ক্বত্থো? অংব্যঞ্জনে নিগ্গহীতং।

৬। উক্ত একচল্লিশটি অক্ষরের মধ্যে আট প্রকার স্বরবর্ণ ব্যতীত অবশিষ্ট ক হইতে অনুস্বার পর্যন্ত তেত্রিশটি অক্ষরকে ব্যঞ্জনবর্ণ বলে। যথা—ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম, য র ল ব স হ ল অং।

এস্থলে প্রশ্নোত্তর সুবোধ্য।

৭। ব্যঞ্জনবর্ণ সমূহের ক হইতে ম পর্যন্ত ২৫টি বর্ণ পাঁচ পাঁচ ভাগে বিভক্ত, ইহাদের প্রত্যেক ভাগকে বর্গ বলে। প্রত্যেক বর্গের প্রথম অক্ষর অনুযায়ী বর্গের নাম হইয়া থাকে। যথা—

ক খ গ ঘ ঙ— ক বর্গ
চ ছ জ ঝ ঞ— চ বর্গ
ট ঠ ড ঢ ণ— ট বর্গ
ত থ দ ধ ন— ত বর্গ
প ফ ব ভ ম— প বর্গ

এস্থলেও প্রশ্নোত্তর পূর্বোক্ত নিয়মে জ্ঞাতব্য।

৮। অং এই অকারের পর যেই বিন্দু, ইহাকে নিগৃহীত বর্ণ বলে। এখানেও প্রশ্নোত্তর উক্ত নিয়মে জ্ঞাতব্য।

৯। পর সমঞ্ঞাপযোগে।

যা চ পন সক্কত গন্থেসু সমঞ্ঞা ঘোসাতি বা অঘোসাতি বা তা পযোগে সতি এত্থাপি যুজ্জন্তে।

তত্থ ঘোসবন্তো নাম; গ ঘ ঙ, জ ঝ ঞ, ড ঢ ণ, দ ধ ন, ব ভ ম, য র ল ব হ ল্ ঘোসা নাম—অঘোসা নাম, ক খ, চ ছ, ট ঠ, ত থ, প ফ স, ইতি অঘোসা নাম।

তেন কথো—বগ্গে ঘোসাঘোসানং ততিয পঠমা।

১০। পুব্বমধোঠিতমস্সরং সরেন বিযোজযে।

তত্থ সন্ধিং কত্তুকামো পুব্বব্যঞ্জনং অধোঠিতং অস্সরং কত্বা সরঞ্চ উপরি কত্বা সরেন বিযোজযে।

তত্রাযমাদি।

১১। নযে পরং যুত্তে।

অস্সরং খো ব্যঞ্জনং অধোঠিতং পরক্খরং নযে যুত্তে।

তত্রাভিরতিমিচ্ছেয্য।

৯। পাণিনি প্রভৃতি সংস্কৃত ব্যাকরণে ঘোষ ও অঘোষ সংজ্ঞা সাধারণ, প্রয়োজন হইলে তাহা সংস্কৃত ব্যাকরণ হইতে সংগ্রহ করিয়া লইবে। সেইরূপ লিঙ্গ, সর্ব্বনাম, পদ, উপসর্গ, নিপাত, তদ্ধিত, আখ্যাত, কর্ম্মপ্রবচণীয়, ইত্যাদি সংজ্ঞার প্রয়োজন হইলেও উক্ত ব্যাকরণ সমূহ হইতে সংগ্রহ করিয়া লইবে।

ঘোষবর্ণ, যথা—গ ঘ ঙ, জ ঝ ঞ, ড ঢ ণ, দ ধ ন ব ভ ম, য র ল ব হ ল়

ইহারা ঘোষবর্ণ নামে কথিত হয়।

অঘোষবর্ণ, যথা—ক খ, চ ছ, ট ঠ, ত থ, প ফ, স, ইহারা অঘোষবর্ণ নামে কথিত হয়।

এখানেও প্রশ্নোত্তর পূর্ব্বোক্ত নিয়মে সুবোধ্য।

১০। সন্ধি করিবার জন্য পূর্ব্ব পদের অন্ত্য ব্যঞ্জন বর্ণকে ডানদিকে একটু সরাইয়া এবং তাহা হইতে স্বরবর্ণকে পৃথক করিয়া রাখিবে।

এখানে ইহা সন্ধি-কার্য্যের প্রথম সূচনা।

১১। যদি তেমন উপযুক্ত কারণ থাকে, তবে সেই অস্বর ব্যঞ্জন বর্ণকে পরাক্ষরে যোগ করিবে। বর্ণ ও কালের ব্যবধান না থাকিলে, এস্থলে

যুত্তেতি কস্মা—অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে, এথ পন যুত্তং ন হোতি।

সন্ধিকপ্পে দুতিযো কণ্ডো।

১। সরা সরে লোপং।

সরা খো সব্বেপি সরে পরে লোপং পপ্পোন্তি।

যস্সিন্দ্রিযানি সমথং গতানি, নো হেতং ভন্তে, সমেতাযস্মা সঙ্ঘেন।

২। বা পরো অসরূপা।

সরম্হা অসরূপা পরো সরো লোপং পপ্পোতি বা।

চত্তারোমে ভিক্খবে ধম্মা, কিন্নুমাব সমণিযো।

বাতি কস্মা? পঞ্চিন্দ্রিযানি, তযস্সু ধম্মা জহিতা ভবন্তি।

উপযুক্ত কারণ বলিয়া জানিতে হইবে। যথা—তত্র+অভিরতিমিচ্ছেয্য=তত্রাভিরতিমিচ্ছেয্য।

প্রশ্ন—'উপযুক্ত কারণ থাকিলে' ইহা কেন বলা হইয়াছে?

উত্তর—"অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে", এস্থলে উপযুক্ত কারণ নহে বলিয়া সন্ধি হইল না।

১। স্বরবর্ণ পরে থাকিলে পূর্ব্বস্বর লোপ হয়। যথা—যসস+ইন্দ্রিযানি =যসসিন্দ্রিযানি, নোহি+এতং=নোহেতং, সমেতু+আযস্মা=সমেতাযস্মা।

২। অসমানরূপ স্বরবর্ণের পর স্বরবর্ণ কচিৎ লোপ হয়। যথা—চত্তারো +ইমে=চত্তারোমে, কিন্নু+ইমাব=কিন্নুমাব।

প্রশ্ন—কচিৎ কেন? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া। যথা—পঞ্চ+ইন্দ্রিযানি=পঞ্চিন্দ্রিযানি, তযো+অস্সু=তযস্সু, এস্থলে পূর্ব্বস্বর লুপ্ত হইয়াছে।

৩। ক্বচাসবণ্ণং লুত্তে।

সরো খো পরো পুব্বসরে লুত্তে ক্বচি অসবণ্ণং পপ্পোতি।
সংখ্যং নোপেতি বেদগু, বন্ধুস্সেব সমাগমো।

ক্বচীতি কস্মা? যস্সিন্দ্রিযানি, তথূপমং ধম্মবরং অদেসযী।

৪। দীঘং।

সরো খো পরো পুব্বসরে লুত্তে ক্বচি দীঘং পপ্পোতি।
সদ্ধীধ বিত্তং পুরিসস্স সেট্ঠং, অনাগারেহি চূভযং।
ক্বচীতি কস্মা? পঞ্চহুপালি অঙ্গেহি সমন্নাগতো, নথঞ্ঞং কিঞ্চি নেত্থ।

৫। পুব্বো চ।

পুব্বো চ সরো পরসরলোপে কতে ক্বচি দীঘং পপ্পোতি।
কিংসূধ বিত্তং পুরিসস্স সেট্ঠং, সাধূতি পটিস্সুণিত্বা।

ক্বচীতি কস্মা? ইতিস্স মুহুত্তম্পি।

৩। অসমানরূপ স্ববর্ণ লুপ্ত হইলে পর স্বর ক্বচিৎ অসবর্ণ প্রাপ্ত হয়, অর্থাৎ ই ঈ স্থানে এ কার এবং উ ঊ স্থানে ও কার হয়। যথা—সংখ্যং+উপেতি=সংখ্যংনোপেতি, বন্ধুস্স+ইব=বন্ধুস্সেব।

প্রশ্ন—ক্বচিৎ কেন? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া। যথা—যস্স+ইন্দ্রিযানি=যস্সিন্দ্রিযানি, তথা+উপমং=তথূপমং।

৪। পূর্ব্বস্বর লুপ্ত হইলে পরস্বর ক্বচিৎ দীর্ঘ হয়। যথা—সদ্ধা+ইধ=সদ্ধীধ, অনাগারেহি চ+উভযং=অনাগারেহিচূভযং।

প্রশ্ন—ক্বচিৎ কেন? উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া। যথা—পঞ্চহি+উপালি=পঞ্চহুপালি, নত্থি+অঞ্ঞং=নথঞ্ঞং, এস্থলে পরস্বর দীর্ঘ হইল না।

৫। পরস্বর লুপ্ত হইলে পূর্ব্বস্বর ক্বচিৎ দীর্ঘ হয়। যথা—কিংসু+ইধ=কিংসূধ, সাধু+ইতি=সাধূতি।

প্রশ্ন—ক্বচিৎ কেন? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া। যথা—ইতি+অস্স=ইতিস্স, এস্থলে পূর্ব্বস্বর দীর্ঘ হইল না।

৬। যামে দন্তম্পাদেসো।

একারস্স অন্তভূতস্স সরে পরে ক্বচি যকারাদেসো হোতি। অধিগতো খো ম্যাযং ধম্মো, ত্যাহং এবং বদেয্যং, ত্যাস্স পহীনা হোন্তি।

ক্বচীতি কস্মা? তেনাগতা, ইতি নেখা।

৭। বমো ত্বদন্তানং।

ওকারুকারানং অন্তভূতানং সরে পরে ক্বচি বকারাদেসো হোতি।

অথখ্বস্স, স্বস্সহোতি, ববহাবাধো, বথ্বেথ বিহিতং নিচ্চং চক্খ্বাপাথমাগচ্ছন্তি।

ক্বচীতি কস্মা? চত্তারোমে ভিক্খবে ধম্মা, কিন্নুমাব সমণিযো।

৮। সব্বো চন্তি।

সব্বো তি ইচ্চেসো তিসদ্দো ব্যঞ্জনো সরে পরে ক্বচি চকারং পপ্পোতি।

৬। স্বরবর্ণ পরে থাকিলে পূর্ব্ব পদের অন্ত্য একারের স্থানে ক্বচিৎ যকার আদেশ হয়। যথা—খোমে+অযং = খোম্যাযং, তে+অহং = ত্যাহং, তে+অস্স = ত্যাস্স।

প্রশ্ন—ক্বচিৎ কেন? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া। যথা—তে+অনাগতা = তেনাগতা, নে+এথ = নেখ, এস্থলে একারের স্থানে যকার আদেশ হইল না।

৭। স্বরবর্ণ পরে থাকিলে পূর্ব্ব পদের অন্ত্য ওকার এবং উকারের স্থানে ক্বচিৎ বকার আদেশ হয়। যথা—অথখো+অস্স = অথখ্বস্স, সো+অস্স = স্বস্স, বহু+আবাধো = ববহাবাধো, বথু+এথ = বথ্বেথ, চক্খু+আপাথং = চক্খ্বাপাথং।

প্রশ্ন—ক্বচিৎ কেন? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয়না বলিয়া। যথা—চত্তারো+ইমে—চত্তারোমে, কিন্নু+ইমাবসমণিযো = কিন্নুমাবসমণিযো, এস্থলে ওকার এবং উকারের স্থানে বকার আদেশ হইল না।

৮। স্বরবর্ণ পরে থাকিলে পূর্ব্ব 'তি' শব্দের স্থানে ক্বচিৎ চ কার হয়। যথা—ইতি+এতং = ইচ্চেতং, ইতি+অস্স = ইচ্চস্স, পতি+উত্তরিত্বা =

ইচ্চেতং কুসলং, ইচ্চস্স বচনীযং, পচ্চুত্তরিত্বা, পচ্চাহরতি।

ক্বচীতি কস্মা ? ইতিস্সমুহুত্তম্পি।

৯। দো ধস্স চ।

ধ ইচ্চেতস্স সরে পরে ক্বচি দকারাদেসো হোতি। একদা মিদাহং ভিক্খবে সমযং।

ক্বচীতি কস্মা ? ইধেব মরণং ভবিস্সতি, চসদ্দগ্গহণেন ধকারস্স হকারাদেসো হোতি—সাহুদস্সন মরিযানং।

সুত্ত বিভাগেন বহুধাপি সিযা :—তো দস্স; যথা, সুগতো। টো তস্স; যথা, দুক্কটং। ধো তস্স; যথা, গন্ধব্বো। ত্রো ত্তস্স; যথা, অত্রজো। কো গস্স; যথা, কুলূপকো। লো রস্স; যথা, মহাসালো। জো যস্স; যথা, গবজো। বো বস্স; যথা, কুব্বতো। কো যস্স; যথা, সকে। যো জস্স; যথা, নিযং পুত্তং। কো তস্স; যথা, নিযকো। চো তস্স; যথা, ভচ্চো। ফো পস্স; যথা, নিপ্ফত্তি। ইচ্চেবমাদযো।

পচ্চুত্তরিত্বা, পতি + অহরতি = পচ্চাহরতি। উক্ত উদাহরণে "পরদ্বেভাবো-ঠানে" এই সূত্রানুসারে চকারের দ্বিত্ব হইয়াছে।

প্রশ্ন—ক্বচিং কেন ? উক্ত নিয়ম নিত্য হয়না বলিয়া। যথা—ইতি + অস্স = ইতিস্স, এস্থলে তিশব্দের স্থানে চকার হইল না।

৯। স্বরবর্ণ পরে থাকিলে ধকারের স্থানে ক্বচিং দকার আদেশ হয়। যথা—ইধ + অহং = ইদাহং, এস্থলে "দীঘং" এই সূত্রানুসারে পর স্বর দীর্ঘ হইয়াছে।

প্রশ্ন—ক্বচিং কেন ? উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া। যথা—ইধ + এব = ইধেব। বক্ষ্যমান সূত্রের সমুচ্চয়ার্থবাচক চকারের যোগে,—ধকারের স্থানে হকার আদেশ হয়। যথা—সাধু + দস্সনমরিয়ানং = সাহুদস্সনমরিযানং। বর্ত্তমান সূত্রকে নানা প্রকারে বিভাগ করা যায় :—তো দস্স—দকারের স্থানে তকার আদেশ হয়, যথা—সুগদো, সুগতো।

টো তস্স—তকারের স্থানে টকার আদেশ হয়, যথা—দুক্কতং, দুক্কটং।
এইরূপ ধো তস্স—তকারের স্থানে ধকার আদেশ হয়, যথা—গন্ধব্বো।
ত্রো ত্তস্স—ত্তকারের স্থানে ত্র কার আদেশ হয়, যথা—অত্রজো।
কো গস্স—গকারের স্থানে ককার আদেশ হয়, যথা—কুলূপকো।

১০। ইবণ্ণো যন্নবা।

পুব্বো ইবণ্ণো সরে পরে যকারং পপ্পোতি নবা। পটিসন্থার বুত্যস্স, সব্ববিত্যনুভূযতে।

নবাতি কস্মা ? পঞ্চহঙ্গেহি সমন্নাগতো, মুত্তচাগী অনুদ্ধতো।

১১। এবাদিস্স রি পুব্বো চ রস্সো।

সরমহা পরস্স এবস্স একারস্স আদিস্স রিকারো হোতি পুব্বো চ সরো রস্সো হোতি নবা।

যথরীব বসুধাতলঞ্চ সব্বং তথরিব গুণবা সুপূজনীযো।

নবাতি কস্মা ? যথা এব, তথা এব।

লো রস্স—রকারের স্থানে লকার আদেশ হয়, যথা—মহাসালো।

জো যস্স—যকারের স্থানে জকার আদেশ হয়, যথা—গবজো।

ৰো বস্স—বকারের স্থানে ৰকার আদেশ হয়, যথা—কুৰ্বতো।

কো যস্স—যকারের স্থানে ককার আদেশ হয়, যথা—সকে।

যো জস্স—জকারের স্থানে যকার আদেশ হয়, যথা—নিযং পুত্তং।

কো তস্স—তকারের স্থানে ককার আদেশ হয়, যথা—নিযকো।

চো তস্স—তকারের স্থানে চকার আদেশ হয়, যথা—ভচ্চো।

ফো পস্স—পকারের স্থানে ফকার আদেশ হয়, যথা—নিপ্ফত্তি।

১০। স্বর বর্ণ পরে থাকিলে ইকার কিম্বা ঈকারেরস্থানে কচিৎ যকার আদেশ হয়, যথা—পটিসন্থারবুত্তি + অস্স = পটিসন্থারবুত্যস্স, এস্থলে "ব্যঞ্জনো চ বিসঞ্ঞোগো" এই সূত্রের সমুচ্চয়ার্থবাচক চকার যোগে তকারদ্বয়ের মধ্যে তকার একটী লুপ্ত হইয়াছে। সব্ববিত্তি + অনুভূযতে = সব্ববিত্যনুভূযতে, এস্থলেও উক্তনিয়ম।

প্রশ্ন—কচিৎ কেন ? সর্ব্বত্র উক্ত নিয়ম হয় না বলিয়া। যথা—পঞ্চহি + অঙ্গেহি = পঞ্চহঙ্গেহি, মুত্তচাগী + অনুদ্ধতো = মুত্তচাগী অনুদ্ধতো।

১১। স্বর বর্ণের পর 'এব' শব্দের আদ্য এ কারের স্থানে কচিৎ রিকার আদেশ হয় এবং পূর্ব্ব স্বর কচিৎ হ্রস্ব হয়। যথা—যথা + এব = যথরিব, তথা + এব = তথরিব।

প্রশ্ন—কচিৎ কেন ? সর্ব্বত্র উক্ত নিয়ম হয় না বলিয়া। যথা—যথা + এব = যথাএব, তথা + এব = তথাএব।

সন্ধিকপ্পেপতিযো কণ্ডো।

১। সরা পকতি ব্যঞ্জনে।

সরা খো ব্যঞ্জনে পরে পকতি রূপা হোন্তি। মনো পুব্বঙ্গমাধম্মা, পমাদো মচ্চুনো পদং, তিণ্ণো পারগতো অহু।

২। সরে ক্বচি।

সরা খো সরে পরে ক্বচি পকতি রূপা হোন্তি।

কো ইমং পঠবিং বিচেস্সতি।

ক্বচীতি কস্মা? অপ্পস্সুতাযং পুরিসো।

৩। দীঘং।

সরা খো ব্যঞ্জনে পরে ক্বচি দীঘং পপ্পোন্তি।

সম্মাধম্মং বিপস্সতো, এবং গামে মুনীচরে, খন্তী পরমং তপো তিতিক্খা।

ক্বচীতি কস্মা? ইধ মোদতি, পেচ্চ মোদতি, পতিলীযতি, পতিহঞ্ঞতি।

১। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে পূর্ব্বস্বরের প্রকৃত রূপই হয়, অর্থাৎ কোনও ব্যতিক্রম হয়না। যথা—মনো+পুব্বঙ্গমা—মনোপুব্বঙ্গমা, পমাদো+মচ্চুনোপদং—পমাদোমচ্চুনোপদং, তিণ্ণো+পারগতো—তিণ্ণোপারগতো।

২। স্বরবর্ণপরেথাকিলে পূর্ব্বস্বরেরক্বচিৎ প্রকৃতরূপই হয়। যথা—কো+ইমং—কোইমং।

প্রশ্ন—ক্বচিৎ কেন? উত্তর—সর্ব্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া। যথা—অপ্পস্সুতো+অযং—অপ্পস্সুতাযং।

৩। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে পূর্ব্বস্বর ক্বচিৎ দীর্ঘ হয়। যথা—সম্ম+ধম্মং—সম্মাধম্মং, মুনি+চরে—মুনীচরে, খন্তি+পরমং—খন্তীপরমং।

প্রশ্ন—ক্বচিৎ কেন? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয়না বলিয়া। যথা—ইধ+মোদতি—ইধমোদতি, পেচ্চ+মোদতি—পেচ্চমোদতি, পতি+লীযতি—পতিলীযতি, পতি+হঞ্ঞতি—পতিহঞ্ঞতি।

৪। রস্সং।

সরা খো ব্যঞ্জনে পরে কচি রস্সং পপ্পোন্তি।

ভোবাদি নাম সোহোতি, যথা ভাবি গুণেন সো।

কচীতি কস্মা? সম্মা সমাধি, সাবিত্তী ছন্দসো মুখং, উপনীযতি জীবিতমপ্পমাযু।

৫। লোপঞ্চ তত্রাকারো।

সরা খো ব্যঞ্জনে পরে কচি লোপং পপ্পোন্তি, তত্র চ লোপে কতে অকারাগমো হোতি।

সসীলবা, সপঞ্ঞবা, এস ধম্মো সনন্তনো, সবে কাসাবমরহতি, সমানকামোপি ভবেয্য, সবে মুনি জাতিভযং অদস্সী।

কচীতি কস্মা? সো মুনি, তেন সো মুনি, এসো ধম্মো পদিস্সতি, নসো কাসাবমরহতি।

৬। পরদ্বেভাবো ঠানে।

সরম্হা পরস্স ব্যঞ্জনস্স দ্বেভাবো হোতি ঠানে।

৪। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে পূর্ব্বস্বর কচিৎ হ্রস্ব হয়। যথা—ভোবাদী+ নামসো=ভোবাদিনামসো, যথাভাবী+গুণেন সো=যথাভাবিগুণেন সো।

প্রশ্ন—কচিৎ কেন? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয়না বলিয়া। যথা—সম্মা+সমাধি=সম্মাসমাধি, সাবিত্তী+ছন্দসো মুখং=সাবিত্তীছন্দসোমুখং, উপনীযতি+জীবিতমপ্পমাযু=উপনীযতি জীবিত মপ্পমাযু।

৫। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে পূর্ব্বস্বর কচিৎ লোপ হয় এবং সেই লুপ্ত স্বরের স্থানে অকার আগম হয়। যথা—সো+সীলবা=সসীলবা, সো+ পঞ্ঞবা=সপঞ্ঞবা, এসো+ধম্মো=এসধম্মো, সো+বে কাসাবমরহতি= সবেকাসাবমরহতি, সো+মানকামো=সমানকামো, সো+বে মুনি=সবেমুনি।

প্রশ্ন—কচিৎ কেন? উত্তর—সর্ব্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া। যথা—সো+মুনি=সোমুনি, এসো+ধম্মো=এসোধম্মো, ন সো+কাসাবমরহতি= ন সোকাসাবমরহতি।

৬। উপযুক্ত কারণ থাকিলে স্বরবর্ণের পর ব্যঞ্জন বর্ণের দ্বিত্ব হয়। যথা—ইধ+পমাদো=ইধপ্পমাদো, প+বজ্জং=পব্বজ্জং, চাতু+দসী=চাতুদ্দসী, অভি+কন্তরো=অভিক্কন্ততরো।

ইধপ্পমাদো পুরিসস্স জন্তুনো, পব্বজ্জং কিত্তযিস্সামি। চাতুদ্দসী পঞ্চদসী অভিক্কন্ততরো চ পণীততরো চ।

ঠানেতি কস্মা? ইধ মোদতি পেচ্চ মোদতি।

৭। বগ্গে ঘোসাঘোসানং ততিয পঠমা।

বগ্গে খো পুব্বেসং ব্যঞ্জনানং ঘোসাঘোসভূতানং সরম্হা যথা সঙ্খ্যং ততিয পঠমক্খরা দ্বেভাবং গচ্ছন্তি ঠানে।

এসোবত চ জ্ঝানফলো, যত্রট্ঠিতং নপ্পসহেয্য মচ্চু, সেলে যথা পব্বতমুদ্ধনিট্ঠিতো, চত্তারি ট্ঠানানি নরো পমত্তো।

ঠানেতি কস্মা? ইধচেতসো দল্হং গণ্হাতি থামসা।

প্রশ্ন—'উপযুক্ত কারণ থাকিলে' এইরূপ কেন বলা হইয়াছে? উত্তর—বর্ণ বা কালের ব্যবধান থাকিলে দ্বিত্ব হয় না, বর্ণ বা কালের ব্যবধান রহিত অতি আসন্ন স্থানেই দ্বিত্ব হয়। যথা—ইধ+মোদতি=ইধমোদতি, পেচ্চ+মোদতি=পেচ্চমোদতি, এখানে দ্বিত্ব হইল না। এই সূত্রে পরস্পর সদৃশ ব্যঞ্জন বর্ণদ্বয়ের দ্বিত্ব সম্বন্ধে উক্ত হইয়াছে।

৭। বর্গীয় চতুর্থ ঘোষ বর্ণ ও দ্বিতীয় অঘোষ বর্ণের সহিত সেই বর্গীয় তৃতীয় ঘোষ বর্ণ ও প্রথম অঘোষ বর্ণ যথাক্রমে দ্বিত্ব হয়, অর্থাৎ উপযুক্ত কারণ থাকিলে, প্রত্যেক বর্গের চতুর্থ ঘোষ বর্ণের সহিত সেই বর্গের তৃতীয় ঘোষ বর্ণ দ্বিত্ব হয় এবং দ্বিতীয় অঘোষ বর্ণের সহিত সেই বর্গের প্রথম অঘোষ বর্ণ দ্বিত্ব হয়। যথা—এসো বত+ঝানফলো=এসো বতজ্ঝানফলো, যত্র+ঠিতং=যত্রট্ঠিতং, পব্বতমুদ্ধনি+ঠিতো=পব্বতমুদ্ধনিট্ঠিতো, চত্তারি+ঠানানি=চত্তারিট্ঠানানি।

প্রশ্ন—'উপযুক্ত কারণ থাকিলে' এইরূপ কেন বলা হইয়াছে?

উত্তর—বর্ণ বা কালের ব্যবধান থাকিলে দ্বিত্ব হয়না। যথা—ইধ+চেতসো=ইধ চেতসো। এইসূত্রে পরস্পর অসদৃশ ব্যঞ্জনবর্ণদ্বয়ের দ্বিত্ব সম্বন্ধে উক্ত হইয়াছে।

সন্ধিকপ্পে চতুত্থো কণ্ডো।

১। অং ব্যঞ্জনে নিগ্গহীতং।

নিগ্গহীতং খো ব্যঞ্জনে পরে অং ইতি হোতি।

এবং বুত্তে তং সাধূতি পটিস্সুণিত্বা।

২। বগ্গন্তং বা বগ্গে।

বগ্গভূতে ব্যঞ্জনে পরে নিগ্গহীতং খো বগ্গন্তংবাপপ্পোতি। তন্নিব্বুতং, ধম্মঞ্চরে সুচরিতং, চিরম্পবাসিং পুরিসং, সন্তন্তস্স মনং হোতি, তঙ্কারুণিকং, এবঙ্খো ভিক্খবে সিক্খিতব্বং।

বাগ্গহণেন নিগ্গহীতং খো লকারাদেসো হোতি—পুগ্গলং।

বাতি কস্মা? ন তং কম্মং কতং সাধু।

৩। এহেঞং।

একারে হকারে চ পরে নিগ্গহীতং খো ঞকারং পপ্পোতি বা। পচ্চত্তঞ্ঞেব পরিনিব্বাযিস্সামি, তঞ্ঞেবেত্থ পটিপুচ্ছিস্সামি, এবঞ্হি বো ভিক্খবে সিক্খিতব্বং, তঞ্হি তস্স মুসা হোতি।

বাতি কস্মা? এবমেতং অভিঞ্ঞায, এবং হোতি সুভাসিতং।

১। ব্যঞ্জন বর্ণ পরে থাকলে নিগৃহীত স্থানে অং আদেশ হয়, অর্থাৎ বর্গীয় ব্যঞ্জন বর্ণ ভিন্ন অন্য ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে অনুস্বারের স্থানে অনুস্বারই থাকে ইহার কোনও পরিবর্ত্তন হয় না, যথা—এবং+বুত্তে=এবংবুত্তে, তং+সাধু=তংসাধু।

২। বর্গীয় ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে অনুস্বারের স্থানে বিকল্পে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা—তং+নিব্বুতং=তন্নিব্বুতং, ধম্মং+চরে=ধম্মঞ্চরে, চিরং+পবাসিং=চিরম্পবাসিং, সন্তং—তস্স=সন্তন্তস্স, তং+কারুণিকং=তঙ্কারুণিকং এবং+খো=এবঙ্খো।

এই সূত্রের 'বা' এই পদের যোগে অনুস্বারের স্থানে ল আদেশ হয়। যথা=পুগ্গ+অং=পুগ্গলং।

এই সূত্রের 'বা' এই পদের দরকার কেন? সর্ব্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া, যেমন—নতং+কম্মং=নতংকম্মং, এস্থলে উক্ত নিয়মে সন্ধি হইল না।

৩। একার এবং হকার পরে থাকিলে অনুস্বারের স্থানে বিকল্পে ঞ আদেশ হয়। যথা—পচ্চত্তং+এব=পচ্চত্তঞ্ঞেব, তং+এব=তঞ্ঞেব,

৪। স যে চ।

নিগ্গহীতং খো যকারে পরে সহ যকারেন ঞকারং পপ্পোতি বা। সঞ্ঞোগো, সঞ্ঞুত্তং।

বাতিকস্মা? সংযোগো, সংযুত্তং।

৫। মদাসরে।

নিগ্গহীতং খো সরে পরে মকারদকারাদেসা হোন্তি বা। তমহং ব্রুমি ব্রাহ্মণং এতদবোচ সত্থা।

বাতি কস্মা? অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে।

৬। যবমদনতরলা চাগমা।

সরে পরে যকারো বকারো মকারো দকারো নকারো তকারো রকারো লকারো ইমে আগমা হোন্তি বা।

ইত্যাদি স্থলে "পরদ্বেভাবোঠানে" এই সূত্রানুসারে ঞ দ্বিত্ব হইয়াছে। এবং + হি = এবঞ্হি, তং + হি = তঞ্হি।

বিকল্পে কেন? সর্ব্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া; যথা—এবং + এতং = এবমেতং, এবং + হোতি = এবংহোতি।

৪। যকার পরে থাকিলে সেই যকারসহ অনুস্বারের স্থানে বিকল্পে ঞ আদেশ হয়। যথা – সং + যোগো = সঞ্ঞোগো, সং + যুত্তং = সঞ্ঞুত্তং এস্থলে "পরদ্বেভাবোঠানে" এই সূত্রানুসারে ঞ দ্বিত্ব হইয়াছে। বিকল্পে কেন? সর্ব্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া; সং + যোগো = সংযোগো, সং + যুত্তং = সংযুত্তং।

৫। স্বরবর্ণ পরে থাকিলে অনুস্বারের স্থানে বিকল্পে ম এবং দ কার আদেশ হয়। যথা—তং + অহং = তমহং, এতং + অবোচ = এতদবোচ। বিকল্পে কেন? সর্ব্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া; যথা—অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে।

৬। স্বরবর্ণ পরে থাকিলে য, ব, ম, দ, ন, ত, র এবং ল ইহারা আগম হয় বিকল্পে। যথা—ন + ইমস্স = নযিমস্স, যথা + ইদং = যথাযিদং, ভস্তা + উদিকৃখতি = ভস্তাবুদিকৃখতি, লহু + এস্সতি = লহুমেস্সতি, গরু + এস্সতি = গরুমেস্সতি, কসা + ইব = কসামিব, সম্মা + অঞ্ঞা = সম্মদঞ্ঞা, মনসা + অঞ্ঞা = মনসাদঞ্ঞা।

নযিমস্স বিজ্জা, যথাযিদং চিত্তং, মিগীভন্তাবুদিক্খতি, সিত্তাতে লহুমেস্সতি, অসিত্তাতে গরু মেস্সতি, অস্সো ভদ্রো কসামিব, সম্ম দঞ্ঞা বিমুত্তানং, মনসাদঞ্ঞা বিমুত্তানং, অত্তদত্থমভিঞ্ঞায, চিরন্নাযতি, ইতোনাযতি, যস্মাতিহ ভিক্খবে, তস্মাতিহ ভিক্খবে, অজ্জতগ্গে পাণুপেতং, সব্ভিরেব সমাসেথ, আরগ্গেরিব সাসপো, সাসপোরিব আরগ্গে, ছল্ভিঞ্ঞা, সল্াযতনং।

বাতি কস্মা ? এবং মহিদ্ধিযা এসা, অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে, অজ্জেয্যো—অনুগামিযো।

চসদ্দগ্গহণেন ইহেব মকারস্স পকারো হোতি। যথা, চিরপ্পবাসিং পুরিসং। ককারস্স চ দকারো হোতি, সদত্থপসুতো সিযা। দকারস্স চ তকারো হোতি, সুগতো।

৭। ক্বচি ও ব্যঞ্জনে।

ব্যঞ্জনে পরে ক্বচি ওকারাগমো হোতি।

অতিপ্পগো খো তাব সাবত্থিযং পিণ্ডায চরিতুং, পরো সহস্সং ভিক্খুসতং।

ক্বচীতি কস্মা ? এথ পস্সথিমং লোকং, অন্ধভূতো অযং লোকো।

অত্ত + অত্থং = অত্তদত্থং, চিরং + আযতি = চিরন্নাযতি, ইতো + আযতি = ইতোনাযতি, যস্মা + ইহ = যস্মাতিহ, তস্মা + ইহ = তস্মাতিহ, অজ্জ + অগ্গে = অজ্জতগ্গে, সব্ভি + এব = সব্ভিরেব, আরগ্গে + ইব = আরগ্গেরিব, সাসপো + ইব = সাসপোরিব, ছ + অভিঞ্ঞা = ছল্ভিঞ্ঞা, ছ + আযতনং = সল্াযতনং।

বিকল্পে কেন ? সর্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া ; যথা—এবং মহিদ্ধিযা এসা, অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে, অজ্জেয্যো অনুগামিযো।

এই সূত্রের চকার যোগে—মকার স্থানে পকার, ককার স্থানে দকার এবং দকার স্থানে তকার আদেশ হয়। যথা—চিরং + পবাসিং = চিরপ্পবাসিং সক + অত্থপসুতো = সদত্থপসুতো, সুগদ + ও = সুগতো।

৭। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে ক্বচিৎ ওকার আগম হয়। যথা—অতিপ্প + খো তাব = অতিপ্পগো খো তাব, এস্থলে খ ব্যঞ্জন বর্ণ পরে থাকাতে

৮। নিগ্গহীতঞ্চ।

নিগ্গহীতঞ্চ আগমো হোতি সরে বা ব্যঞ্জনে বা পরে ক্বচি। চক্খুং উদপাদি, অবংসিরো, যাবঞ্চিধ ভিক্খবে, পুরিমংজাতি অণুংথূলানি সব্বসো, মনো পুব্বঙ্গমা ধম্মা।

ক্বচীতি কস্মা? ইধেব নং পসংসন্তি, পেচ্চসগ্গে চ মোদতি, নহি এতে হি যানেহি গচ্ছেয্য অগতং দিসং।

চ সদ্দগ্গহণেন বিসদ্দস্স চ পকারো হোতি—পচেস্সতি, বিচেস্সতি বা।

৯। ক্বচি লোপং।

নিগ্গহীতং খো সরে পরে ক্বচি লোপং পপ্পোতি।

তাসাহং সন্তিকে, বিদূনগ্গমিতি।

ক্বচীতি কস্মা? অহমেব নূনবালো, এতদত্থং বিদিত্বা।

ও কার আগম হইয়াছে এবং পূর্ব্বোক্ত ষষ্ঠ সূত্রের চকার যোগে সেই আগম 'ও' স্বরবর্ণ পরে থাকাতে পুনঃ গকার আগম হইয়াছে। পর+ সহস্‌সং = পরোসহস্‌সং।

ক্বচিৎ কেন? সর্ব্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া; যথা—এথ পস্‌সথিমং লোকং, অন্ধভূতো অযং লোকো।

৮। স্বরবর্ণ কিম্বা ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে ক্বচিৎ অনুস্বার আগম হয়। যথা—চক্‌খু+উদপাদি = চক্খুংউদপাদি. অব+সিরো = অবংসিরো, যাব+চিধ = যাবঞ্চিধ. পুরিম+জাতি = পুরিমংজাতি, অণু+থূলানি = অণুং-থূলানি, মনোপুব্ব+গমা = মনোপুব্বঙ্গমা। ক্বচিৎ কেন? সর্ব্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া; যথা—ইধেব নং পসংসন্তি পেচ্চ সগ্‌গে চ মোদতি, নহি এতেহি যানেহি গচ্ছেয্য অগতং দিসং।

সূত্রের চ কার যোগে 'বি' শব্দের স্থানে পকার আদেশ হয়, যথা—পচেস্‌সতি, বিচেস্‌সতি বা।

৯। স্বরবর্ণ পরে থাকিলে ক্বচিৎ অনুস্বার লোপ হয়। যথা—তাসং+ অহং = তাসাহং, এস্থলে "দীঘং" এই সূত্রানুসারে অকার দীর্ঘ হইয়াছে; বিদূনং+অগ্গং = বিদূনগ্গং।

১০। ব্যঞ্জনে চ।

নিগ্গহীতং খো ব্যঞ্জনে পরে ক্বচি লোপং পপ্পোতি।

অরিয়সচ্চান দস্সনং, এতং বুদ্ধানসাসনং।

কচীতি কস্মা? এতং মঙ্গলমুত্তমং, তং বো বদামি ভদ্দন্তে।

১১। পরো বা সরো।

নিগ্গহীতমহা পরো সরো লোপং পপ্পোতি বা।

অভিনন্দুন্তি সুভাসিতং, উত্তত্তং'ব, যথা বীজং' ব ধঞ্ঞং।

বাতি কস্মা? অহমেব নূনবালো, এতদহোসি।

১২। ব্যঞ্জনো চ বিসঞ্ঞোগো।

নিগ্গহীতমহা পরস্মিং সরেলুত্তে যদি ব্যঞ্জনো সঞ্ঞোগো বিসঞ্ঞোগো হোতি।

এবংস তে আসবা, পুপ্ফং সা উপ্পজ্জি।

ক্বচিৎ কেন? সর্ব্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া; যেমন—অহমেব নূনবালো, এতদথং বিদিত্বা।

১০। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে ক্বচিৎ অনুস্বার লোপ হয়। যথা—অরিয়সচ্চানং+দস্সনং=অরিয়সচ্চানদস্সনং, বুদ্ধানং+সাসনং=বুদ্ধানসাসনং।

ক্বচিৎ কেন? সর্ব্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া; যেমন—এতংমঙ্গলমুত্তমং, তং বো বদামি ভদ্দন্তে।

১১। অনুস্বারের পরস্বর বিকল্পে লুপ্ত হয়। যথা—অভিনন্দুং+ইতি=অভিনন্দুন্তি, উত্তত্তং+ইব=উত্তত্তংব, বীজং+ইব=বীজংব। বিকল্পে কেন সর্ব্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া; যেমন—অহমেব নূন বালো, এতদহোসি।

১২। অনুস্বারের পরস্বর লুপ্ত হইলে সংযোগ ব্যঞ্জন বর্ণ বিনষ্ট সংযোগ হয়, অর্থাৎ সংযুক্ত ব্যঞ্জন বর্ণদ্বয়ের পূর্ব্ব ব্যঞ্জনবর্ণ লোপ হয়। যথা—এবং+অস্স=এবংস, পুপ্ফং+অস্সা=পুপ্ফংসা। "পরস্বর লুপ্ত হইলে" ইহা বলিবার কারণ কি? পরস্বর লুপ্ত না হইলে সংযুক্ত ব্যঞ্জনবর্ণদ্বয়ের আদ্য ব্যঞ্জন বর্ণ লুপ্ত হয়না; যথা—এবং+অস্স=এবমস্স, বিদূনং+অগ্গং=বিদূনগ্গং. ইত্যাদিস্থলে সংযুক্ত ব্যঞ্জন বর্ণদ্বয়ের আদ্য ব্যঞ্জন বর্ণ লোপ হয় নাই।

লুত্তেতি কস্মা ? এবমস্স, বিদূনগ্গমিতি। চসদ্দগ্গহণেন তিণ্ণম্পি ব্যঞ্জনানং সরূপানং ক্বচি লোপো হোতি। তং যথা—অগ্যাগারং, বুত্যস্স।

সন্ধিকপ্পে পঞ্চমো কণ্ডো

১। গো সরে পুথস্সাগমো ক্বচি।

পুথ ইচ্চেতস্স সরে পরে ক্বচি গকারাগমো হোতি, পুথগেব, ক্বচীতি কস্মা ? পুথ এব।

২। পাস্স চন্তো রস্সো।

পা ইচ্চেতস্স সরে পরে ক্বচি গকারাগমো হোতি, অন্তো চ সরো রস্সোহোতি। পগেব বুত্যস্স।

ক্বচীতি কস্মা ? পা এব বুত্যস্স

৩। অব্ভো অভি।

অভি ইচ্চেতস্স সরে পরে অব্ভো আদেসো হোতি। অব্ভুদীরিতং, অব্ভুগ্গচ্ছতি।

এই সূত্রের চকার যোগে সংযুক্ত ব্যঞ্জন বর্ণত্রয়ের আদ্য ব্যঞ্জন বর্ণ ক্বচিৎ লোপ হয়। যথা—অগ্‌গি + অগারং = অগ্যাগারং, বুত্তি + অস্‌স = বুত্যস্‌স।

১। স্বরবর্ণ পরে থাকিলে পুথ শব্দের অন্তে ক্বচিৎ গকার আগম হয়। যথা—পুথ + এব = পুথগেব, পুথএব বা।

২। স্বরবর্ণ পরে থাকিলে পা এই নিপাত শব্দের অন্তে ক্বচিৎ গ কার আগম হয় এবং পা এই পদের অন্ত্য স্বর হ্রস্ব হয়। যথা—পা + এব = পগেব, পাএব বা।

৩। স্বরবর্ণ পরে থাকিলে অভি উপসর্গের স্থানে অব্ভো আদেশ হয়। যথা—অভি + উদীরিতং = অব্ভুদীরিতং, অভি + উগ্‌গচ্ছতি অব্ভুগ্গচ্ছতি।

৪। অজ্ঝো অধি।

অধি ইচ্চেতস্স সরে পরে অজ্ঝো আদেসো হোতি। অজ্ঝোকাসো, অজ্ঝগমা।

৫। তে ন বা ইবণ্ণে।

তে চ খো অভি অধি ইচ্চতে ইবণ্ণে পরে অব্ভো অজ্ঝো ইতি বুত্তরূপা ন হোন্তি বা। অভিজ্ঝিতং, অধীরিতং।

বাতি কস্মা? অব্ভীরিতং, অজ্ঝিণমুত্তো।

৬। অতিস্স চন্তস্স।

অতি ইচ্চেতস্স অন্তভূতস্স তিসদ্দস্স ইবণ্ণে পরে "সব্বো চন্তী" তি বুত্তরূপং ন হোতি। অতিসিগণো, অতীরিতং।

ইবণ্ণেতি কস্মা? অচ্চন্তং।

৭ কচি পটি পতিস্স।

পতি ইচ্চেতস্স সরে ব্যঞ্জনে বা পরে কচি পটি আদেসো হোতি। পটগ্গিদাতব্বো, পটিহঞ্ঞতি।

৪। স্বরবর্ণ পরে থাকিলে অধি উপসর্গের স্থানে অজ্ঝো আদেশ হয়। যথা—অধি+ওকাসো = অজ্ঝোকাসো, অধি+অগমা = অজ্ঝগমা।

৫। ই, ঈ পরে থাকিলে অভি ও অধি উপসর্গের স্থানে ক্রমে অব্ভো ও অজ্ঝো আদেশ হয় না বিকল্পে। যথা—অভি+ইজ্ঝিতং = অভিজ্ঝিতং, অধি+ঈরিতং = অধীরিতং।

বিকল্পে কেন? অভি+ঈরিতং = অব্ভীরিতং, অধি+ইণমুত্তো = অজ্ঝিণমুত্তো. ইত্যাদি স্থলে উক্ত প্রকার হইল না।

৬। ই, ঈ পরে থাকিলে অতি উপসর্গের অন্ত্য তি শব্দের স্থানে "সব্বো চন্তি" এই সূত্রানুসারে উক্ত যেই চকার তাহা হয় না। যথা—অতি +ইসিগণো = অতিসিগণো, অতি+ঈরিতং = অতীরিতং।

'ই, ঈ পরে থাকিলে' ইহা বলিবার কারণ কি? অতি+অন্তং = অচ্চন্তং, এ স্থলে "সব্বো চন্তি" সূত্রানুসারে কার্য্য হইয়াছে।

৭। স্বর বা ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে পতি শব্দের স্থানে কচিৎ পটি আদেশ হয়। যথা—পতি+অগগি = পটগ্গি, পতি+হঞ্ঞতি =

ক্বচীতি কস্মা ? পচ্চন্তিমেসু জনপদেসু, পতিলীয়তি, পতিরূপ-দেসবাসো চ।

৮। পুথস্স ব্যঞ্জনে।

পুথ ইচ্চেতস্স অন্তো সরো ব্যঞ্জনে পরে উকারো হোতি। পুথুজ্জনো, পুথুভূতং।

অন্তগ্গহণেন অপুথস্সাপি সরে পরে অন্তসস উকারো হোতি—মনুঞ্ঞং।

৯। ও অবস্স।

অব ইচ্চেতস্স ওকারাদেসো হোতি ক্বচি ব্যঞ্জনে পরে। অন্ধকারেন ওনদ্ধা।

ক্বচীতি কস্মা ? অবসুস্সতু মে সরীরে মংসলোহিতং।

১০। অনুপদিট্ঠানং বুত্তযোগতো।

অনুপদিট্ঠানং উপসগ্গনিপাতানং সরসন্ধীহি ব্যঞ্জনসন্ধীহি বুত্তসন্ধীহি যথাযোগং যোজেতব্বং।

পটিহঞ্ঞতি। ক্বচিৎ কেন ? সর্ব্বত্র উক্ত নিয়ম হয় না বলিয়া; যেমন—পতি+অন্তিমেসু=পচ্চন্তিমেসু, পতি+লীযতি=পতিলীযতি, পতি+রূপদেসবাসো=পতিরূপদেসবাসো।

৮। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে পুথ শব্দের অন্ত্যস্বর অকারের স্থানে উকার হয়। যথা—পুথ+জনো=পুথুজ্জনো. পুথ+ভূতং=পুথুভূতং। পূর্ব্বোক্ত "অতিস্স চান্তস্স" এই সূত্রের অন্ত শব্দের প্রয়োগে স্বরবর্ণ পরে থাকিলে পুথশব্দ ভিন্ন অন্য শব্দেরও অন্ত্যস্বরের স্থানে উকার হয়। যথা—মনো+অঞ্ঞং=মনুঞ্ঞং। এস্থলে মণ্ডুক গতিবশে এই সূত্রের কার্য্য হইয়াছে।

৯। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে অবশব্দের স্থানে ক্বচিৎ ওকার আদেশ হয়। যথা—অব+নদ্ধা=ওনদ্ধা। ক্বচিৎ কেন ? সর্ব্বত্র উক্ত এই নিয়ম হয না বলিয়া; যেমন—অব+সুস্সতু=অবসুস্সতু।

১০। উপসর্গ নিপাতাদির যোগে যে সকল সন্ধি পূর্ব্বে বর্ণিত হয় নাই এখানে পূর্ব্বে উক্ত স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ও নিগৃহীত সন্ধির সূত্রানুসারে যথাযথভাবে তাহাদের সন্ধিকার্য্য দ্রষ্টব্য। যথা—প+আপনং=পাপনং, এস্থলে "সরাসরে লোপং" এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। পরা+অযনং=পরাযনং,

পাপনং, পরাযনং, উপাযনং, উপাহনং, ন্যাযোগো, নিরূপধি, অনুবোধো, দুবূপসন্তং, সুবূপসন্তং, দ্বালযো, স্বালয়ো, দুরাক্খাতং, স্বাক্খাতো, উদীরিতং, সমুদ্দিট্ঠং, বিযগ্গং, বিঅগ্গং, ব্যগ্গং, অবযাগমনং, অন্বেতি, অনুপঘাতো, অনচ্ছরিযো, পরিযেসনা, পরামাসো, এবং সরে চ হোন্তি।

পরিগ্গহো, পগ্গহো, পক্কমো, পরক্কমো, নিক্কমো, নিক্কসাবো, নিল্লযনং, দুল্লযনং, দুত্তিক্খং, দুব্বুত্তং, সন্দিট্ঠং, দুগ্গহো, নিগ্গহো, বিগ্গহো, নিগ্গতং, অভিক্কমো, পটিক্কমো, অতিক্কমো, এবং ব্যঞ্জনে চ হোন্তি—সেসাচ সব্বে যোজেতব্বা।

এস্থলে 'সরাসরে লোপং" এবং "দীঘং" এই দুই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। উপ+অযনং=উপাযনং, এখানেও উক্ত নিয়মে কার্য্য হইয়াছে। উপ+আহণং=উপাহণং, এখানে "সরাসরে লোপং" এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। নি+আযোগো=ন্যাযোগো, এখানে "ইবণ্ণো যং নবা" এই সূত্রানুসারে সন্ধিকার্য্য হইয়াছে।

নি+উপধি=নিরূপধি, এখানে "য ব ম দ ন ত র ল চাগমা" এই সূত্রানুসারে হইয়াছে। অনু+বোধো=অনুবোধো, এখানে সন্ধি 'সরা পকতি ব্যঞ্জনে" এই সূত্রানুসারে হইয়াছে। দু+উপসন্তং=দুব্‌ূপসন্তং, এখানেও উক্ত সূত্রানুসারে বকার আগম এবং ব্যঞ্জন বর্ণ পরে থাকাতে "দীঘং" এই সূত্রানুসারে উকার দীর্ঘ হইয়াছে। এইপ্রকার সু+উপসন্তং=সুবূপসন্তং। দু+আলযো=দ্বালযো, এখানে "বমোদুদন্তানং" এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। তদ্রূপ, সু+আলোযো=স্বালযো। দু+আক্খাতং=দুরাক্খাতং, এখানে পূর্ব্বোক্ত সূত্রানুসারে রকার আগম হইয়াছে। সং+উদ্দিট্ঠং=সমুদ্দিট্ঠং, এখানে "মদা সরে" এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। বি+অগ্গং=বিযগ্গং এখানে পূর্ব্বোক্ত সূত্রানুসারে যকার আগম হইয়াছে বি+অধি+অগ্গং=বিঅগ্গং, এখানে "অজ্ঝো অধি" এবং "সরা সরে লোপং" এই দুই সূত্রানুসারে সন্ধি কার্য্য হইয়াছে। বি+অগ্গ=ব্যগ্গং, এখানে "ইবণ্ণো যং নবা" এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। অব+আগমনং=অবযাগমনং, এখানে পূর্ব্বোক্ত সূত্রানুসারে যকার আগমন হইয়াছে। অনু+

নাম

১। জিনবচন যুত্তংহি।

জিন বচন যুত্তংহি ইচ্চেতং অধিকারত্থং বেদিতব্বং।

২। লিঙ্গঞ্চ নিপচ্চতে।

যথা যথা জিনবচনযুত্তং হি লিঙ্গং তথা তথা ইধ লিঙ্গঞ্চ নিপচ্চতে।

তং যথা—এসো নো সত্থা, ব্রহ্মা, অত্তা, সখা, রাজা।

এতি—অন্বেতি, এখানে "বমোদুদন্তানং" এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। অনু+উপঘাতো=অনূপঘাতো, এখানে "সরা সরে লোপং" এবং "দীঘং" এই সূত্রদ্বয়ানুসারে কার্য্য হইয়াছে। অন+আচ্ছরিযো=অনচ্ছরিযো, এখানে "রস্সং" এই সূত্রানুসারে হইয়াছে। অথবা অনু+অচ্ছরিযো=অনচ্ছরিযো, এখানে "সরা সরে লোপং" এই সূত্রানুসারে হইয়াছে। পরি+এসনা=পরিযেসনা, এখানে পূর্ব্বোক্ত সূত্রানুসারে যকার আগম হইয়াছে। পরা+আমাসো—পরামাসো, এখানে "সরা সরে লোপং" এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। পরি+গহো—পরিগ্গহো এখানে "পরদ্বেভাবোঠানে" এই সূত্রানুসারে সন্ধি কার্য্য হইয়াছে। তদ্রূপ, প+গহো—পগ্গহো। প+কমো—পক্কমো। পর+কমো—পরক্কমো। নি+কসাবো—নিক্কসাবো। দু+লযনং—দুল্লযনং। দু+ভিক্খং=দুব্ভিক্খং, এখানে "বগ্গে ঘোসাঘোসানং ততিয-পঠমা" এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। দু+বুত্তং=দুব্বুত্তং, এখানে "পরদ্বেভাবোঠানে" এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। সং+দিট্ঠং=সন্দিট্ঠং, এখানে "বগ্গন্তং বা বগ্গে" এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। দু+গহো=দুগ্গহো; নি+গহো=নিগ্গহো, ইত্যাদি স্থলে "পরদ্বে ভাবোঠানে" এই সূত্রানুসারে সন্ধি কার্য্য হইয়াছে। "অভিক্কম-পটিক্কমাদীনি" সন্ধিগুলিও উক্ত নিয়মে দ্রষ্টব্য।

১। জিন বচন-যুক্ত অর্থাৎ বুদ্ধ-বাক্য ত্রিপিটক শাস্ত্রেরপালি ভাষানুযায়ী, "জিন বচন যুত্তংহি" এই সূত্রটি নিম্নে প্রত্যেক সূত্রের সহিত সম্বন্ধ রাখিয়া, সূত্রগুলির কার্য্য করিতে হইবে।

৩। ততো চ বিভত্তিযো।

ততো জিনবচনযুত্তেহি লিঙ্গেহি বিভত্তিযো হোন্তি॥

৪। সি যো, অং যো, না হি, স নং, স্মা হি, স নং, স্মিং সু।
কা চ পন তা বিভত্তিযো?

সি, যো ইতি পঠমা, অং, যো ইতি দুতিযা, না, হি ইতি ততিযা, স, নং ইতি চতুত্থী, স্মা, হি ইতি পঞ্চমী, স, নং ইতি ছট্ঠী, স্মিং, সু ইতি সত্তমী।

বিভত্তি ইচ্চানেন কত্থো? 'অম্হস্স মমং স বিভত্তিস্স সে'।

৫। তদনুপরোধেন।

যথা যথা তেসং জিনবচনানং অনুপরোধেন তথা তথা ইধ লিঙ্গঞ্চ নিপ্পজ্জতে।

২। ধাতু, প্রত্যয় ও বিভক্তি-বর্জ্জিত এবং অর্থ-যুক্ত শব্দকে—লিঙ্গ বলে। জিনবচন যোগ্য লিঙ্গ এস্থলে নিষ্পন্ন করা হইতেছে। যথা—এসো নো সখা, ব্রহ্মা, অত্তা, সখা, রাজা।

৩। সেই জিন বচন যুক্ত লিঙ্গের পর যথা-যোগ্য বিভক্তি সকল যোগ হয়। সূত্রের "চ"কার যোগে বিভক্তি গুলির একবচন ও বহুবচন এবং প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী 'সংজ্ঞা' হয়।

৪। সি, যো, অং, যো, না, হি, স, নং, স্মা, হি, স, নং স্মিং, সু ইহারা বিভক্তি।

বিভক্তি	একবচন	বহুবচন
প্রথমা	সি	যো
দ্বিতীয়া	অং	যো
তৃতীয়া	না	হি
চতুর্থী	স	নং
পঞ্চমী	স্মা	হি
ষষ্ঠী	স	নং
সপ্তমী	স্মিং	সু

৫। যেই যেই প্রকারে লিঙ্গের, (নামের) রূপসিদ্ধি নিষ্পন্ন করা হইলে

৬। আলপনে সি গসঞ্ঞো।

আলপনত্থে সি গসঞ্ঞো হোতি।

ভোতি অয্যো, ভোতি কঞ্ঞে, ভোতি খরাদিযে।

আলপনেতি কিমত্থং? সা অয্যা। সীতি কিমত্থং? ভোতিযো অয্যাযো। গ ইচ্চনেন ক্বত্থো? ঘতেচ।

৭। ইবণ্ণুবণ্ণাঝলা।

ই বণ্ণুবণ্ণা ইচ্চেতে ঝ ল সঞ্ঞা হোন্তি যথা সঙ্খ্যং। ইসিনো অগ্গিনো, গহপতিনো, দণ্ডিনো, সেতুনো, কেতুনো, ভিক্খুনো, সযম্ভুনো, অভিভুনো।

ঝ ল ইচ্চনেন ক্বত্থো? ঝলতো সস্স নো বা।

৮। তে ইত্থিখ্যা পো।

তে ইবণ্ণুবণ্ণা যদা ইত্থিখ্যা তদা প সঞ্ঞা হোন্তি। রত্তিযা ইত্থিযা, ধেনুযা, দেবিযা।

ইত্থিখ্যাতি কিমত্থং? ইসিনা, ভিক্খুনা। প ইচ্চনেন ক্বত্থো? পতো যা।

ত্রিন বচনের অযোগ্য হয় না, এস্থলে সেই সেই প্রকার লিঙ্গের রূপ-সিদ্ধি নিষ্পন্ন করা যাইতেছে। এস্থলে লিঙ্গ-শব্দের অর্থ নাম বা শব্দ। তাহা পূর্ব্বে উক্ত হইয়াছে।

৬। আলপনে (সম্বোধনে) "সি" বিভক্তিকে "গ" বিভক্তি নামে অভিহিত করা হয়। যথা—ভোতি অয্যো, ভোতি কঞ্ঞে, ভোতি খরাদিযে।

৭। ই, ঈকারান্ত পুংলিঙ্গ শব্দের সাধারণ নাম ঝ, এবং উ, ঊকারান্ত পুংলিঙ্গ শব্দের সাধারণ নাম ল। অর্থাৎ ঝ বলিলে ই, ঈকারান্ত পুংলিঙ্গ শব্দকে এবং ল, বলিলে উ, ঊকারান্ত পুংলিঙ্গ শব্দকেই বুঝিতে হইবে। যথা—ইসিনো, দণ্ডিনো, অগ্গিনো, গহপতিনো, সেতুনো, ভিক্খুনো এবং সযম্ভুনো।

৮। যখন ইবর্ণান্ত এবং উবর্ণান্ত শব্দ স্ত্রীলিঙ্গে আখ্যাত হয়, তখন তাহাদিগকে "প" সংজ্ঞা বলা হয়। অর্থাৎ স্ত্রীলিঙ্গে ই, ঈকারান্ত এবং উ, ঊকারান্ত শব্দের সাধারণ নাম "প"। অথবা "প" বলিতে এস্থলে স্ত্রীলিঙ্গে

৯। আ ঘো।

আকারো যদা ইত্থিখ্যা তদা ঘ সঞ্ঞো হোতি। সদ্ধায, কঞ্ঞায, বীণায, গঙ্গায, দিসায, সালায, মালায, তুলায, দোলায, পভায, সোভায, পঞ্ঞায, করুণায, নাবায, কলপায।

আ ইতি কিমত্থং? রত্তিযা, ইত্থিযা, দেবিযা, ধেনুযা।

ইত্থিখ্যাতি কিমত্থং? সখারা দেসিতো অযং ধম্মো।

ঘ ইচ্চনেন কত্থো? ঘতো নদীনং।

১০। সাগমো সে।

সকারাগমো হোতি সে বিভত্তিম্হি। পুরিসস্স, অগ্গিস্স, ইসিস্স, দণ্ডিস্স, ভিক্খুস্স, সযম্ভুস্স, অভিভুস্স।

সে তি কিমত্থং? পুরিসস্মিং।

১১। সংসাস্বেকবচনেসু চ।

সং সাসু একবচনেসু বিভত্যাদেসেসু সকারাগমো হোতি। এতিস্সং, এতিস্সা, ইমিস্সং, ইমিস্সা, তিস্সং, তিস্সা, তস্সং, তস্সা, যস্সং, যস্সা, অমুস্সং, অমুস্সা।

সংসাস্বীতি কিমত্থং? অগ্গিনা, পাণিনা, দণ্ডিনা।

একবচনেস্বীতি কিমত্থং? তাসং, সব্বাসং।

বিভত্যাদেসেস্বীতি কিমত্থং? মনসা, বচসা, থামসা॥

ইবর্ণান্ত এবং উবর্ণান্ত শব্দকেই বুঝিতে হইবে। যথা—রত্তিযা, ইত্থিযা, বধুযা, ধেনুযা এবং দেবিযা।

৯। আকারান্ত শব্দ যখন স্ত্রীলিঙ্গে আখ্যাত হয়, তখন তাহাকে "ঘ" সংজ্ঞা বলা হয়। অর্থাৎ আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের সাধারণ নাম "ঘ"। অথবা "ঘ" বলিতে এস্থলে আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দকেই বুঝিতে হইবে। যথা—সদ্ধায, কঞ্ঞায, বীণায, গঙ্গায, দিসায, সালায, মালায, তুলায, দোলায, পভায, সোভায, পঞ্ঞায, করুণায, নাবায এবং কলাপায।

১০। "স"বিভক্তি পরে থাকিলে সকার আগম হয়। যথা—পুরিস্স, অগ্গিস্স, দণ্ডিস্স, ইসিস্স, ভিক্খুস্স, সযম্ভুস্স এবং অভিভুস্স।

১১। একবচনে বিভক্তির আদেশ 'সং' এবং 'সা' পরে থাকিলে স'কার আগম হয়। অর্থাৎ একবচনে যেই যেই বিভক্তির স্থানে "সং" এবং "সা"

১২। এতিমাস্মি।

এতা ইমা ইচ্চেতেসমন্তে। সরো ইকারো হোতি সংসাসু একবচনেসু বিভত্তাদেসেসু। এতিস্সং এতিস্সা, ইমিস্সং, ইমিস্সা। সংসাস্বীতি কিমত্থং? এতায, ইমায।

একবচনেস্বীতি কিমত্থং? এতাসং, ইমাসং।

১৩। তস্সা বা।

তস্সা ইত্থিযং বত্তমানস্স অন্তস্স আকারস্স ইকারো হোতি বা সংসাসু একবচনেসু বিভত্তাদেসেসু। তিস্সং, তিস্সা, তস্সং, তস্সা।

আদেশ হয়, সেই সেই বিভক্তির আদেশ ভূত সং এবং সা পরে থাকিলে "স" আগম হয়। যথা—এতিস্সং, এতিস্সা, ইমিস্সং, ইমিস্সা, তিস্সং, তিস্সা তস্সং, তস্সা, যস্সং, যস্সা, অমুস্সং এবং অমুস্সা।

'সং এবং সা, বিভক্তি পরে থাকিলে, ইহা বলিবার কারণ কি? সেই বিভক্তি দুইটি পরে না থাকিলে সকার আগম হইবে না।

যথা—অগ্গিনা, পাণিনা, দণ্ডিনা। এক বচনে ইহা বলিবার কারণ কি? বহুবচনে উক্ত বিভক্তি দুইটা পরে থাকিলে সকার আগম হয় না।

যথা—তাসং, সব্বাসং।

'বিভক্তির আদেশভূত সং এবং সা পরে থাকিলে ইহা বলিবার কারণ কি? সেইরূপ না হইলে সকার আগম হয় না।

যথা—মনসা, বচসা, থামসা।

১২। একবচনে বিভক্তির আদেশভূত সং এবং সা পরে থাকিলে এতা এবং ইমা শব্দের অন্ত্যস্বর আকারের স্থানে ইকার হয়। যথা—এতিস্সং, এতিস্সা, ইমিস্সং, ইমিস্সা।

'সং এবং সা পরে থাকিলে' ইহা বলিবার কারণ কি? তাহা না হইলে এতা এবং ইমা শব্দের অন্ত্যস্বরের স্থানে ইকার হয় না। যথা—এতায, ইমায।

'একবচনে' ইহা বলিবার কারণ কি?

বহুবচনে উক্ত প্রকার হয় না। যথা—এতাসং, ইমাসং।

১৩। এক বচনে বিভক্তির আদেশভূত সং এবং সা পরে থাকিলে স্ত্রীলিঙ্গে তা শব্দের অন্ত্যস্বর আকার স্থানে ইকার হয় বিকল্পে। যথ—তিস্সং, তিস্সা, তসসং, তস্সা।

১৪। ততো সস্স স্সায।

ততো তা এতা ইমাতো সস্স বিভত্তিস্স স্সাযাদেসো হোতি বা। তিস্সায, এতিস্সায, ইমিস্সায। বাতি কিমত্থং? তিস্সা, এতিস্সা, ইমিস্সা।

১৫। ঘো রস্সং।

ঘো রস্সমাপজ্জতে সং সাস্বু একবচনেসু বিভত্তাদেসেসু। তস্সং, তস্সা, যস্সং, যস্সা, সব্বস্সং, সব্বস্সা।

সং সাস্বীতি কিমত্থং? তায, সব্বায।

একবচনেস্বীতি কিমত্থং? তাসং, সব্বাসং॥

১৬। নো চ দ্বাদিতোনম্হি।

দ্বি ইচ্চেবমাদিতো সঙ্খ্যাতো নকারাগমো হোতি নম্হি-বিভত্তিম্হি। দ্বিন্নং, তিন্নং, চতুন্নং, পঞ্চন্নং, ছন্নং, সত্তন্নং, অট্ঠন্নং, নবন্নং, দসন্নং,।

দ্বাদিতোতি কিমত্থং? সহস্সানং। নম্হীতি কিমত্থং? দ্বীসু, তীসু।

চ সদ্দগ্গহণেন স্সঞ্চাগমো হোতি। চতস্সন্নং ইত্থীনং, তিস্সন্নং বেদনানং।

১৪। তা, এতা, এবং ইমা শব্দের উত্তর স বিভক্তির স্থানে 'স্সায' আদেশ হয়, বিকল্পে। যথা—তিস্সায, তিস্সা, এতিস্সায, এতিস্সা, ইমিস্সায, ইমিস্সা।

১৫। এক বচনে বিভক্তির আদেশভূত সং এবং সা পরে থাকিলে স্ত্রীলিঙ্গ আকারান্ত সর্ব্বনাম শব্দের অকার স্থানে আকার হয়। যথা—তস্সং, তস্সা, যস্সং যস্সা, সব্বস্সং, সব্বস্সা। 'সং এবং সা পরে থাকিলে' ইহা বলিবার কারণ কি? তাহা না হইলে উক্ত প্রকার হয় না। যথা—তায, সব্বায। 'এক বচনে' ইহা বলিবার কারণ কি? বহু বচনে তাহা হয় না। যথা—তাসং, সব্বাসং।

১৬। নং বিভক্তি পরে থাকিলে দ্বি প্রভৃতি সংখ্যা বাচক শব্দের উত্তর নকার আগম হয়। যথা—দ্বিন্নং, তিন্নং, চতুন্নং, পঞ্চন্নং, ছন্নং, সত্তন্নং, অট্ঠন্নং, নবন্নং, দসন্নং,।

১৭। অমাপতো স্মিং স্মানং বা।

প ইচ্চেতস্মা স্মিং স্মা ইচ্চেতেসং অং আ আদেসা হোন্তি বা যথাসঙ্খ্যং। মত্যং, মতিযং, মত্যা, মতিযা; নিকত্যং, নিকতিযং, নিকত্যা, নিকতিযা; বিকত্যং, বিকতিযং, বিকত্যা, বিকতিযা, বিরত্যং, বিরতিযং, বিরত্যা, বিরতিযা; রত্যং, রতিযং, রত্যা, রতিযা; পুথব্যং, পুথবিযং, পুথব্যা, পুথবিযা; পবত্যং, পবত্তিযং, পবত্যা, পবতিযা॥

১৮। আদিতো ওচ।

আদি ইচ্চেতস্মা স্মিং বচনস্স অং ও আদেসা হোন্তি বা। আদিং, আদো।

উদুম্বরা অস্মিং পদেসে সন্তীতি—ওদুম্বরো; সগরেহি নিব্বত্তো—সাগরো; সকলমস্স নিবাসো—সাকলো; মধুরা অস্স নিবাসো—মাধুরো; মধুরায় ইস্সরো—মাধুরো, ইত্যাদি।

১০। জাতাদি অর্থে শব্দের উত্তর ইম এবং ইয প্রত্যয় হয়। যথা—পচ্ছাজাতো—পচ্ছিমো; এইরূপ—অন্তিমো, মজ্ঝিমো, পুরিমো, উপরিমো, হেট্ঠিমো, গোপ্ফিমো।

বোধিসত্তস্স জাতিযা জাতো বোধিসত্তজাতিযো। এবং অস্সজাতিযো, হত্থিজাতিযো, মনুস্সজাতিযো।

আদিগ্গহণেন নিযুত্তত্থাদিতোপি তদস্সত্থাদিতোপি ইম, ইয, ইকপ্পচ্চযা হোন্তি।

অন্তে নিযুত্তো অন্তিমো। এবং অন্তিযো, অন্তিকো। পুত্তো অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি পুত্তিমো। এবং পুত্তিযো, পুত্তিকো, কপ্পিমো, কপ্পিযো, কপ্পিকো।

চসদ্দগ্গহণেন কিযপ্পচ্চযো হোতি নিযুত্তত্থে, জাতিযং নিযুত্তো জাতিকিযো, অন্ধে নিযুত্তো অন্ধকিযো, জাতিযা অন্ধো জচ্চন্ধো। জচ্চন্ধে নিযুত্তো জচ্চন্ধকিযো।

১১। সমূহত্থে কণ্ণা।

সমূহত্থে কণ্ ণ ইচ্চেতে পচ্চযা হোন্তি। রাজপুত্তানং সমূহো রাজপুত্তকো, রাজপুত্তো বা, মনুস্সানং সমূহো মানুস্সকো, মানুস্সো বা, মযূরানং সমূহো মাযূরকো, মাযূরো বা, মহিসানং সমূহো মাহিসকো, মাহিসো বা।

বোধিসত্তস্স জাতিযা জাতো—বোধিসত্ত জাতিযো; এইরূপ—অস্স জাতিযো, হত্থি জাতিযো, মনুস্স জাতিযো। সূত্রোক্ত আদি শব্দের যোগে নিযুক্ত অর্থ, এবং ইহা তাহার আছে এরূপ অর্থে ইম, ইয এবং ইক প্রত্যয় হয়। অন্তেনিযুত্তো—অন্তিমো; এইরূপ—অন্তিযো, অন্তিকো পুত্তো অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি—পুত্তিমো; এইরূপ—পুত্তিযো, পুত্তিকো; কপ্পিমো, কপ্পিযো, কপ্পিকো। এই সূত্রোক্ত সমুচ্চয়ার্থ বাচক 'চ' শব্দের যোগে 'নিযুক্ত' অর্থে 'কিয' প্রত্যয় হয়। যথা—জাতিযেং নিযুত্তো—জাতিকিযো, অন্ধে নিযত্তা—অন্ধকিযো, জাতিযা অন্ধো—জচ্চন্ধো, জচ্চন্ধে নিযুত্তো—জচ্চন্ধকিযো।

১১। সমূহ অর্থে শব্দের উত্তর 'কণ্' ও 'ণ' প্রত্যয় হয়। যথা—রাজ পুত্তানং সমূহো এই অর্থে 'রাজ' শব্দের উত্তর কণ্ প্রত্যয় করিলে—রাজপুত্তকো, ণ প্রত্যয় করিলে—রাজপুত্তো; এইরূপ—মনুস্সানং সমূহো—মানুস্সকো, মানুস্সো; মযূরানং সমূহো—মাযূরকো; মাযূরো মহিসানং সমূহো—মাহিসকো, মাহিসো।

১২। গাম-জন-বন্ধু-সহাযাদীহি তা।

গাম, জন, বন্ধু, সহায ইচ্চেবমাদীহি তাপ্পচ্চযো হোতি সমূহত্থে। গামানং সমূহো গামতা, জনানং সমূহো জনতা। বন্ধূনং সমূহো বন্ধুতা, সহাযানং সমূহো সহাযতা, নাগরানং সমূহো নাগরতা।

১৩। তদস্সট্ঠানমীযো চ।

তদস্সট্ঠানমিচ্চেতস্মিং অত্থে ঈযপ্পচ্চযো হোতি। মদনস্স ঠানং মদনীযং, বন্ধনস্স ঠানং বন্ধনীযং, মুচ্চনস্স ঠানং মুচ্চনীযং। এবং রজনীযং, কমনীযং, দস্সনীযং, উপাদানীযং। চসদ্দগ্গহণেন ইয ইলপ্পচ্চযা হোন্তি, রঞ্ঞো ইদং ঠানং রাজিযং—এবং রাজিলং।

১৪। উপমত্থাযিতত্তং।

উপমত্থে আযিতত্তপ্পচ্চযো হোতি। ধুমো বিয দিস্সতি অদুং ঠানং তদিদং ধুমাযিতত্তং। তিমিরং বিয দিস্সতি অদুং ঠানং তদিদং তিমিরাযিতত্তং।

১৫। তন্নিস্সিতত্থে লো।

তন্নিস্সিতত্থে তদস্সট্ঠানমিচ্চেতস্মিং অত্থে চ লপ্পচ্চযো হোতি। দুট্ঠুনিস্সিতং দুট্ঠুল্লং, বেদনিস্সিতং বেদল্লং, দুট্ঠুঠানং দুট্ঠুল্লং, বেদস্স ঠানং বেদল্লং।

১২। "গাম, জন বন্ধু, সহায" ইত্যাদি শব্দের উত্তর সমূহ অর্থে 'তা' প্রত্যয় হয়। যথা—গামানং সমূহোতি—গামতা, জনানং সমূহোতি—জনতা, বন্ধুনং সমূহোতি—বন্ধুতা, সহাযানং সমূহোতি—সহাযতা ইত্যাদি।

১৩। 'তাহা ইহার কারণ' এই অর্থে শব্দের উত্তর 'ঈয' প্রত্যয় হয়। যথা—মদনস্সঠামং (কারণং)—মদনীযং, বন্ধনস্সঠানং—বন্ধনীযং, মুচ্চনস্স ঠানং—মুচ্চনীযং ; এইরূপ—রজনীযং, কমনীযং, দস্সনীযং, উপদানীযং। সূত্রে উক্ত চ'কারের যোগে শব্দের উত্তর 'ইয' এবং 'ইল' প্রত্যয় হয়। যথা—রঞ্ঞো ইদং ঠানং—রাজিযং, এইরূপ—রাজিলং।

১৪। উপমার্থে শব্দের উত্তর "আযিতত্ত" প্রত্যয় হয়। যথা—ধুমোবিয দিস্সতি অদুং ঠানং তদিদং—ধুমাযিতত্তং, তিমিরংবিয দিস্সতি অদুমং ঠানং তদিদং—তিমিরাযিতত্তং।

১৫। তন্নিশ্রত অর্থে এবং 'তাহা ইহার স্থান' এই অর্থেও শব্দের উত্তর 'ল' প্রত্যয় হয়। যথা—দুট্ঠুনিস্সিতং—দুট্ঠুল্লং, বেদনিস্সিতং—বেদল্লং; দুট্ঠুঠানং—দুট্ঠুল্লং, বেদস্স ঠানং—বেদল্লং।

১৬। **আলু তব্বহুলে।**

আলুপ্পচ্চযো হোতি তব্বহুলত্থে। অভিজ্ঝা অস্স পকতি অভিজ্ঝালু, অভিজ্ঝা অস্স বহুলা বা অভিজ্ঝালু। এবং সীতালু, ধজালু, দযালু।

১৭। **ণ্যত্তৃতা ভাবে তু।**

ণ্য ত্ত তা ইচ্চেতে পচ্চযা হোন্তি ভাবত্থে। অলসস্স ভাবো আলস্যং, অরোগস্স ভাবো আরোগ্যং, পংসুকূলিকস্স ভাবো পংসুকুলিকত্তং, অনোদরিকস্স ভাবো অনোদরিকত্তং, সঙ্গণিকা-রামস্স ভাবো সঙ্গণিকারামতা, নিদ্দারামস্স ভাবো নিদ্দারামতা। তুসদ্দগ্গহণেন ত্তনপ্পচ্চযো হোতি। পুথুজ্জনস্সভাবো পুথুজ্জনত্তনং, বেদনস্স ভাবো বেদনত্তনং।

১৮। **ণ বিসমাদীহি।**

ণপ্পচ্চযো হোতি বিসমাদীহি তস্স ভাবো ইচ্চেতস্মিং অত্থে। বিসমস্স ভাবো বেসমং। সুচিস্স ভাবো সোচং।

১৬। 'তাহার বহুল' এই অর্থে শব্দের উত্তর আলু প্রত্যয় হয়। যথা—অভিজ্ঝা অস্স পকতি—অভিজ্ঝালু, অভিজ্ঝা অস্স বহুলা বা—অভিজ্ঝালু; এইরূপ—সীতালু, ধজালু, দয়ালু।

১৭। ভাবার্থে শব্দের উত্তর ণ্য, ত্ত এবং তা প্রত্যয় হয়। যথা—'অলসস্স ভাবো' এই অর্থে 'অলস' শব্দের উত্তর ণ্য প্রত্যয় করিলে—আলস্যং, এইরূপ—অরোগস্স ভাবো—আরোগ্যং; পংসুকুলিকস্স ভাবো এই অর্থে 'পংসুকুলিক' শব্দের উত্তর 'ত্ত' প্রত্যয় করিলে পংসুকুলিকত্তং, এইরূপ—অনোদরিস্স ভাবো—অনোদরিকত্তং; সঙ্গনিকারামস্স ভাবো—সঙ্গণিকারা-মতা, নিদ্দারামস্স ভাবো—নিদ্দারামতা। এই সূত্রোক্ত সমুচ্চয়ার্থ বাচক 'তু' শব্দের যোগে শব্দের উত্তর ভাবার্থে 'ত্তন' প্রত্যয় হয়। যথা—পুথুজ্জনস্স ভাবো—পুথুজ্জনত্তনং, বেদনস্স ভাবো—বেদনত্তনং।

১৮। বিসমাদি শব্দের উত্তর ভাবার্থে ণ প্রত্যয় হয। যথা—বিসমস্স ভাবো—বেসমং, সুচিস্স ভাবো—সোচং।

১৯। রমণীযাদিতো কণ্।

রমণীয ইচ্চেবমাদিতো কণ্পচ্চযো হোতি তস্স ভাবো ইচ্চে-তস্মিং অত্থে। রমণীযস্স ভাবো রামণীযকং। মনুঞ্ঞস্স ভাবো মানুঞ্ঞকং, অগ্গিসোমস্স ভাবো অগ্গিসোমকং।

২০। বিসেসে তরতমিস্সিকিযিট্ঠা।

বিসেসত্থে তর তম ইস্সিক ইয ইট্ঠ ইচ্চেতে পচ্চযা হোন্তি। সব্বে ইমে পাপা অযমিমেসং বিসেসেন পাপোতি পাপতরো। এবং পাপতমো, পাপিস্সিকো, পাপিযো, পাপিট্ঠো।

২১। তদস্সত্থীতি বী চ।

তদস্স অত্থি ইচ্চেতস্মিং অত্থে বীপ্পচ্চযো হোতি। মেধা অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি মেধাবী। এবং মাযাবী। চসদ্দগ্গহণেন সোপ্পচ্চযো হোতি। সুমেধা অস্স অত্থি তস্মিং বা বিজ্জীতিতি সুমেধসো।

২২। তপাদিতো সী।

তপাদিতো সীপ্পচ্চযো হোতি তদস্স অত্থি ইচ্চেতস্মিং অত্থে। তপো অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি তপস্সী। এবং তেজস্সী যসস্সী, মনস্সী।

১৯। রমণীযাদি শব্দের উত্তর ভাবার্থে 'কণ্' প্রত্যয় হয়। যথা—রমণীযস্স ভাবো—রামণীযকং, মনুঞ্ঞস্স ভাবো—মানুঞ্ঞকং, অগ্গিসোমস্স ভাবো—অগ্গিসোমকং।

২০। বিশেষার্থে বা অতিশয়ার্থে শব্দের উত্তর তর, তম, ইস্সিক, ইয এবং ইট্ঠ প্রত্যয় হয়। যথা—সব্বে ইমে পাপা আযমিমেসং বিসেসেন পাপোতি—এই অর্থে 'পাপ' শব্দের উত্তর 'তর' প্রত্যয় করিলে পাপতরো। এইরূপ—পামতমো; পাপিস্সিকো, পাপিযো, পাপিট্ঠো।

২১। 'তাহা ইহার আছে' এই অর্থে শব্দের উত্তর 'বী' প্রত্যয় হয়। যথা—মেধা অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি—মেধাবী; এইরূপ—মাযাবী। এই সূত্রে উক্ত চকারের যোগে শব্দের উত্তর 'সো' প্রত্যয় হয়। যথা—সুমেধা অসস অত্থি তস্মিং বা বিজ্জতীতি—সুমেধসো।

২২। 'ইহা তাহার আছে' এই অর্থে তপাদি শব্দের উত্তর 'সি' প্রত্যয়

২৩। দণ্ডাদিতো ইকঈ।

দণ্ডাদিতো ইক ঈ ইচ্চেতে পচ্চযা হোন্তি তদস্স অত্থি ইচ্চেতস্মিং অত্থে। দণ্ডো অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি দণ্ডিকো, দণ্ডী। এবং মালিকো, মালী।

২৪। মধ্বাদিতো রো।

মধু ইচ্চেবমাদিতো রপ্পচ্চযো হোতি তদস্স অত্থি ইচ্চেতস্মিং অত্থে। মধু অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি মধুরো। এবং কুঞ্জরো, মুখরো, সুসিরো, সুভরো, সুচিরো।

২৫। গুণাদিতো বন্তু।

গুণ ইচ্চেবমাদিতো বন্তুপ্পচ্চযো হোতি তদস্স অত্থি ইচ্চেতস্মিং অত্থে। গুণো অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি গুণবা। এবং যসবা, ধনবা, বলবা, পঞ্ঞবা।

২৬। সত্যাদীহি মন্তু।

সতি ইচ্চেবমাদীহি মন্তুপ্পচ্চযো হোতি তদস্স অত্থি ইচ্চেতস্মিং অত্থে। সতি অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি সতিমা। এবং

হয়। যথা—তপো অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি—তপসসী; এইরূপ—তেজস্সী, যসস্সী, মনস্সী।

২৩। 'ইহা তাহার আছে' এই অর্থে দণ্ডাদি শব্দের উত্তর 'ইক' এবং 'ঈ' প্রত্যয় হয়। যথা—দণ্ডো অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি—দণ্ডিকো, দণ্ডী; এই রূপ মালিকো, মালী।

২৪। 'ইহা তাহার আছে' এই অর্থে মধু প্রভৃতি শব্দের উত্তর 'র' প্রত্যয় হয়। যথা—মধু অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি—মধুরো; এই—রূপ—কুঞ্জরো, মুখরো, সুসিরো, সুভরো, সুচিরো।

২৫। 'ইহা তাহার আছে' এই অর্থে গুণ প্রভৃতি শব্দের উত্তর 'বন্তু' প্রত্যয় হয়। যথা—গুণো অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি এই অর্থে গুণ শব্দের উত্তর বন্তু প্রত্যয় করিলে গুণবন্তু; এস্থলে পুলিঙ্গে একবচনে প্রথমা সি বিভক্তি করিলে—গুণবা; এইরূপ—যসবা, ধনবা, বলবা, পঞ্ঞবা।

২৬। 'ইহা তাহার আছে' এই অর্থে সতি প্রভৃতি শব্দের উত্তর 'মন্তু' প্রত্যয় হয়। যথা—সতি অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি—এই অর্থে 'সতি

জুতিমা, সুতিমা, সুচিমা, থুতিমা, মতিমা, কিত্তিমা, মুতিমা, ভানুমা।

২৭। সদ্ধাদিত্তো ণ।

সদ্ধা ইচ্চেবমাদিতো ণপ্পচ্চযো হোতি তদস্স অত্থি ইচ্চেতস্মিং অত্থে। সদ্ধা অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি সদ্ধো। এবং পঞ্ঞো, অমচ্ছরো।

২৮। আযুস্সুকারস্মন্তম্হি।

আযুস্স উকারো অস্ হোতি মন্তম্হি। আযু অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি আযস্মা।

২৯। তপ্পকতি বচনে মযো।

তপ্পকতি বচনত্থে মযপ্পচ্চযো হোতি। সুবণ্ণেন পকতং সুবণ্ণমযং। এবং রূপিমযং, জতুমযং, রজতমযং, অযোমযং, মত্তিকামযং ইট্ঠকামযং, কট্ঠমযং, গোমযং।

শব্দের উত্তর মন্ত প্রত্যয় করিলে—সতিমন্ত, তদুত্তর পুংলিঙ্গে একবচনে প্রথমা সি বিভক্তি করিলে—সতিমা; এইরূপ—জুতিমা, সুতিমা, সুচিমা, থুতিমা, মতিমা, কিত্তিমা, ভানুমা।

২৭। 'ইহা তাহার আছে' এই অর্থে 'সদ্ধা' প্রভৃতি শব্দের উত্তর ণ প্রত্যয় হয়। যথা—সদ্ধা অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি—সদ্ধো; এইরূপ পঞ্ঞো, অমচ্ছরো।

২৮। 'মন্ত' প্রত্যয় পরে থাকিলে আযু শব্দের উকারের স্থানে 'অস্' হয়। যথা—আযু অস্স অত্থি তস্মিং বা বিজ্জতীতি—আযস্মন্ত, তদুত্তর পুংলিঙ্গে একবচনে প্রথমা সি বিভক্তি করিলে আযস্মা।

২৯। বিকার, ব্যাপ্তি, সংসর্গ, উৎপত্ত্যাদি অর্থে শব্দের উত্তর 'ময' প্রত্যয় হয়। যথা—সুবণ্ণেন পকতং—সুবণ্ণমযং, বিকল্পে—সোবণ্ণমযং, এখানে "যদনুপপন্না নিপাতনা সিজ্ঝন্তি" এই সূত্রানুসারে আদ্য সকারের উকার বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে অর্থাৎ উকার স্থানে ওকার হইয়াছে। এইরূপ—রূপিমযং, জতুমযং, রজতমযং, অযোমযং, মত্তিকামযং, ইট্ঠকামযং, কট্ঠমযং, গোমযং।

৩০। সঙ্খ্যাপূরণে মো।

সঙ্খ্যাপুরণত্থে মপ্পচ্চযো হোতি। পঞ্চন্নং পূরণো পঞ্চমো। এবং—ছট্‌ঠমো, সত্তমো, অট্‌ঠমো, নবমো, দসমো।

৩১। স ছস্স বা।

ছস্স সকারাদেসো হোতি বা সঙ্খ্যাপূরণত্থে। ছন্নং পূরণো সট্‌ঠো, ছট্‌ঠো বা।

৩২। একাদিতো দসস্সী।

একাদিতো দসস্স অন্তে ঈপ্পচ্চযো হোতি বা সঙ্খ্যাপূরণত্থে। একাদসন্নং পূরণী একাদসী, পঞ্চদসন্নং পূরণী পঞ্চদসী, চতুদ্দসন্নং পূরণী চতুদ্দসী। পূরণেতি কিমত্থং—একাদস, পঞ্চদস।

৩৩। দসে সো নিচ্চঞ্চ।

দসসদ্দে পরে নিচ্চং ছস্স সো হোতি। সোলস।

৩৪। অন্তে নিগ্গহীতঞ্চ।

তাসং সঙ্খ্যানমন্তে নিগ্গহীতাগমো হোতি। একাদসিং, পঞ্চদসিং চাতুদ্দসিং।

৩০। পঞ্চাদি সংখ্যাবাচক শব্দের উত্তর পূরণার্থে 'ম' প্রত্যয় হয়। যথা—পঞ্চন্নং পূরণো—পঞ্চমো; এইরূপ—ছট্‌ঠমো, সত্তমো, অট্‌ঠমো, নবমো দসমো।

৩১। সংখ্যা পূরণার্থে ছকারের স্থানে সকার আদেশ হয়, বিকল্পে। যথা—ছন্নং পূরণো—সট্‌ঠা, ছট্‌ঠা বা।

৩২। সংখ্যা পূরণার্থে একাদি শব্দের উত্তর 'দস' শব্দের অন্তে 'ঈ' প্রত্যয় হয়, বিকল্পে। যথা—একাদসন্নং পূরণী—একাদসী, পঞ্চদসন্নং পূরণী—পঞ্চদসী, চতুদ্দসন্নং পূরণী—চতুদ্দসী। এই সূত্রের বৃত্তিতে উক্ত 'পূরণে'—অর্থাৎ "সংখ্যা পূরণার্থে" ইহা কেন বলা হইয়াছে? তাহা না হইলে সংখ্যাবাচক শব্দের উত্তর 'ঈ' প্রত্যয় হয় না। যথা—একাদস; পঞ্চদস।

৩৩। 'দস' শব্দ পরে থাকিলে ছকারের স্থানে নিত্য 'স' আদেস হয়। যথা—সোলস।

৩৪। একাদসী প্রভৃতি সংখ্যাবাচক শব্দের অন্তে অনুস্বার আগম হয়। যথা—একাদসিং, পঞ্চদসিং, চাতুদ্দসিং।

৩৫। তি চ।

তাসং সঙ্খ্যানমন্তে তিকারাগমো হোতি। বীসতি, তিংসতি।

৩৬। ল দরানং।

দকার-রকারানং সঙ্খ্যানং লকারাদেসো হোতি। সোলস, চত্তালীস।

৩৭। বীসতি-দসেসু বা দ্বিস্স তু।

বীসতি দস ইচ্চেতেসু দ্বিস্স বা হোতি। বাবীসতিন্দ্রিযানি, বারস মনুস্সা। তু-সদ্দগ্গহণেন দ্বিস্স দু, দি, দো আদেসা হোন্তি। দুরত্তং, দিরত্তং, দিগুণং, দোহলিনী।

৩৮। একাদিতো দস র সঙ্খ্যানে।

একাদিতো দসস্স দকারস্স রকারো হোতি বা সঙ্খ্যানে। একারস, একাদস, বারস, দ্বাদস। সঙ্খ্যানেতি কিমত্থং? দ্বাদসাযতনানি।

৩৯। অট্ঠাদিতো চ।

অট্ঠাদিতো দসসদ্দস্স দকারস্স রকারাদেসো হোতি বা সঙ্খ্যানে। অট্ঠারস, অট্ঠাদস। অট্ঠাদিতোতি কিমত্থং পঞ্চদস.

৩৫। 'বীস' প্রভৃতি সংখ্যাবাচক শব্দের অন্তে 'তি' আগম হয়। যথা—বীসতি, তিংসতি।

৩৬। সংখ্যাবাচক শব্দের দকার এবং রকারের স্থানে 'ল' আদেশ হয়। যথা—সোলস, চত্তালীসং।

৩৭। সংখ্যাবাচক বীসতি ও 'দস' শব্দ পরে থাকিলে 'দ্বি' এই উপ পদের স্থানে 'বা' আদেশ হয়। যথা—বাবীসতিন্দ্রিযানি, বারস মনুস্সা। সূত্রে উক্ত সমুচ্চযার্থবাচক 'তু' শব্দের যোগে—'দ্বি' শব্দের স্থানে দু, দি এবং দো আদেশ হয়। যথা—দুরত্তং, দিরত্তং, দিগুণং, দোহলিনী।

৩৮। এক, দ্বি, তি প্রভৃতি শব্দের উত্তর সংখ্যা গণনার্থে 'দস' শব্দের দকার স্থানে বিকল্পে রকার আদেশ হয়। যথা—একারস, একাদস; বারস, দ্বাদস। সূত্রোক্ত সংখ্যানে—অর্থাৎ সংখ্যা গণনে ইহা কেন বলা হইয়াছে? তাহা না হইলে দকারের স্থানে রকার হয় না। যথা—দ্বাদসাযতনানি।

৩৯। সংখ্যা গণনার্থে অট্ঠাদি শব্দের উত্তর 'দস' শব্দের দকারের

সোলস। সঙ্খ্যানেতি কিমত্থং অট্ঠাদসিকো। চসদ্দগ্গহণং কিমত্থং? দসরগ্গহণানুকড্ঢনত্থং।

৪০। দ্বেকট্ঠানমাকারো বা।

দ্বি এক অট্ঠ ইচ্চেতেসমন্তো আকারো হোতি বা সঙ্খ্যানে। দ্বাদস, একাদস, অট্ঠাদস। সঙ্খ্যানে'তি কিমত্থং? দ্বিদন্তো, একদন্তো, একচ্ছন্নো, অট্ঠত্থম্ভো।

৪১। চতুচ্ছেহি থঠা।

চতু ছ ইচ্চেতেহি থ ঠ ইচ্চেতে পচ্চযা হোন্তি সঙ্খ্যাপূরণত্থে। চতুন্নং পূরণো চতুত্থো। ছন্নং পূরণো ছট্ঠো।

৪২। দ্বিতীহি তিযো।

দ্বি তি ইচ্চেতেহি তিযপ্পচ্চযো হোতি সঙ্খ্যাপূরণত্থে। দ্বিন্নং পূরণো দুতিযো। তিন্নং পূরণো ততিযো।

স্থানে বিকল্পে রকার আদেশ হয়। যথা—অট্ঠারস, অট্ঠাদস। সূত্রোক্ত 'অট্ঠাদিতো'—অর্থাৎ অট্ঠাদি শব্দের উত্তর' ইহা কেন বলা হইয়াছে? এতদ্ভিন্ন পঞ্চাদি শব্দের উত্তর তাহা হয় না। যথা—পঞ্চদস, সোলস। সূত্রে উক্ত সংখ্যানে—অর্থাৎ সংখ্যা গণনে ইহা কেন বলা হইয়াছে? তাহা না হইলে 'দস' শব্দের দকারের রকার আদেশ হয় না। যথা—অট্ঠাদসিকো। সূত্রোক্ত 'চ' শব্দের প্রয়োগ কেন হইয়াছে? 'দস' শব্দের দকারের স্থানে রকার সংযোগ করিবার জন্য।

৪০। পরপদে সংখ্যাবাচক শব্দ থাকিলে পূর্ব্ব-পদের দ্বি, এক, ও অট্ঠ শব্দের অন্ত্যস্বরের স্থানে আকার আদেশ হয়, বিকল্পে। যথা—দ্বাদস, একাদস, অট্ঠাদস। সূত্রোক্ত 'সংখ্যানে'—অর্থাৎ সংখ্যাবাচক শব্দ পরে থাকিলে' ইহা কেন বলা হইয়াছে? তাহা না হইলে পূর্ব্বোক্ত সংখ্যাবাচক শব্দের অন্ত্য-স্বরের স্থানে আকার হয় না। যথা—দ্বিদন্তো, একদন্তো, একচ্ছন্নো, অট্ঠত্থম্ভো।

৪১। সংখ্যাবাচক 'চতু' এবং ছ শব্দের উত্তর পূরণার্থে ক্রমে 'থ' এবং 'ঠ' প্রত্যয় হয়। যথা—চতুন্নং পূরণো—চতুত্থো, ছন্নং পূরণো—ছট্ঠো; পুনঃ 'ছট্ঠ' শব্দের উত্তর স্বার্থে 'ম' প্রত্যয় করিলে ছট্ঠমো, এস্থলে নিপাতনে সিদ্ধ, "যদনুপ্পনা নিপাতনা সিজ্ঝন্তি" এই সূত্রানুসারে কার্য্য করা হইয়াছে।

৪২। সংখ্যাবাচক 'দ্বি' এবং 'তি' শব্দের উত্তর পূরণার্থে 'তিয' প্রত্যয় হয়। যথা—দ্বিন্নং পূরণো—দুতিযো, তিন্নং পূরণো—ততিযো।

৪৩। তিযে দুতাপি চ।

দ্বি তি ইচ্চেতেসং দু ত ইচ্চেতে আদেসা হোন্তি তিযপ্পচ্চযে পরে। দুতিযো, ততিযো।

অপিগ্গহণেন অঞ্ঞেস্বপি দু আদেসো হোতি। দুরত্তিরত্তং। চসদ্দগ্গহণেন দ্বি ইচ্চেতস্স দিকারো হোতি। দিগুণং সঙ্ঘাটিং পারুপিত্বা।

৪৪। তেসমড্ঢুপপদেনড্ঢুড্ঢ-দিবড্ঢ-দিযড্ঢড্ঢাতিযা।

তেসং চতুত্থ-দুতিয ততিযানং অড্ঢূপপদানং অড্ঢুড্ঢ দিবড্ঢ দিযড্ঢ অড্ঢতিযাদেসা হোন্তি অড্ঢূপপদেন সহ নিপচ্চন্তে।

অড্ঢেন চতুত্থো অড্ঢুড্ঢো, অড্ঢেন দুতিযো দিবড্ঢো, অড্ঢেন দুতিযো দিড্ঢো। অড্ঢেন ততিযো অড্ঢতিযো।

৪৫। সরূপানমেকসেস্বসকিং।

সরূপানং পদব্যঞ্জনানং একসেসো হোতি অসকিং। পুরিসো চ পুরিসো চ পুরিসা। সরূপানমিতি কিমত্থং? হত্থী চ অস্সো চ রথো চ পত্তিকো চ হত্থস্সরথপত্তিকা।

অসকিন্তি কিমত্থং? পুরিসো।

৪৩। 'তিয' প্রত্যয় পরে থাকিলে 'দ্বি' এবং 'তি' শব্দের স্থানে ক্রমে 'দু' এবং তকারাদেশ হয়। যথা—দুতিযো, ততিযো। সূত্রোক্ত সমুচ্চয়ার্থবাচক 'অপি' এবং 'চ' শব্দের যোগে—অন্যান্য শব্দ পরে থাকিলেও 'দ্বি' শব্দের স্থনে 'দু' এবং 'দি' আদেশ হয়। যথা—দুরত্ত-তিরত্তং, দিগুণং সংঙ্ঘাটিং পারুপিত্বা।

৪৪। 'অড্ঢ' এই উপপদের সহিত চতুত্থ, দুতিয, এবং ততিয শব্দের স্থানে যথাক্রমে অড্ঢুড্ঢ, দিবড্ঢ বা দিযড্ঢ, এবং অড্ঢতিয আদেশ হয়। যথা—অড্ঢেন চতুত্থো অড্ঢুড্ঢো অর্থাৎ সাড়ে তিন, অড্ঢেন দুতিযো দিবড্ঢো দিযড্ঢো বা অর্থাৎ দেড়, অড্ঢেন ততিযো অড্ঢতিযো অর্থাৎ আড়াই।

৪৫। একরূপ বিভক্তি যুক্ত হইলে সদৃশ দুই বা বহুপদের একমাত্র পদ অবশিষ্ট থাকে, তখন সেই পদে বহু বচন যুক্ত হইয়া, যেই সমাস হয়, তাহার নাম একশেষ দ্বন্দ সমাস। যথা—পুরিসো চ পুরিসোচ—পুরিসা।

৪৬। গণনে দসস্স দ্বিতিচতুপঞ্চছসত্তঠনবকানং বিতিচত্তারপঞ্ঞাছসত্তাসনবা যোসু যোনঞ্চীসমাসং ঠিরিতীতুতি।

গণনে দসস্স দ্বিক তিক চতুক্ক পঞ্চক ছক্ক সত্তক অট্ঠক নবকানং সরূপানং কতেকসেসানং যথাসঙ্খ্যং বী তি চত্তার পঞ্ঞা ছ সত্ত অস নব ইচ্চাদেসা হোন্তি অসকিং যোসু, যোনঞ্চ ঈসং আসং ঠি রি তি ঈতি উতি ইচ্চাদেসা হোন্তি পচ্ছা পুন নিপচ্চন্তে।

বীসং, তিংসং, চত্তালীসং, পঞ্ঞাসং, সট্ঠী, সত্তরি, সত্তুতি, অসীতি,নবুতি। অসকিন্তি কিমত্থং? দস। গণনেতি কিমত্থং? দসদসকো পুরিসো।

সূত্রে উক্ত 'সরূপানং'—অর্থাৎ সদৃশ পদ-সকলের ইহা কেন বলা হইয়াছে? দুই বা বহুপদ একরূপ বিভক্তিযুক্ত এবং একসদৃশ না হইলে একশেষ দ্বন্দ্ব সমাস হয় না। যথা—হত্থীচ অস্সোচ রথোচ পত্তিকোচ—হত্থস্সরথপত্তিকা, এস্থলে পদগুলির বিভক্তি সকল একরূপ, কিন্তু পদগুলি এক সদৃশ না হওয়াতে বা নানা প্রকার হওয়াতে, এখানে একশেষ দ্বন্দ্ব সমাস হইল না। সূত্রোক্ত 'অসকিং'—অর্থাৎ একের অধিক ইহা কেন বলা হইয়াছে? একের অধিক পদ না হইলে একশেষ দ্বন্দ্ব সমাস হয় না। যথা—পুরিসো।

৪৬। 'যো' বিভক্তি পরে থাকিলে দ্বিদশার্থবাচক কৃত একশেষ দ্বন্দ্ব সমাস 'দস' শব্দের স্থানে বী; ত্রিদশার্থবাচক, চতুর্দ্দশার্থবাচক, পঞ্চদশার্থ-বাচক, ছয়দশার্থবাচক, সপ্তদশার্থবাচক, অষ্টদশার্থবাচক, এবং নবদশার্থবাচক কৃত একশেষ দ্বন্দ্ব সমাস 'দস' শব্দের স্থানে যথাসংখ্যক বী, তি, চত্তার, পঞ্ঞা, ছ সত্ত, অস ও নব আদেশ হয় এবং 'যো' বিভক্তির স্থানে যথাক্রমে ঈসং, আসং, ঠি,' রি, তি, ঈতি এবং উতি আদেশ হয়। অর্থাৎ দসচ দসচ দস, এস্থলে দ্বিদশার্থবাচক একশেষ দ্বন্দ্ব সমাস; দসচ দসচ দসচ দস, এস্থলে ত্রিদশার্থবাচক কৃত একশেষ দ্বন্দ্ব সমাস; এইরূপে ক্রমে নবদশার্থবাচক একশেষ দ্বন্দ্ব সমাস পর্য্যন্ত যোজনা করিতে হইবে। অতএব দ্বিদশার্থবাচক একশেষ দ্বন্দ্ব সমাস 'দস' শব্দের স্থানে 'বী' আদেশ হয়, ত্রিদশার্থবাচক উক্তরূপ সমাস 'দস' শব্দের স্থানে দস 'তি' আদেশ, চতুর্দশার্থবাচক উক্ত সমাস 'দস' শব্দের স্থানে 'চত্তার' আদেশ, পঞ্চদশার্থবাচক 'দস' শব্দের স্থানে পঞ্ঞা আদেশ, ছয়দশার্থবাচক 'দস' শব্দের স্থানে 'ছ' আদেশ,

৪৭। চতুপপদস্স লোপো তুত্তরপদাদিচস্স চুচোপি নবা।

চতুপপদস্স গণনে পরিযাপন্নস্স তুকারস্স লোপো হোতি উত্তর পদাদিস্স চকারস্স চুচোপি হোন্তি নবা।

চতূহি অধিকা দস চুদ্দস, চোদ্দস, চতুদ্দস। অপিগ্গহণেন অনুপপদস্সাপি উত্তরপদাদিস্স চস্স লোপো হোতি নবা চস্স চুচোপি হোন্তি। তালীসং, চত্তালীসং, চুত্তালীসং, চোত্তালীসং।

সপ্তদশার্থবাচক 'দস' শব্দের স্থানে 'সত্ত' আদেশ, অষ্টদশার্থবাচক 'দস' শব্দের স্থানে 'অস' আদেশ এবং নবদশার্থবাচক 'দস' শব্দের স্থানে 'নব' আদেশ হয়। তদনন্তর যো বিভক্তির স্থানে ঈসং, আসং, ঠি, রি, তি, ঈতি এবং উতি আদেশ হয়। যথা—বীসং, তিংসং, চত্তালীসং, পঞ্ঞাসং, সট্ঠি, সত্তরি, সত্ততি, অসীতি, নবুতি। এই সূত্রোক্ত 'অসকিং'—অর্থাৎ একের অধিক ইহা কেন বলা হইয়াছে? তাহা না হইলে উক্তরূপ সমাস হয় না। যথা—বী+ঈসং=বীসং, এস্থলে দ্বিদশার্থবাচক একশেষ দ্বন্দ্ব সমাস 'দস' শব্দের স্থানে 'বী' এবং তদুত্তর 'যো' বিভক্তির স্থানে ঈসং আদেশ করিয়া 'বীসং' এইশব্দ সিদ্ধ হইয়াছে। তি+ঈসং=তিংসং, এস্থলে ত্রিদশার্থ-বাচক একশেষ দ্বন্দ্ব সমাস 'দস' শব্দের স্থানে 'তি' এবং তদুত্তর 'যো' বিভক্তির স্থানে ঈসং আদেশ হইয়াছে, 'নিগ্গহীতঞ্চ' এই সূত্রানুসারে 'ঈসং' এর 'ঈ' স্বরবর্ণ পরে থাকাতে তিকারের অন্তে অনুস্বারের আগম হইয়াছে, তৎপরে 'ঈসং'এর ঈকারের লোপ হইয়া, 'তিংসং' এই পদ সিদ্ধ হইয়াছে। এইরূপ চত্তালীসং, পঞ্ঞাসং, সট্ঠী, সত্তরি, সত্ততি, অসীতি, নবুতি।

৪৭। সংখ্যাবাচক 'দস' শব্দের পূর্ব্বস্থ 'চতু' এই উপ পদের তুকারের লোপ হয়, এবং পরপদের আদ্য চকারের স্থানে ক্বচিৎ 'চু' এবং চোকারাদেশও হয়, যথা—চতূহি অধিকা দস—চুদ্দস, চোদ্দস, চতুদ্দস। তালীসং, এস্থলে পূর্ব্বোক্ত সূত্রানুসারে চতুদ্দশার্থবাচক 'দস' এর স্থানে 'চত্তার' আদেশ ও তদুত্তর 'যো' বিভক্তির স্থানে 'ঈসং' আদেশ এবং 'লদরানং' এই সূত্রানুসারে রকারের স্থানে লকার আদেশ করিলে 'চত্তালীসং,' এইপদ সিদ্ধ হয়, তৎপরে এই সূত্রের 'অপি' শব্দের যোগে চ এবং তকারের লোপ করিয়া 'তালীসং' পদ সিদ্ধ হইয়াছে; এইরূপ চত্তালীসং, চুত্তালীসং, চোত্তালীসং।

৪৮। যদনুপপন্না নিপাতনা সিজ্ঝন্তি।

যে সদ্দা অনিদ্দিট্ঠলক্খণা অক্খর-পদ-ব্যঞ্জনতো ইত্থি-পুম-নপুংসক-লিঙ্গতো নামুপসগ্গনিপাততো অব্যযীভাবসমাস-তদ্ধিততো গণন-সঙ্খ্যা-কাল-কারকপ্পযোগ সঞ্ঞাতো সন্ধি-পকতি-বুদ্ধি-লোপ-আগম-বিকার-বিপরীততো চ বিভত্তি বিভজনতো চ তে নিপাতনা সিজ্ঝন্তি।

৪৯। দ্বাদিতো কোনেকত্থে চ।

দ্বি ইচ্চেবমাদিতো কপ্পচ্চযো হোতি অনেকত্থে চ তে নিপাতনা সিজ্ঝন্তি। সতস্স দ্বিকং দ্বিসতং, সতস্স তিকং তিসতং, সতস্স চতুক্কং চতুসতং, সতস্স পঞ্চকং পঞ্চসতং, সতস্স ছক্কং ছসতং, সতস্স সত্তকং সত্তসতং, সতস্স অট্ঠকং অট্ঠসতং, সতস্স নবকং নবসতং, সতস্স দসকং দসসতং, সহস্সকং।

৫০। দসদসকং সতং দসকানং সতং সহস্সঞ্চ হোতি যোম্হি।

গণনে পরিযাপন্নস্স দসদসকস্স সতং হোতি, সতদসকস্স চ সহস্সং হোতি যোম্হি। সতং, সহস্সং।

দ্বিকাদীনং তদুত্তরপদানঞ্চ নিপচ্চন্তে যথাসম্ভবং। সতস্স দ্বিকং তদিদং হোতি দ্বিসতং, সতস্স তিকং তদিদং হোতি তিসতং। এবং চতুসতং, পঞ্চসতং, ছসতং, সত্তসতং, অট্ঠসতং, নবসতং, দস-সতং, সহস্সং হোতি।

৪৮। যে সকল শব্দরূপ কোনও সূত্র দ্বারা সিদ্ধ হয় নাই, সে সকল শব্দরূপ নিপাতনে সিদ্ধ হয়।

৪৯। দ্বি, তি প্রভৃতি সংখ্যাবাচক শব্দের উত্তর 'ক' প্রত্যয় হয়, অনেকার্থে এবং ইহারা নিপাতনে সিদ্ধ হয়। যথা—সতস্সদ্বিকং—দ্বিসতং, সতস্সতিকং—তিসতং, সতস্সচতুক্কং—চতুসতং, সতস্সপঞ্চকং—পঞ্চসতং, সতস্সছক্কং—ছসতং, সতস্সসত্তকং—সত্তসতং, সতস্সঅট্ঠকং—অট্ঠসতং, সতস্সনবকং—নবসতং, সতস্সদসকং—দসসতং, সহস্সকং।

৫০। যো বিভক্তি পরে থাকিলে 'দস দসক' এর স্থানে 'সতং' এবং 'সতদসক' এর স্থানে 'সহস্সং' আদেশ হয়। যথা—সতং, সহস্সং।

৫১। যাব তদুত্তরিং দসগুণিতঞ্চ।

যাব তাসং সঙ্খ্যানং উত্তরিং দসগুণিতঞ্চ কাতব্বং। যথা—দসস্স গণনস্স দসগুণিতং কত্বা সতং হোতি, সতস্স দসগুণিতং কত্বা সহস্সং হোতি, সহস্সস্স দসগুণিতং কত্বা দসসহস্সং হোতি, দসসহস্সস্স দসগুণিতং কত্বা সতসহস্সং হোতি, সতসহস্সস্স দসগুণিতং কত্বা দসসতসহস্সং হোতি, দসসতসহস্সস্স দসগুণিতং কত্বা কোটি হোতি, কোটি সতসহস্সানং সতং পকোটি হোতি। এবং সেসানিপি কাতব্বানি।

৫২। সকনামেহি।

যাসং পন সঙ্খ্যানং অনিদ্দিট্ঠনামধেয্যানং সকেহি সকেহি নামেহি নিপচ্চন্তে। সতসহস্সানং সতং কোটী, কোটি সতসহস্সানং সতং পকোটি, পকোটিসতসহস্সানং সতং কোটিপ্পকোটি, কোটিপ্পকোটিসতসহস্সানং সতং নহুতং, নহুতসতসহস্সানং সতং নিন্নহুতং, নিন্নহুতসতসহস্সানং সতং অক্খোহিণী।

'সত' শব্দের উত্তর দ্বিক, তিকাদি শব্দের যোগে যে সকল শব্দরূপ, তাহা যথাসম্ভব নিপাতনে সিদ্ধ হয়। যথা—সতস্স দ্বিকং তদিদং হোতি—দ্বিসতং, সতস্সতিকং তদিদং হোতি—তিসতং; এইরূপ—চতুসতং, পঞ্চসতং, ছসতং, সত্তসতং, অট্ঠসতং, নবসতং, দসসতং, সহস্সং হোতি।

৫১। এক হইতে 'অসঙ্খেয্য' পর্যন্ত সংখ্যাবাচক শব্দ সমূহের প্রত্যেক সংখ্যাকে দসগুণ করিয়া গণনার নিয়ম। যথা—দসস্স গণনস্স দসগুণিতং কত্বা সতংহোতি, সতস্স দসগুণিতং কত্বা সহস্সংহোতি, সহস্সস্স দসগুণিতং কত্বা দসসহস্সং হোতি, দসসহস্সস্স দসগুণিতং কত্বা সতসহস্সং হোতি, সতসহস্সস্স দস গুণিতং কত্বা দসসতসহস্সং হোতি, দসসতসহস্সস্স দসগুণিতং কত্বা কোটি হোতি, ইহার পর কোটি হইতে অসঙ্খেয্য পর্যন্ত প্রত্যেক সঙ্খ্যাকে শতগুণ করিয়া গণনার নিয়ম। কোটিসত সহস্সানং সতং পকোটি হোতি, এইরূপ অবশিষ্ট সংখ্যাবাচক শব্দগুলিও গণনা করিতে হয়।

৫২। যে সকল সংখ্যাবাচক শব্দের নামগুলি অনির্দ্দিষ্ট, এখানে সেই সকল সংখ্যাবাচক শব্দের রূপসিদ্ধি তাহাদের স্বীয় স্বীয় নামে নিপাতনে সিদ্ধ হয়। যথা—সতসহস্সানং সতং—কোটি, কোটিসতসহস্সানং সতং—

তথা—ৰিন্দু, অৰ্বুদং, নিরৰ্বুদং, অহহং, অৰৰং, অটটং, সোগন্ধিকং, উপ্পলং, কুমুদং, পুণ্ডরীকং, পদুমং, কথানং, মহাকথানং অসঙ্খেয্যং।

৫৩। তেসং ণো লোপং।

তেসং পচ্চযানং ণো লোপমাপজ্জতে, গোতমস্স অপচ্চং পুত্তো গোতমো। এবং বাসিট্ঠো, বেনতেয্যা, আলস্যং, আরোগ্যং।

৫৪। বিভাগে ধা চ।

বিভাগত্থে ধাপ্পচ্চযো হোতি। একেন বিভাগেন একধা। এবং দ্বিধা, তিধা, চতুধা, পঞ্চধা। চেতি কিমত্থং? সোপ্পচ্চযো চহোতি। সুত্তসো, ৰ্যঞ্জনসো, পদসো।

৫৫। সৰ্বনামেহি পকারবচনে তু থা।

সৰ্বনামেহি পকারবচনত্থে থাপ্পচ্চযো হোতি। সো পকারো তথা, তং পকারং তথা, তেন পকারেন তথা, তস্স পকারস্স তথা,

পকোটি, পকোটি সত সহস্সানং সতং—কোটিপ্পকোটি, কোটিপ্পকোটি সত সহস্সানং সতং—নহুতং, নহুত সত সহস্সানং সতং—নিন্নহুতং, নিন্নহুত সত সহস্সানং সতং—অক্খোহিণী। তদ্রূপ বিন্দু, অব্বুদং, নিরব্বুদং, অহহং, অববং, অটটং, সোগন্ধিকং, উপ্পলং, কুমুদং পুণ্ডরীকং, পদুমং, কথানং মহাকথানং, অসঙ্খেয্যং।

৫৩। ণ, ণায়ন, ণান, ণেয্য, ইত্যাদি কতকগুলি তদ্ধিত প্রত্যয়ে ণকারের লোপ হয়। অর্থাৎ যে সকল বর্ণ প্রত্যয়ের সহিত কার্য্যকালে যুক্ত হইয়া পরে চলিয়া যায় তাহাদের নাম অনুবন্ধ। সেই অনুবন্ধ তদ্ধিত প্রত্যয় সকলের অনুবন্ধ ণকারের লোপ হয়। যথা—গোতমস্স অপচ্চং (পুত্তো)—গোতমো; এইরূপ বাসিট্ঠো, বেনতেয্যা, আলস্যং, আরোগ্যং।

৫৪। বিভাগার্থে শব্দের উত্তর 'ধা, প্রত্যয় হয়। যথা—একেন বিভাগেন—একধা; এইরূপ—দ্বিধা, তিধা, চতুধা, পঞ্চধা। সূত্রোক্ত সমুচ্চয়ার্থবাচক চকারের প্রয়োজন কি? চকারের অর্থানুসারে এখানে বিভাগার্থে 'সো' প্রত্যয়ও হয়। যথা—সুত্তসো, ব্যঞ্জনসো, পদসো।

৫৫। সর্ব্বনাম শব্দের উত্তর প্রকারার্থে 'থা' প্রত্যয় হয়। যথা—সো পকারো—তথা, তং পকারং—তথা, তেনপকারেন—তথা, তস্স পকারস্স—

তস্মা পকারা তথা, তস্স পকারস্স তথা, তস্মিং পকারে তথা। এবং যথা, সব্বথা, অঞ্ঞথা, ইতরথা। তুসদ্দগ্গহণং কিমত্থং? থত্তাপ্পচ্চযো চ হোতি। সো বিয পকারো তথত্তা, এবং যথত্তা,, অঞ্ঞথত্তা ইতরথত্তা, সব্বথত্তা।

৫৬। কিমিমেহি থং।

কিং ইম ইচ্চেতেহি থং পচ্চযো হোতি পকারবচনত্থে। কো পকারো কথং, কং পকারং কথং, কেন পকারেন কথং, কস্স পকারস্স কথং, কস্মা পকারা কথং, কস্মিং পকারে কথং, অযং পকারো ইত্থং, ইমং পকারং ইত্থং, ইমিনা পকারেন ইত্থং, ইমস্স পকারস্স ইত্থং, ইমস্মা পকারা ইত্থং, ইমস্স পকারস্স ইত্থং, ইমস্মিং পকারে ইত্থং।

৫৭। বুদ্ধাদিসরস্স বাসংযোগন্তস্স সণে চ।

আদিসরস্স বা অসংযোগন্তস্স আদিব্যঞ্জনস্স বা সরস্স বুদ্ধি হোতি সণকারে পচ্চযে পরে। অভিধম্মং অধীতে আভিধম্মিকো, বিনতায অপচ্চং বেনতেয্যো। এবং বাসিট্ঠো, আলস্যং। অসংযোগন্তস্সেতি কিমত্থং? ভগ্গবো।

তথা, তস্মা পকারা—তথা, তস্স পকারস্স—তথা, তস্মিং পকারে—তথা; এইরূপ—যথা, সব্বথা, অঞ্ঞথা ইতরথা। সূত্রোক্ত সমুচ্চয়ার্থবাচক 'তু' শব্দের প্রয়োগ এখানে কেন হইয়াছে? সর্ব্বনাম শব্দের উত্তর 'থত্তা' প্রত্যয়ও হয়, ইহা বুঝাইবার জন্য। যথা—সো বিয পকারো—তথত্তা; এইরূপ—যথত্তা, অঞ্ঞথত্তা, ইতরথত্তা, সব্বথত্তা।

৫৬। কিং এবং ইম শব্দের উত্তর প্রকারার্থে 'থং' প্রত্যয় হয়। যথা—কো পকারো—কথং, কং পকারং—কথং, কেন পকারেন—কথং, কস্স পকারস্স—কথং, কস্মা পকারা—কথং, কস্স পকারস্স—কথং, কস্মিংপকারে—কথং, অযং পকারো—ইত্থং, ইমস্মা পকারা—ইত্থং, ইমস্স পকারস্স—ইত্থং, ইমস্মিং পকারে—ইত্থং।

৫৭। 'সণ' (অনুবন্ধ ণকারযুক্ত প্রত্যয়) পরে থাকিলে, অসংযোগান্ত আদ্যস্বরের বা আদ্যব্যঞ্জনস্থ স্বরের প্রায় বৃদ্ধি হয়। যথা—অভিধম্মং অধীতে—আভিধম্মিকো, বিনতায় অপচ্চং—বেনতেয্যো; এইরূপ—বাসিট্ঠো, আলস্যং।

৫৮। মাযূনমাগমো ঠানে।

ই উ ইচ্চেতেসং আদিভূতানং মা বুদ্ধি হোতি তেসু চ বুদ্ধি আগমো হোতি ঠানে।

ব্যাকরণমধীতে বেয্যাকরণো, ন্যায়মধীতে নেয্যাযিকো ব্যাবচ্চস্স অপচ্চং পুত্তো বেয্যাবচ্চো, দ্বারে নিযুত্তো দোবারিকো।

৫৯। আত্তঞ্চ।

ই উ ইচ্চেতেসং আত্তং হোতি রিকারাগমো চ ঠানে। ইসিস্স ভাবো আরিস্সং, ইণস্স ভাবো আণ্যং, উসভস্স ভাবো আসভং, উজুনো ভাবো অজ্জবং ইচ্চেবমাদি।

যূনমিতি কিমত্থং? আপাযিকো। ঠানেতি কিমত্থং? বেমতিকো, ওপনযিকো, ওপমাযিকো, ওপাযিকো।

সূত্রে উক্ত "অসংযোগন্তস্স"—অর্থাৎ সংযোগান্ত স্বরবর্ণ রহিত আদি স্বরবর্ণের, সংযুক্ত ব্যঞ্জনদ্বয়কে অন্তে করিয়া পূর্ব্বেস্থিত স্বরবর্ণের নাম সংযোগান্তস্বর, এইরূপ সংযোগান্ত স্বরবর্ণ ভিন্ন আদি স্বরের; সংযোগং অন্তে কত্বা ঠিতো যো, সো,—সংযোগন্তো, নসংযোগন্তো তস্স অসংযোগন্তস্স। বুদ্ধি—বৃদ্ধি হয়। এস্থলে প্রশ্ন হইতেছে—অসংযোগান্ত 'স্বরের' ইহা কি জন্য বলা হইয়াছে? সংযোগান্ত স্বরের বৃদ্ধি হয় না অর্থাৎ সংযোগবর্ণের পূর্ব্বস্থ স্বরের বৃদ্ধি হয় না। যথা—ভগ্গবো, এস্থলে 'গ্গ' এই সংযোগবর্ণের পূর্ব্ব ভকারস্থ অকারের বৃদ্ধি হইল না।

৫৮। অসংযোগান্ত আদি ই বর্ণ এবং উ বর্ণের বৃদ্ধি হয় না। অনুরূপ স্থানে তাহাদের বৃদ্ধি প্রাপ্ত 'এ' এবং 'ওকার' আগম হয়। যথা—ব্যাকরণ—মধীতে—বেয্যাকরণো, ন্যাযমধীতে নেয্যাযিকো, ব্যাবচ্চস্স অপচ্চং (পুত্তো) বেয্যাবচ্চো, দ্বারে নিযুত্তো—দোবারিকো।

৫৯। অনুবন্ধ ণকারযুক্ত তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে ই এবং উকার স্থানে আকার আদেশ হয়; অনুরূপ স্থানে রিকার আগমও হয়। যথা—ইসিস্স ভাবো—আরিস্সং, ইণস্স ভাবো—আণ্যং, উসভস্স ভাবো—আসভং, উজুনো ভাবো—অজ্জবং, ইত্যাদি। সূত্রোক্ত 'যূনং'—অর্থাৎ ইবর্ণ এবং উবর্ণের ইহা কেন বলা হইয়াছে? এতদ্ভিন্ন অন্য বর্ণের তাহা হয় না। যথা—আপাযিকো। সূত্রে-উক্ত 'ঠানে'—উপযুক্ত স্থানে বা অনুরূপ কারণ

৬০। কচাদিমজ্ঝুত্তরানং দীঘরস্সাপচ্চযেসু চ।

কচি আদি মজ্ঝ উত্তর ইচ্চেতেসং দীঘরস্সা হোন্তি পচ্চযেসু চ অপচ্চযেসু চ। আদি দীঘো তাব—পাকারো, নীবারো, পাসাদো, পাকটো, পাটিমোক্খো, পাটিকংখো, ইচ্চেবমাদি।

মজ্ঝে দীঘো তাব—অঙ্গমাগধিকো, ওরব্ভমাগবিকো, ইচ্চেবমাদি।

উত্তর দীঘো তাব—খন্তী পরমং তপো তিতিক্খা, অঞ্জনাগিরি, কোটরাবনং, অঙ্গুলিযা, ইচ্চেবমাদি।

আদি রস্সো তাব—পগেব ইচ্চেবমাদি।

মজ্ঝে রস্সো তাব—সুমেধসো, সুবণ্ণধরেহি, ইচ্চেবমাদি।

উত্তর রস্সো তাব—ভোবাদি নাম সো হোতি, যথাভাবি গুণেন সো ইচ্চেবমাদি। যথানুপরোধেন যোজেতব্বং।

৬১। তেসু বুদ্ধি-লোপাগম-বিকার-বিপরীতাদেসা চ।

তেসু আদি-মজ্ঝুত্তরেসু জিনবচনানুপরোধেন কচি বুদ্ধি হোতি কচি লোপো হোতি কচি আগমো হোতি কচি বিকারো হোতি কচি বিপরীতো হোতি কচি আদেসো হোতি।

থাকিলে ইহা কি জন্য বলা হইয়াছে? তাহা না হইলে ইবর্ণ এবং উবর্ণের স্থানে আকার এবং রিকার আগম হয় না। যথা—বেমতিকো, ওপনাযিকো, ওপমাসিকো, ওপাসিকো।

৬০। তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে কিম্বা তাহা পরে না থাকিলেও শব্দের আদ্য, মধ্য ও অন্ত্যস্বরের ক্বচিৎ দীর্ঘ বা ক্বচিৎ হ্রস্ব হয়। যথা—শব্দের আদ্যস্বর দীর্ঘ—পাকারো, নীবারো, পাসাদো, পাকটো, পাতিমোক্খো, পাটিকঙ্খো, ইত্যাদি। মধ্যস্বর দীর্ঘ—অঙ্গমাগধিকো, ওরব্ভমাগবিকো, ইত্যাদি। অন্ত্যস্বর দীর্ঘ—খন্তীপরমং তপো তিতিক্খা, অঞ্জনাগিরি, কোটরাবনং, অঙ্গুলিযা, ইত্যাদি। শব্দের আদ্যস্বর হ্রস্ব—পগেব, ইত্যাদি। মধ্যস্বর হ্রস্ব—সুমেধসো, সুবণ্ণধরেহি, ইত্যাদি। অন্ত্যস্বর হ্রস্ব—ভোবাদি নাম সো হোতি, যথাভাবি গুণেন সো, ইত্যাদি।

৬১। জিনবচনানুসারে শব্দের আদ্য, মধ্য ও অন্তে স্বরবর্ণের ক্বচিৎ বৃদ্ধি, ক্বচিৎ বর্ণ লোপ, ক্বচিৎ আগম, ক্বচিৎ বিকার, ক্বচিৎ বিপরীত এবং

আদি বুদ্ধি তাব—আভিধম্মিকো, বেনতেয্যো, ইচ্চেবমাদি।

মজ্ঝে বুদ্ধি তাব—সুখসেয্যং, সুখকারিদানং, সুখকারিসীলং ইচ্চেবমাদি।

উত্তর বুদ্ধি তাব—কালিঙ্গো, মাগধো, পচ্চক্খধম্মা ইচ্চেবমাদি।

আদি লোপো তাব—তালীসং ইচ্চেবমাদি।

মজ্ঝে লোপো তাব—কত্তুকামো, গন্তুকামো, ধনিযো কুম্ভকার-পুত্তো, বেদল্লং ইচ্চেবমাদি।

উত্তর লোপো তাব—ভিক্খু, ভিক্খুনী ইচ্চেবমাদি।

আদি আগমো তাব—বুত্তো ভগবতা, মুত্তমো ইচ্চেবমাদি।

মজ্ঝে আগমো তাব—স সীলবা, স পঞ্ঞবা ইচ্চেবমাদি।

উত্তরাগমো তাব—বেদল্লং ইচ্চেবমাদি।

আদি বিকারো তাব—আরিস্সং, আসভং, আণ্যং ইচ্চেবমাদি।

মজ্ঝে বিকারো তাব—বরারিস্সং, পরারিস্সং ইচ্চেবমাদি।

উত্তর বিকারো তাব—যানি, তানি, সুখানি ইচ্চেবমাদি।

আদি বিপরীতো তাব—উগ্গতে সুরিযে, উগ্গচ্ছতি, ইচ্চেবমাদি।

মজ্ঝে বিপরীতো তাব—সমুগ্গচ্ছতি, সমুগ্গতে সুরিযে ইচ্চেবমাদি।

উত্তর বিপরীতো তাব—দিগু ইচ্চেবমাদি।

আদি আদেসো তাব—যূনং ইচ্চেবমাদি।

মজ্ঝে আদেসো তাব—ন্যাযোগো, ইচ্চেবমাদি।

ক্বচিৎ আদেশ হয়। যথা—শব্দের আদ্যস্বরের বৃদ্ধি—আভিধম্মিকো, বেনতেয্যো, ইত্যাদি। মধ্যে বৃদ্ধি—সুখসেয্যং, সুখকারিদানং, সুখকারিসীলং, ইত্যাদি। অন্তে বৃদ্ধি—কালিঙ্গো, মাগধো, পচ্চকৃখধম্মা, ইত্যাদি। শব্দের আদিতে বর্ণলোপ—তালীসং, ইত্যাদি। মধ্যে লোপ—কত্তুকামো, গন্তুকামো, ধনিযো কুম্ভকারপুত্তো, বেদল্লং, ইত্যাদি। অন্তে লোপ—ভিক্‌খু, ভিক্‌খুণী, ইত্যাদি। শব্দের আদিতে আগম—বুত্তো ভগবতা, মুত্তমো, ইত্যাদি। মধ্যে আগম—সসীলবা, সপঞ্‌ঞবা, ইত্যাদি। অন্তে আগম—বেদল্লং, ইত্যাদি। শব্দের বিকার—আরিস্‌সং, আসভং, আণ্যং, ইত্যাদি। মধ্যে বিকার—বরারিস্‌সং,

উত্তর আদেসো তাব—সব্বসেয্যো, সব্বসেট্ঠো, ইচ্চেবমাদি। এবং যথানুপরোধেন সব্বত্থ যোজেতব্বা।

৬২। অযুবণ্ণানঞ্চাযো বুদ্ধি।

অ ইতি অকারো, ই ঈ ইতি ইবণ্ণো, উ ঊ ইতি উবণ্ণো, তেসং অকারইবণ্ণুবণ্ণানং আ এ ও বুদ্ধিযো হোন্তি যথাসঙ্খ্যং অ ই উ অবুদ্ধি। আভিধম্মিকো, বেনতেয্যো, ওলুম্পিকো অভিধম্মিকো, বিনতেয্যো, উলুম্পিকো।

পুন বুদ্ধিগ্গহণং কিমত্থং? উত্তরপদবুদ্ধিভাবত্থং—অঙ্গমগধেহি আগতো অঙ্গমাগধিকো।

নিগমো চ জনপদো চ নিগমজনপদা, নিগমজনপদেসু জাতা নেগমজানপদা।

পুরী চ জনপদা চ পুরিজনপদা, পুরিজনপদেসু জাতা পোরিজানপদা।

সত্ত অহানি সত্তাহং, সত্তাহে নিযুত্তো সত্তাহিকো, চতস্সো বিজ্জা চতুবিজ্জং, চতুবিজ্জে নিযুত্তো চাতুবিজ্জিকো, ইচ্চেবমাদি।

বুদ্ধি ইচ্চনেন কত্থো? বুদ্ধাদিসরস্স বা সংযোগন্তস্সসণেচ।

ইতি নাম কপ্পে তদ্ধিত কপ্পো।

পরারিস্সং, ইত্যাদি। অন্তে বিকার—যানি, তানি, সুখানি, ইত্যাদি। শব্দের আদিতে বিপরীত—উগ্গতে সুরিয়ে, উগ্গচ্ছতি, ইত্যাদি। মধ্যে বিপরীত—সমুগ্গচ্ছতি, সমুগ্গতে সুরিযে, ইত্যাদি। অন্তে বিপরীত—দিগু, ইত্যাদি। শব্দের আদিতে আদেশ—যূনং, ইত্যাদি। মধ্যে আদেশ—ন্যাযোগো, ইত্যাদি। অন্তে আদেশ—সব্বসেয্যো, সব্বসেট্ঠো, ইত্যাদি।

৬২। অ স্থানে আ, ই ঈ স্থানে এ, এবং উ ঊ স্থানে ওকার হওয়ার নাম বৃদ্ধি; অ, ই, উ ইহারা অবৃদ্ধি অর্থাৎ ইহাদের রূপান্তর না হওয়ার নাম অবৃদ্ধি। যথা—আভিধম্মিকো, বেনতেয্যো, ওলুম্পিকো—ইহাদের আদিস্বর বৃদ্ধি। অভিধম্মিকো, বিনতেয্যো, উলুম্পিকো—ইহাদের আদিস্বর অবৃদ্ধি। সূত্রোক্ত 'বুদ্ধি'—অর্থাৎ এই সূত্রে পুনঃ বৃদ্ধি শব্দের প্রয়োগ কেন? শব্দের পর পদের আদ্যস্বরের বৃদ্ধির জন্য। যথা—অঙ্গ মগধেহি আগতো—অঙ্গমাগধিকো।

নিগমোচ জনপদোচ—নিগমজনপদা, নিগম-জন পদেসু জাতা - নেগমজানপদা। পুরীচ জনপদাচ - পুরিজনপদা, পুরি জনপদেসু জাতা—পোরিজানপদা। সত্তঅহানি—সত্তাহং, সত্তাহে নিযুত্তো—সত্তাহিকো, চতস্সো বিজ্জা—চতুবিজ্জং, চতুবিজ্জে নিযুত্তো--চাতুবিজ্জিকো, ইত্যাদি।

নাম কল্পে তদ্ধিত কাণ্ড সমাপ্ত।

আখ্যাত কপ্পো।

পঠমো কণ্ডো।

আখ্যাত-সাগরমথজ্জতনী-তরঙ্গং,
ধাতুজ্জলং বিকরণাগমকালমীনং,
লোপানুবন্ধরযমত্থবিভাগ-তীরং,
ধীরা তরন্তি কবিনো পুথুবুদ্ধিনাবা।

বিচিত্তসঙ্খার-পরিক্খিতং ইমং,
আখ্যাত-সদ্দং বিপুলং অসেসতো,
পণম্য সম্বুদ্ধমনন্ত-গোচরং,
সুগোচরং যং বদতো সুণাথ মে।

অধিকারে মঙ্গলে চেব নিপ্ফন্নে অবধারণে,
অনন্তরে চাপদানে অথ-সদ্দো পবত্ততি।

আখ্যাত কল্পে প্রথম কাণ্ড।

বিভক্তি তরঙ্গ যার, ধাতু যার জল,
মৎস্য যার বিকরণ-প্রত্যয় সকল;
লোপ অনুবন্ধ পঙ্ক, অর্থ-ভাগ তীর
আখ্যাত-সাগর সেই, জ্ঞানে তরে ধীর
নমিয়া সে বুদ্ধ বরে আখ্যাত বর্ণন
করিব বিচিত্রভাবে শুন সাধুগণ।
অনন্তর, অধিকার, নিষ্পত্তিতে আর
মঙ্গলাদি অর্থে হয় 'অথ' ব্যবহার।

১। অথ পুব্বানি বিভত্তীনং ছ পরস্সপদানি।

অথ সব্বাসং বিভত্তীনং যানি যানি পুব্বকানি ছ পদানি তানি তানি পরস্সপদ-সঞ্ঞানি হোন্তি। তং যথা—তি অন্তি সি থ মি ম। পরস্সপদমিচ্চনেন ক্বত্থো? কত্তরি পরস্স পদং।

২। পরাণ্যত্তনো পদানি।

সব্বাসং বিভত্তীনং যানি যানি পরানি ছ পদানি তানি তানি অত্তনোপদ-সঞ্ঞানি হোন্তি। তং যথা—তে অন্তে সে ব্হে এ ম্হে। অত্তনোপদমিচ্চনেন ক্বত্থো? অত্তনোপদানি ভাবে চ কম্মণি।

৩। দ্বে দ্বে পঠমমজ্ঝিমুত্তম-পুরিসা।

তাসং সব্বাসং বিভত্তীনং পরস্সপদানমত্তনোপদানঞ্চ দ্বে দ্বে পদানি পঠম-মজ্ঝিম-উত্তম-পুরিসসঞ্ঞানি হোন্তি।

তং যথা—তি অন্তি ইতি পঠম পুরিসা; সি থ ইতি মজ্ঝিম পুরিসা; মি ম ইতি উত্তম পুরিসা।

অত্তনোপদানিপি—তে অন্তে ইতি পঠম পুরিসা; সে ব্হে ইতি মজ্ঝিম পুরিসা; এ ম্হে ইতি উত্তম পুরিসা এবং সব্বত্থ। পঠম-মজ্ঝিমুত্তম-পুরিস ইচ্চনেন ক্বত্থো? নামম্হি পযুজ্জমানেপি তুল্যাধিকরণে পঠমো। তুম্হে মজ্ঝিমো, অম্হে উত্তমো।

১। বর্ত্তমান আদি অষ্টবিধ বিভক্তির মধ্যে প্রত্যেক বিভক্তির প্রথম ছয়টি পদের নাম পরস্মৈ পদ। যথা—তি, অন্তি; সি, থ; মি, ম।

২। উক্ত অষ্টবিধ বিভক্তির মধ্যে প্রত্যেক বিভক্তির প্রথম ছয় পদ ভিন্ন অপর ছয়টি পদের নাম আত্মনে পদ। যথা—তে, অন্তে; সে, ব্হে; এ, ম্হে।

৩। বর্ত্তমানাদি অষ্টবিধ বিভক্তির মধ্যে প্রত্যেক বিভক্তিতে পরস্মৈ পদও আত্মনেপদের দুই দুইটি পদ প্রথম পুরুষ, মধ্যম পুরুষও উত্তম পুরুষ নামে কথিত হয়। যথা—তি, অন্তি এই দুই পদ প্রথম পুরুষ; সি, থ এই দুই পদ মধ্যম পুরুষ; মি, ম এই দুই পদ উত্তম পুরুষ। সেই রূপ আত্মনেপদে—তে, অন্তে এই দুই পদ প্রথম পুরুষ, সে ব্হে এই দুইপদ মধ্যম পুরুষ, এ, ম্হে এই দুইপদ উত্তম পুরুষ। এইরূপ সকল বিভক্তিতে দ্রষ্টব্য।

৪। সব্বেসমেকাভিধানে পরো পুরিসো।

সব্বেসং তিণ্ণং পঠম-মজ্ঝিমুত্তম-পুরিসানং একাভিধানে পরো পুরিসো গহেতব্বো।

সো চ পঠতি, তে চ পঠন্তি, ত্বং চ পঠসি, তুম্হে চ পঠথ অহঞ্চ পঠামি, মযং পঠাম। সো চ পচতি, তে চ পচন্তি, ত্বঞ্চ পচসি, তুম্হে চ পচথ, অহঞ্চ পচামি, মযং পচাম। এবং সেসাসু বিভত্তিসু পরো পুরিসো যোজেতব্বো।

৫। নামম্হি পযুজ্জমানেপি তুল্যাধিকরণে পঠমো।

নামম্হি পযুজ্জমানেপি অপ্পযুজ্জমানেপি তুল্যাধিকরণে পঠমো পুরিসো হোতি।

৪। প্রথম, মধ্যম এবং উত্তম পুরুষ ভেদে পুরুষ ত্রিবিধ, ইহাদের মধ্যে আমি উত্তম পুরুষ, তুমি মধ্যম পুরুষ এবং এতদ্ভিন্ন অপর সমস্ত প্রথম পুরুষ নামে কথিত হয়। যথা—বর্ত্তমানাদি সমান কালে ত্রিবিধ পুরুষের মধ্যে প্রথম পুরুষও মধ্যম পুরুষের সংযোগ হইলে, আগে প্রথম পুরুস ও তৎপরে মধ্যম পুরুষ ব্যবহৃত হয়, প্রথম পুরুষ ও উত্তম পুরুষের সংযোগ হইলে, আগে প্রথম পুরুষ ও পরে উত্তম পুরুষ ব্যবহৃত হয়, মধ্যম পুরুষ ও উত্তম পুরুষের সংযোগ হইলে আগে মধ্যম পুরুষ ও পরে উত্তম পুরুষ ব্যবহৃত হয়, অথবা ত্রিবিধ পুরুষের একত্র সংযোগে সর্ব্বশেষে উত্তম পুরুষ ব্যবহৃত হয়। যথা—সোচ পঠতি, তে চ পঠন্তি, ত্বঞ্চ পঠসি, তুম্হে চ পঠথ, অহঞ্চ পঠামি, ইহাদের একত্র সংযোগে—মযং পঠাম। সো চ পচতি, তে চ পচন্তি, ত্বঞ্চ পচসি, তুম্হে চ পচথ, অহঞ্চ পচামি, ইহাদের একত্র সংযোগে—মযং পচাম। পুনঃ, সো চ পচতি, ত্বঞ্চ পচসি, এস্থলে ইহাদের একত্র সংযোগে তুম্হে পচথ। সোচ পচতি, অহঞ্চ পচামি, এস্থলে ইহাদের একত্র সংযোগে মযং পচাম। ত্বঞ্চ পচসি, অহঞ্চ পচামি, এ'স্থলে ইহাদের একত্র সংযোগে—মযং পচাম। এইরূপ অবশিষ্ট বিভক্তি সমূহের মধ্যেও দ্রষ্টব্য।

৫। কর্ত্তানুযায়ী ক্রিয়ার প্রয়োগ হয়, অর্থাৎ কর্ত্তা যেই পুরুষের, ক্রিয়াও সেই পুরুষের হয়, ইহাতে কর্ত্তার উল্লেখ থাকুক্ বা নাই থাকুক্। সুতরাং কর্ত্তা যদি প্রথম পুরুষের হয়, তদনুযায়ী ক্রিয়াও প্রথম পুরুষের হইয়া থাকে। যথা—সো গচ্ছতি, তে গচ্ছন্তি—এখানে কর্ত্তার উল্লেখ হইয়াছে। গচ্ছতি, গচ্ছন্তি—এখানে কর্ত্তার উল্লেখ হয় নাই।

সো গচ্ছতি, তে গচ্ছন্তি। অপ্পযুজ্জমানেপি ; গচ্ছতি, গচ্ছন্তি। তুল্যাধিকরণেতি কিমত্থং ? তেন হঞ্ঞসে ত্বং দেবদত্তেন।

৬। তুম্হে মজ্ঝিমো।

তুম্হে পযুজ্জমানেপি অপ্পযুজ্জমানেপি তুল্যাধিকরণে মজ্ঝিম পুরিসো হোতি। ত্বং যাসি, তুম্হে যাথ। অপ্পযুজ্জমানেপি যাসি, যাথ। তুল্যাধিকরণেতি কিমত্থং ? তযা পচ্চতে ওদনো।

৭। অম্হে উত্তমো।

অম্হে পযুজ্জমানেপি অপ্পযুজ্জমানেপি তুল্যাধিকরণে উত্তম পুরিসো হোতি। অহং যজামি, মযং যজাম। অপ্পযুজ্জমানেপি; যজামি, যজাম। তুল্যাধিকরণেতি কিমত্থং ? মযা ইজ্জতে বুদ্ধো।

৮। কালে।

কালে ইচ্চেতং অধিকারত্থং বেদিতব্বং।

সূত্রোক্ত 'তুল্যাধিকরণে'—অর্থাৎ সমানাধিকরণ বা কর্ত্তা ও ক্রিয়ার সম্বন্ধতা থাকিলে ইহা কি জন্য বলা হইয়াছে? তেন হঞ্‌ঞসে ত্বং দেবদত্তেন, এস্থলে ক্রিয়া কর্ত্তানুযায়ী না হইয়া কর্ম্মানুযায়ী হইয়াছে।

৬। কর্ত্তার উল্লেখ থাকুক্ বা নাই থাকুক্ মধ্যম পুরুষ 'তুম্হ' শব্দের অনুযায়ী ক্রিয়াও মধ্যম পুরুষের হয়। যথা—ত্বং যাসি, তুম্হে যাথ—এখানে কর্ত্তার উল্লেখ হইয়াছে। যাসি, যাথ—এখানে কর্ত্তার উল্লেখ হয় নাই। সূত্রোক্ত 'তুল্যাধিকরণে'—অর্থাৎ "কর্ত্তার সহিত ক্রিয়ার সম্বন্ধ থাকিলে" ইহা কি জন্য বলা হইয়াছে? তাহা না হইলে ক্রিয়া কর্ত্তা-অনুযায়ী হয় না। যথা—তযা পচ্চতে ওদনো, এস্থলে ক্রিয়া কর্ম্মানুযায়ী হইয়াছে।

৭। কর্ত্তার উল্লেখ থাকুক্ বা নাই থাকুক্ উত্তম পুরুষ 'অম্হ' শব্দের অনুযায়ী ক্রিয়াও উত্তম পুরুষের হয়, অর্থাৎ উত্তম পুরুষ কর্ত্তা হইলে তদনুযায়ী ক্রিয়াও উত্তম পুরুষের হয়। যথা—অহং যজামি, মযং যজাম—এখানে কর্ত্তার উল্লেখ হইয়াছে। যজামি, যজাম—এখানে কর্ত্তার উল্লেখ হয় নাই। সূত্রোক্ত 'তুল্যাধিকরণে'—কর্ত্তার সহিত ক্রিয়ার সম্বন্ধ থাকিলে ইহা কেন বলা হইয়াছে? তাহা না হইলে ক্রিয়া কর্ত্তানুযায়ী হয় না। যথা—মযা ইজ্জতে বুদ্ধো, এস্থলে ক্রিয়া কর্ত্তানুযায়ী না হইয়া কর্ম্মানুযায়ী হইয়াছে।

৮। 'কালে' এই সূত্রটি নিম্নোক্ত সূত্র-সমূহের সহিত যোগ করিয়া সূত্র-

৯। বত্তমানা পচ্চুপ্পন্নে।

পচ্চুপ্পন্নে কালে বত্তমানা বিভত্তি হোতি। পাটলিপুত্তং গচ্ছতি, সাবত্থিযং পবিসতি, বিহরতি জেতবনে।

১০। আনত্যাসিট্ঠেনুত্তকালে পঞ্চমী।

আণত্যত্থে চ আসিট্ঠত্থে চ অনুত্তকালে পঞ্চমী বিভত্তি হোতি। করোতু কুসলং, সুখং তে হোতু।

১১। অনুমতি-পরিকপ্পত্থেসু সত্তমী।

অনুমত্যত্থে চ পরিকপ্পত্থে চ অনুত্তকালে সত্তমী বিভত্তি হোতি। ত্বং গচ্ছেয্যাসি, কিমহং করেয্যামি।

১২। অপচ্চক্খে পরোক্খাতীতে।

অপচ্চক্খে অতীতে কালে পরোক্খা বিভত্তি হোতি। সুপিনে কিলমাহ, এবং কিল পোরাণা আহু।

১৩। হীযোপ্পভূতি পচ্চক্খে হীযত্তনি।

হীযোপ্পভূতি অতীতে কালে পচ্চক্খে বা অপচ্চক্খে বা হীযত্তনি বিভত্তি হোতি। সো মগ্গং অগমা, তে মগ্গং অগমু।

গুলির কার্য্য করিতে হইবে। অর্থাৎ 'কালে' এই সূত্রটি বর্ত্তমানাদি অষ্টবিধ ক্রিয়া-বিভক্তি বিধানে সর্ব্বত্র যোগ করিতে হইবে।

৯। প্রত্যুৎপন্নকালে বর্ত্তমানা বিভক্তি হয়, (সংস্কৃত ব্যাকরণে ইহাকে লট্ কহে) যথা—পাটলিপুত্তং গচ্ছতি, সাবত্থিযং পবিসতি, বিহরতি জেতবনে।

১০। অনুজ্ঞা ও আশীর্ব্বাদার্থে অনুক্তকালে পঞ্চমী বিভক্তি হয়। যথা—করোতু কুসলং, সুখং তে হোতু।

১১। অনুমতি ও সম্ভাবনা অর্থে অনুক্তকালে সপ্তমী বিভক্তি হয়। যথা—ত্বং গচ্ছেয্যাসি, কিমহং করেয্যামি।

১২। অপ্রত্যক্ষে অতীতকালে পরোক্ষা বিভক্তি হয়। অর্থাৎ যেই ক্রিয়া বহুদিন হইল সমাপ্ত হইয়া গিয়াছে, তাহার অতীতকালকে পরোক্ষা কহে। তাদৃশ অতীতকালে পরোক্ষা বিভক্তি হয়। যথা—সুপিনে কিলমাহ, এবং কিলপোরাণা আহু।

১৩। গতকল্য প্রভৃতি প্রত্যক্ষে বা অপ্রত্যক্ষে অতীতকালে হীযত্তনি (হ্যস্তনী) বিভক্তি হয়। অর্থাৎ অদ্য দিন ব্যতীত গতকল্য হইতে অল্প

১৪। **সমীপেজ্জতনি।**

অজ্জপ্পভুতি অতীতে কালে পচ্চক্খে বা অপচ্চক্খে বা সমীপে অজ্জতনি বিভত্তি হোতি। সো মগ্গং অগমী, তে মগ্গং অগমূং।

১৫। **মাযোগে সব্বকালে চ।**

হীযত্তনি অজ্জতনি ইচ্চেতা বিভত্তিযো যদা মাযোগো তদা সব্বকালে চ হোন্তি। মা গমা, মা বচা, মা গমী, মা বচী। চসদ্দগ্গহণেন পঞ্চমী বিভত্তি হোতি, মা গচ্ছাহি।

১৬। **অনাগতে ভবিস্সন্তি।**

অনাগতে কালে ভবিস্সন্তি বিভত্তি হোতি। সো গচ্ছিস্সতি, সো করিস্সতি, তে গচ্ছিস্সন্তি, তে করিস্সন্তি।

১৭। **ক্রিযাতিপন্নেতীতে কালাতিপত্তি।**

ক্রিযাতিপন্নমত্তে অতীতে কালে কালাতিপত্তি বিভত্তি হোতি। সো চে তং যানং অলভিস্সা অগচ্ছিস্সা, তে চে তং যানং অলভিস্সংসু অগচ্ছিস্সংসু।

অতীত কিম্বা বহু অতীত বুঝাইলে 'হীযত্তনি' বিভক্তি হয়। যথা—সো মগ্গং অগমা, তে মগ্গং অগমু।

১৪। অদ্য হইতে অল্প অতীতকাল বুঝাইলে 'অজ্জতনি' (অদ্যতনী) বিভক্তি হয়। যথা—সো মগ্গং অগমী, তে মগ্গং অগমুং।

১৫। যখন নিষেধার্থবাচক 'মা' শব্দের প্রয়োগ হয়, তখন 'হীযত্তনি' ও 'অজ্জতনি' বিভক্তি ব্যবহৃত হয়। যথা—মা গমা, মা বচা, মা গমী, মা বচী। সূত্রোক্ত সমুচ্চয়ার্থবাচক চকারের যোগে—নিষেধার্থবাচক 'মা' শব্দের প্রয়োগে 'পঞ্চমী বিভক্তিও হয়। যথা—মা গচ্ছাহি।

১৬। অনাগতকালে অর্থাৎ ভবিষ্যৎকাল বুঝাইলে "ভবিস্সন্তি" বিভক্তি হয়। যথা—সো গচ্ছিস্সতি, সো করিস্সতি, তে গচ্ছিস্সন্তি, তে করিস্সন্তি।

১৭। ক্রিয়াতিপন্ন অতীতকালে অর্থাৎ ক্রিয়া ঘটিবার সম্ভাবনা ছিল অথচ ঘটে নাই, এইরূপ ক্রিয়ার কাল বুঝাইলে "কালাতিপত্তি" বিভক্তি হয়। যথা—সো চে তং যানং অলভিস্সা অগচ্ছিস্সা, তে চে তং যানং অলভিস্সংসু অগচ্ছিস্সংসু।

১৮। বত্তমানা তি অন্তি, সি থ, মি ম, তে অন্তে, সে ৰে্হ, এ মে্হ।

বত্তমানা—ইচ্চেসা সঞ্ঞা হোতি তি অন্তি, সি থ, মি ম, তে অন্তে, সে ৰে্হ, এ ম্হে ইচ্চেতেসং দ্বাদসন্নং পদানং। বত্তমানা ইচ্চনেন ক্বথো? বত্তমানা পচ্চুপ্পন্নে।

১৯। পঞ্চমী তু অন্তু, হি থ, মি ম; তং অন্তং, স্সু ৰে্হা, এ আমসে।

পঞ্চমী—ইচ্চেসা সঞ্ঞা হোতি তু অন্তু, হি থ, মি ম; তং অন্তং, স্সু ৰে্হা, এ আমসে ইচ্চেতেসং দ্বাদসন্নং পদানং।

পঞ্চমী ইচ্চনেন ক্বথো? আণত্যাসিট্ঠেনুত্তকালে পঞ্চমী।

২০। সত্তমী এয্য এয্যুং, এয্যাসি এয্যাথ, এয্যামি এয্যাম; এথ এরং, এথো এয্যৰে্হা, এয্যং এয্যাম্হে।

সত্তমী—ইচ্চেসা সঞ্ঞা হোতি এয্য এয্যুং, এয্যাসি এয্যাথ, এয্যামি এয্যাম; এথ এরং, এথো এয্যৰে্হা, এয্যং এয্যাম্হে ইচ্চেতেসং দ্বাদসন্নং পদানং।

সত্তমী—ইচ্চনেন ক্বথো? অনুমতি পরিকপ্পত্থেসু সত্তমী।

১৮। তি অন্তি, সি থ, মি ম, তে অন্তে, সে ৰে্হ, এ মে্হ, এই দ্বাদশ পদের নাম বর্ত্তমানা বিভক্তি। সূত্রোক্ত "বত্তমানা"—অর্থাৎ 'বর্ত্তমানা বিভক্তি' ইহা কিজন্য বলা হইয়াছে? "বত্তমানা পচ্চপ্পন্নে" এই সূত্রের জন্য বলা হইয়াছে।

১৯। তু অন্তু, হি থ, মি ম, তং অন্তং, স্সু ৰে্হা, এ আমসে, এই দ্বাদশ পদের নাম পঞ্চমী বিভক্তি।

২০। এয্য এয্যুং, এয্যাসি এয্যাথ, এয্যামি এয্যাম। এথ এরং, এথো এয্যৰে্হা, এয্যং এয্যাম্হে, এই দ্বাদশ পদের নাম সপ্তমী বিভক্তি (সংস্কৃত ব্যাকরণে ইহাকে বিধিলিং বলে)।

২১। পরোক্খা অ উ, এ ত্থ, অ ম্হ ; ত্থ রে, ত্থো ব্হা, ই ম্হে।

পরোক্খা—ইচ্চেসা সঞ্ঞা হোতি অ উ, এ ত্থ, অ ম্হ, ত্থ রে, ত্থো ব্হা, ই ম্হে ইচ্চেতেসং দ্বাদসন্নং পদানং।

পরোক্খা ইচ্চনেন ক্বথো ? অপচ্চক্খে পরোক্খাতীতে।

২২। হীয়ত্তনি আ উ, ও ত্থ, অ ম্হা ; ত্থ ত্থুং, সে ব্হং, ইং ম্হসে।

হীয়ত্তনি ইচ্চেসা সঞ্ঞা হোতি আ, উ, ও ত্থ, অ ম্হ ; ত্থ ত্থুং, সে ব্হং, ইং ম্হসে ইচ্চেতেসং দ্বাদসন্নং পদানং।

হীয়ত্তনি ইচ্চনেন ক্বথো ? হীয়োপ্পভুতি পচ্চক্খে হীয়ত্তনি।

২৩। অজ্জতনি ঈ উং, ও ত্থ, ইং ম্হা ; আ উ, সে ব্হং, অ ম্হে।

অজ্জতনি ইচ্চেসা সঞ্ঞা হোতি ঈ উং, ও ত্থ, ইং ম্হা ; আ উ, সে ব্হং, অ ম্হে ইচ্চেতেসং দ্বাদসন্নং পদানং।

অজ্জতনি ইচ্চনেন ক্বথো ? সমীপেজ্জতনি।

২৪। ভবিস্সন্তি স্সতি স্সন্তি, স্সসি স্সথ, স্সামি স্সাম ;
স্সতে স্সন্তে, স্সসে স্সব্হে, স্সং স্সাম্হে।

ভবিস্সন্তি ইচ্চেসা সঞ্ঞা হোতি স্সতি, স্সন্তি স্সসি স্সথ, স্সামি স্সাম ; স্সতে স্সন্তে, স্সসে স্সব্হে, স্সং স্সাম্হে ইচ্চেতেসং দ্বাদসন্নং পদানং। ভবিস্সন্তি ইচ্চনেন ক্বথো ? অনাগতে ভবিস্সন্তি।

২১। অ উ, এ ত্থ, অ ম্হ। ত্থ রে, ত্থো ব্হা, ই ম্হে, এই দ্বাদশ পদের নাম পরোক্ষা বিভক্তি।

২২। আ উ, ও ত্থ, অ ম্হা। ত্থ ত্থুং, সে ব্হং, ইং ম্হসে, এই দ্বাদশ পদের নাম হীযত্তনি বিভক্তি (হ্যস্তনী)।

২৩। ঈ উং, ও ত্থ, ইং ম্হা। আ উ, সে ব্হং, অ ম্হে, এই দ্বাদশ পদের নাম অজ্জতনি বিভক্তি।

২৪। স্সতি স্সন্তি, স্সসি স্সথ, স্সামি স্সাম। স্সতে স্সন্তে, স্সসে স্সব্হে, স্সং স্সাম্হে, এই দ্বাদশ পদের নাম ভবিস্সন্তি বিভক্তি।

২৫। কালাতিপত্তি স্সা স্সংসু, স্সে স্সথ, স্সং স্সম্হা; স্সথ স্সিংসু, স্সসে স্সব্হে, স্সং স্সাম্হসে।

কালাতিপত্তি ইচ্চেসা সঞ্ঞা হোতি, স্সা স্সংসু, স্সে স্সথ, স্সং স্সমহা; স্সথ স্সিংসু, স্সসে স্সবেহ, স্সং স্সামহসে ইচ্চেতেসং দ্বাদসন্নং পদানং।

কালাতিপত্তি ইচ্চনেন ক্বত্থো? ক্রিয়াতিপন্নেতীতে কালাতি-পত্তি।

২৬। হীযত্তনি সত্তমী পঞ্চমী বত্তমানা সব্বধাতুকং।

হীযত্তনাদযো চতস্সো বিভত্তিযো সব্বধাতুকসঞ্ঞা হোন্তি। অগমা, গচ্ছেয্য, গচ্ছতু, গচ্ছতি।

সব্বধাতুকমিচ্চনেন ক্বত্থো? ইকারাগমো অসব্বধাতুকম্হি।

ইতি অখ্যাত কপ্পে পঠমো কণ্ডো।

২৫। স্সা স্সংসু, স্সে স্সথ, স্সং স্সম্হা। স্সথ স্সিংসু, স্সসে স্সবেহ, স্সং স্সাম্হসে, এই দ্বাদশ পদের নাম কালাতিপত্তি বিভক্তি।

২৬। হীযত্তনি, সপ্তমী, পঞ্চমী এবং বত্তমানা, এই চতুর্ব্বিধ বিভক্তিকে 'সব্বধাতুক' (সর্ব্বধাতুক) বলে। যথা—অগমা, গচ্ছেয্য, গচ্ছতু, গচ্ছতি।

আখ্যাত কল্পে প্রথম কাণ্ড সমাপ্ত

আখ্যাত কপ্পে দুতিযো কপ্পো।

১। ধাতুলিঙ্গেহি পরাপ্পচ্চযা।

ধাতু লিঙ্গ ইচ্চেতেহি পরা পচ্চযা হোন্তি। করোতি, গচ্ছতি। যে: কোচি করোতি তং কুব্বন্তমঞ্ঞো করোহি করোহি ইচ্চেবং ব্রবীতি কারেতি।

অথবা করোন্তং পযোজযতি কারেতি। সঙ্ঘো পব্বতমিব অত্তানমাচরতি পব্বতাযতি। সমুদ্দমিব অত্তানমাচরতি সমুদ্দাযতি।

এবং সদ্দো চিচ্চিটমিব অত্তানমাচরতি চিচ্চিটাযতি, বসিট্ঠস্স অপচ্চং বাসিট্ঠো। এবমঞ্ঞেপি যোজেতব্বা।

আখ্যাত কল্পে দ্বিতীয় কাণ্ড।

১। ধাতু ও লিঙ্গের (প্রতিপাদিকের) উত্তর প্রত্যয় হয়। এখানে ধাতুর উত্তর আখ্যাত বিভক্তিই অভিপ্রেত। যথা—করোতি, এস্থলে কর ধাতু করণ অর্থে, কর ধাতুর উত্তর তি বিভক্তি করিয়া তৎপরে "তনাদিতো ওযিরা" এই সূত্রানুসারে কর ধাতুর পরে 'ও' প্রত্যয় করিলে 'করোতি' এই আখ্যাত-ক্রিয়া পদ সিদ্ধ হয়। গচ্ছতি, এস্থলেও উক্তনিয়ম—গমুধাতুর উত্তর তি বিভক্তি, তৎপরে গমুধাতুর স্থানে 'গচ্ছ' আদেশ করিলে 'গচ্ছতি' এই আখ্যাত-ক্রিয়া পদ হয়।

একজন কিছু করিতেছে, তাহাকে অন্য একজন কর-কর বলিয়া কার্য্য সম্পাদন করাইতেছে, এই অর্থে, অথবা এককর্ত্তা অন্য কর্ত্তাকে ক্রিয়ায় নিযুক্ত করিয়া কার্য্য সম্পাদন করাইতেছে, এইরূপ অর্থ বুঝাইলে—কারেতি, এ'স্থলে কর' ধাতুর পরে ণে' প্রত্যয় করিলে 'কারে' হয়, তদুত্তর তি' বিভক্তি করিলে 'কারেতি' এই আখ্যাত ক্রিয়া সিদ্ধ হয়, ইহার অর্থ—করাইতেছে।

'সঙ্ঘো পব্বতমিব অত্তানমাচরতি' এই অর্থে—পব্বতাযতি, এস্থলে 'পব্বত' শব্দের পরে আয' প্রত্যয় করিলে 'পব্বতায,' এই নামধাতু নিষ্পন্ন হয়' তদুত্তর 'তি' বিভক্তি করিলে 'পব্বতাযতি' এই আখ্যাত-ক্রিয়া পদ সিদ্ধ

২। তিজ-গুপ-কিত-মানেহি খ-ছ-সা বা।

তিজ, গুপ, কিত মান ইচ্চেতেহি ধাতূহি খ ছ স ইচ্চেতে পচ্চযা হোন্তি বা। তিতিক্খতি, জিগুচ্ছতি, তিকিচ্ছতি, বীমংসতি। বাতি কিমথং? তেজতি, গোপতি, মানেতি।

হয়। 'সমুদ্দমিব অত্তানমাচরতি,' এই অর্থে সমুদ্দাযতি, এ'স্থলেও উক্তপ্রকার রূপ-সিদ্ধি দ্রষ্টব্য। এইরূপ—'সদ্দো চিচ্চিটমিব অত্তানমাচরতি,' এই অর্থে—চিচ্চিটাযতি (চিটি চিটি শব্দ করিতেছে)। 'বসিট্ঠস্স অপচ্চং,' এই অর্থে 'বসিট্ঠ' শব্দের উত্তর ণ প্রত্যয় করিলে—বাসিট্ঠো।

২। তিজ, গুপ, কিত, মান, এই ধাতুসমূহের উত্তর খ, ছ, স, এই তিন প্রকার প্রত্যয় হয়, বিকল্পে। যথা—তিতিক্খতি,' এস্থলে তিজ ধাতু তেজ, সানান, সহ্যকরা, ক্ষমা করা অর্থে,—তিজ ধাতুর উত্তর 'খ' প্রত্যয় করিয়া "ক্চাদিবণ্ণানমেকস্সরানং দ্বেভাবো" এইসূত্রানুসারে তিজধাতুর একস্বর-বিশিষ্ট আদ্য বর্ণ তিকারের দ্বিত্ব করিলে "তিতিজ" এই পদ হয়, 'কো খে চ' এই সূত্রানুসারে 'খ' প্রত্যয় পরে থাকাতে 'তিজ' এই ধাতুর অন্ত্যবর্ণ জকারের স্থানে ককার আদেশ করিলে 'তিতিক্খ' এই প্রত্যয়ান্ত ধাতু নিষ্পন্ন হয়, তদুত্তর 'তি' বিভক্তি করিলে—'তিতিক্খতি' এই আখ্যাত ক্রিয়া পদ সিদ্ধ হয়।

জিগুচ্ছতি, এস্থলে 'গুপ' ধাতু—গোপন, জুগুপ্সা অর্থে; 'গুপ' ধাতুর উত্তর 'ছ' প্রত্যয় করিয়া পূর্ব্বোক্ত নিয়মে গুপ ধাতুর একস্বর বিশিষ্ট বর্ণ গুকারের দ্বিত্ব করিলে 'গুগুপ' এই পদ হয়, তৎপরে "পুব্বোব্ভাসো" এই সূত্রানুসারে 'গুগু' এই বর্ণদ্বয়ের আদ্য বর্ণ গুকারের নাম হয় 'অভ্যাস' বর্ণ "অন্তস্সিবণ্ণাকারো বা" এই সূত্রানুসারে অভ্যাসবর্ণ গুকারের উকারের স্থানে ইকার আদেশ করিলে, 'গিগুপ' এই পদ হয়, "কবগ্গস্স চবগ্গো" এই সূত্রানুসারে উক্ত অভ্যাসবর্ণ 'গি'কারের গকারের স্থানে 'জ' আদেশ করিলে 'জিগুপ' এই পদ হয়, ইকার পর "ব্যঞ্জনন্তস্স চো ছপ্পচ্চযেসু চ" এই সূত্রানুসারে 'ছ' প্রত্যয় পরে থাকাতে ধাতুর অন্ত্যবর্ণ পকারের স্থানে চকার আদেশ করিলে 'জিগুচ্ছ' এই প্রত্যয়ান্ত ধাতু নিষ্পন্ন হয়, তদুত্তর 'তি' বিভক্তি করিলে 'জিগুচ্ছতি' এই আখ্যাত ক্রিয়া-পদ সিদ্ধ হয়।

তিকিচ্ছতি, এ'স্থলে 'কিত' ধাতু রোগ-অপনয়ন করা অর্থে—'কিত' ধাতুর উত্তর 'ছ' প্রত্যয় করিয়া পূর্ব্বোক্ত সূত্রানুসারে 'কিত' ধাতুর একস্বর

৩। **ভুজ-ঘস-হর-সু-পাদীহি তুমিচ্ছথেসু চ।**

ভূজ ঘস হর সু পা ইচ্চেবমাদীহি ধাতূহি তুমিচ্ছথেসু খ ছ স ইচ্চেতে পচ্চযা হোন্তি বা।

ভোত্তুমিচ্ছতি বুভুক্খতি, ঘসিতুমিচ্ছতি জিঘচ্ছতি, হরিতুমিচ্ছতি জিগিংসতি, সোতুমিচ্ছতি সুস্সূসতি, পাতুমিচ্ছতি পিবাসতি।

বাতি কিমত্থং? ভোত্তুমিচ্ছতি।

তুমিচ্ছথেসূতি কিমত্থং? ভুঞ্জতি।

বিশিষ্টবর্ণ কিকারের দ্বিত্ব করিলে 'কিকিত' এই পদ হয়, 'পুব্বোব্ভাসো' এই সূত্রানুসারে 'কিকি' এই বর্ণ দ্বয়ের আদ্য অভ্যাস বর্ণ কিকারের ককারের স্থানে তকার আদেশ করিলে 'তিকিত' এই পদ হয়, তৎপরে ধাতুর অন্ত্যবর্ণ তকারের স্থানে চকার আদেশ করিলে 'তিকিচ্ছ' এই প্রত্যয়ান্ত ধাতু নিষ্পন্ন হয়, তদুত্তর, তি, বিভক্তি করিলে 'তিকিচ্ছতি' এই আখ্যাত ক্রিয়া-পদ সিদ্ধ হয়।

বীমংসতি, এস্থলে 'মান'ধাতু মীমাংসা, পূজা অর্থে,—'মানধাতুর উত্তর 'স' প্রত্যয় করিলে পূর্ব্বোক্ত নিয়মে 'মান' ধাতুর একস্বর বিশিষ্টবর্ণ মাকারের দ্বিত্ব করিলে 'মামান' এই পদ হয়, তৎপরে 'পুব্বোব্ভাসো' এই সূত্রানুসারে 'মামা' এই বর্ণ-দ্বয়ের আদ্য অভ্যাসবর্ণ মাকারের আকারের স্থানে ঈকার আদেশ করিলে, 'মীমান' এই পদ হয়, তৎপরে 'মানকিতানং বতত্তং বা" এই সূত্রানুসারে অভ্যাস বর্ণ মীকারের মকারের স্থানে বকার আদেশ করিলে 'বীমান' এই পদ হয়, ইহার পর "ততো পামানানং বামংসেসু" এই সূত্রানুসারে অভ্যাসবর্ণ বীকারের পর 'মান' ধাতুর স্থানে 'মং' আদেশ করিলে 'বীমাংস' এই প্রত্যয়ান্ত ধাতু নিষ্পন্ন হয়, তদুত্তর 'তি' বিভক্তি করিলে 'বীমংসতি' এই আখ্যাত ক্রিয়া পদ সিদ্ধ হয়। সূত্রোক্ত 'বা' অর্থাৎ 'বিকল্পে' ইহা বলিবার কারণ কি? সর্ব্বত্র উক্ত নিয়ম হয় না বলিয়া। যথা—তেজতি, গোপতি, মানেতি।

৩। ভুজ, ঘস, হর, সু, পা প্রভৃতি ধাতুর উত্তর তুং প্রত্যয়ান্ত পদ সহ ইচ্ছা বুঝাইলে খ, ছ, এবং স প্রত্যয় হয়, বিকল্পে। যথা—'ভোত্তুমিচ্ছতি'—এই অর্থে বুভুক্খতি, এ'স্থলে 'ভুজ' ধাতুর উত্তর 'খ' প্রত্যয় করিয়া ধাতুর আদ্যবর্ণ ভুকারের দ্বিত্ব করিলে 'ভুভুজ' এই পদ হয়, তৎপরে ইহার 'ভুভু' এই বর্ণ-দ্বয়ের পুর্ব্ববর্ণ ভুকারের নাম হয় অভ্যাসবর্ণ, "দুতিয় চতুত্থানং পঠম-

৪। আয নামতো কত্তূপমানাদাচারে।

নামতো কত্তূপমানা ইচ্চেতস্মা আচারত্থে আযপচ্চযো হোতি। পৰ্ৰতাযতি, সমুদ্দাযতি, চিচ্চিটাযতি। এবমঞ্ঞেপি যোজেতৰ্বা।

৫। ঈযূপমানা চ।

নামতো উপমানা আচারত্থে ঈযপচ্চযো হোতি, অছত্তং ছত্তমিব আচরতি ছত্তীযতি, অপুত্তং পুত্তমিব আচরতি পুত্তীযতি। উপমানা'তি কিমত্থং? ধম্মমাচরতি।

আচরত্থে'তি কিমত্থং? অছত্তং ছত্তমিব রক্খতি, এবমঞ্ঞেপি যোজেতৰ্বা।

ততিযা" এই সূত্রানুসারে অভ্যাসবর্ণ ভুকারের ভকারের স্থানে বকার আদেশ করিলে 'বুভুজ' এই পদ হয়, তৎপরে 'কো খে চ' এই সূত্রানুসারে ভুজ ধাতুর অন্ত্যবর্ণ জকারের স্থানে ককার আদেশ করিলে 'বুভুক্খ' এই প্রত্যয়ান্ত ধাতু নিষ্পন্ন হয়, তদুত্তর তি বিভক্তি করিলে 'বুভুক্খতি'এই আখ্যাত ক্রিয়া পদ সিদ্ধ হয়। এইরূপ—ঘসিতুমিচ্ছতি—জিঘচ্ছতি, হরিতুমিচ্ছতি,—জিগিংসতি সোতুমিচ্ছতি—সুস্সূসতি, পাতুমিচ্ছতি—পিবাসতি। সূত্রোক্ত 'বা' অর্থাৎ 'বিকল্পে' ইহা কিজন্য বলা হইয়াছে? সর্ব্বত্র উক্ত নিয়ম হয় না বলিয়া। যথা—ভোত্তুমিচ্ছতি। সূত্রোক্ত তুমিচ্ছত্থেসু—অর্থাৎ 'তুং' প্রত্যয়ান্ত পদসহ ইচ্ছা অর্থ বুঝাইলে—ইহা কেন বলা হইয়াছে? তাহা না হইলে প্রত্যয়ান্ত ধাতু সিদ্ধ হয় না। যথা—ভুঞ্জতি।

৪। আচরনার্থে দ্বিতীয়া বিভক্ত্যন্ত উপমান বাচক শব্দের উত্তর 'আয' প্রত্যয় হয়। যথা—পৰ্ৰতাযতি, এ'স্থলে 'পব্বত' শব্দের উত্তর 'আয' প্রত্যয় করিয়া 'পৰ্ৰতায' এই নাম ধাতু নিষ্পন্ন করা হইয়াছে, তদুত্তর 'তি' বিভক্তি করিলে পৰ্ৰতাযতি এই আখ্যাত ক্রিয়া-পদ সিদ্ধ হয়। এইরূপ—সমুদ্দাযতি, চিচ্চিটাযতি ইত্যাদি।

৫। আচরণার্থে দ্বিতীয়া বিভক্ত্যন্ত উপমান বাচক শব্দের উত্তর 'ঈয' প্রত্যয় হয়। যথা—'অছত্তং ছত্তমিব আচরতি' এই অর্থে ছত্তীযতি, 'অপুত্তং পুত্তমিব আচরতি' এই অর্থে 'পুত্ত' শব্দের উত্তর 'ঈয' প্রত্যয় করিলে 'পুত্তীয' এই নামধাতু নিষ্পন্ন হয়, তদুত্তর তি বিভক্তি করিলে পুত্তীযতি এই আখ্যাত ক্রিয়া-পদ সিদ্ধ হয়। সূত্রোক্ত 'উপাসনা' অর্থাৎ উপমান-নামক শব্দের উত্তর

৬। নামম্হাত্তিচ্ছখে।

নামম্হা অত্তনো ইচ্ছখে চ ঈযপচ্চযো হোতি। অত্তনো পত্তমিচ্ছতি পত্তীযতি। এবং বত্থীযতি, পরিক্খারীযতি, চীবরীযতি, ধনীযতি, পটীযতি। অত্তিচ্ছখেতি কিমত্থং ? অঞ্ঞস্স পত্তমিচ্ছতি। এবমঞ্ঞেপি যোজেতব্বা।

৭। ধাতূহি ণে-ণয-ণাপে-ণাপযা কারিতানি হেত্বত্থে।

সব্বেহি ধাতূহি ণে ণয ণাপে ণাপয ইচ্চেতে পচ্চযা হোন্তি কারিতসঞ্ঞা চ হেত্বত্থে।

যো কোচি করোতি তং কুব্বন্তমঞ্ঞো করোহি করোহি ইচ্চেবং ব্রবী'তি; অথবা করোন্তং পযোজযতি কারেতি, কারযতি, কারাপেতি, কারাপযতি।

সঞ্ঞাযমভিধেয্যাযং দাধাতো ইপ্পচ্চযো হোতি। পঠমং আদীয-তীতি আদি, উদকং দধাতীতি উদধি, মহোদকানি দধাতীতি মহোদধি, বালানি দধাতি তস্মিং ইতি বালধি, সম্মা ধীযতি দধাতীতি বা সন্ধি।

৩। তিকিত্ চাসিট্ঠে।

সঞ্ঞাযমভিধেয্যাযং সব্বধাতূহি তিপ্পচ্চযো হোতি কিত্ চ আসিট্ঠে।

জিনো এতং বুজ্ঝতূতি জিনবুদ্ধি, ধনং অস্সভবতূতি ধনভূতি,

কৃৎ-বিধান কল্পে দ্বিতীয় কাণ্ড।

১। ণ প্রত্যয় হইতে আরম্ভ করিয়া দ্বিতীয় 'যু' প্রত্যয় পর্য্যন্ত একবিংশতি কৃৎ প্রত্যয় কালত্রয়ে দ্রষ্টব্য অর্থাৎ ত্রিকালযুক্ত। যথা—কুম্ভং করোতি অকাসি করিস্সতীতি—কুম্ভ+কর+যু+ণ=কুম্ভকারো, করোতি অকাসি করিস্সতিনেনাতি—করণং, ইত্যাদি।

২। সংজ্ঞার্থে 'দা' 'ধা' ধাতুর উত্তর 'ই' প্রত্যয় হয়। যথা—পঠমং আদীযতীতি—আ+দা+ই=আদি, উদকং দধাতীতি—উদ+ধা+ই= উদধি, মহোদকানি দধাতীতি—মহোদধি, বালানি দধাতি তস্মিং ইতি—বালধি, সম্মাধীযতি দধাতীতি বা—সন্ধি।

৩। সংজ্ঞার্থে সমস্ত ধাতুর উত্তর আশীর্যার্থে 'তি' প্রত্যয় এবং কিৎ প্রত্যয় ও হয়। যথা—জিনোএতং বুজ্ঝতূতি—জিনবুদ্ধি, ধনং অস্স ভবতূতি—ধনভূতি, ভবতূতি—ভূতো, ভবতূতি—ভবো, ধম্মো এতং দদাতূতি—ধম্মদিন্নো, আযুনা বড্ঢতূতি—বড্ঢমানো, ইত্যাদি

ভবতুতি ভূতো, ভবতূতি ভাবো, ধম্মো এতং দদাতুতি ধম্মদিন্নো, আয়ুনাবড্ঢতুতি বড্ঢমানো। এবমঞ্ঞেপি যোজেতব্বা।

৪। ইত্থিযমভিযবো বা।

ইত্থিযমভিধেয্যাযং সব্বধাতূহি অকার তি যু ইচ্চেতে পচ্চযা হোন্তি বা। জীরতীতি জরা, মঞ্ঞতীতি মতি, চেতযতীতি চেতনা, বেদযতীতি বেদনা, এবমঞ্ঞেপি যোজেতব্বা।

৫। করতো রিরিয।

করতো ইত্থিযমনিত্থিযং বা অভিধেয্যাযং রিরিযপ্পচ্চযো হোতি। কত্তব্বা কিরিযা, করণীযং কিরিযং।

৬। অতীতে ত তবন্তুতাবী।

অতীতে কালে সব্বধাতূহি ত তবন্তু তাবী ইচ্চেতে পচ্চযা হোন্তি। অহোসি অহাবীতি বা হুতো, হুতবা, হুতাবী, অবসীতি বুসিতো, বুসিতবা, বুসিতাবী; অভুঞ্জীতি ভুত্তো, ভুত্তবা, ভুত্তাবী।

৪। স্ত্রীলিঙ্গে ধাতুর উত্তর অ, তি, এবং যু প্রত্যয় হয়, বিকল্পে। যথা—জীরতীতি জরা, মঞ্ঞতীতি মতি, চেতযতীতি চেতনা, বেদযতীতি বেদনা, এইরূপ অন্য শব্দ ও যোজনা করিবে।

৫। স্ত্রীলিঙ্গে কিম্বা অন্য লিঙ্গে 'কর' ধাতুর উত্তর 'রিরিয' প্রত্যয় হয়। যথা—কত্তব্বা—কিরিযা, করণীযং—কিরিযং।

৬। অতীতকালে সমস্ত ধাতুর উত্তর ত, তবন্তু এবং তাবী প্রত্যয় হয়। যথা—অহোসি অহবীতি বা—হুতো, এ'স্থলে হু ধাতু হওয়া অর্থে, হূ+ত+সি=হুতো, হূ+তবন্তু+সি=হুতবা, হূ+তাবী+সি=হুতাবী। এইরূপ অবসিতি—বুসিতো, বুসিতবা, বুসিতাবী। অভুঞ্জীতি—ভুত্তো, ভুত্তবা, ভুত্তাবী।

৭। ভাবকম্মেসু ত।

ভাবকম্মেসু অতীতে কালে তপ্পচ্চযো হোতি সব্বধাতূহি।

ভাবে তাব—তস্স গাযনং গীতং, নচ্চনং নচ্চং, নট্টং; হসনং হসিতং।

কম্মণি তাব—তেন ভাসযিত্থাতি ভাসিতং, দেসযিত্থাতি দেসিতং, করীযিত্থাতি কতং।

৮। বুধগমাদিত্থে কত্তরি।

বুধ গমু ইচ্চেবমাদীহি ধাতূহি তদত্থে গম্যমানে তপ্পচ্চযো হোতি কত্তরি সব্বকালে যথাসঙ্খ্যং।

সব্বে সঙ্খতাসঙ্খতে ধম্মে অবুজ্ঝি বুজ্ঝতি বুজ্ঝিস্সতীতি বুদ্ধো। সরণং গতো, সমথং গতো, অমতং গতো, ঞাতো, ইচ্চেবমাদি।

৯। জিতো ইনসব্বত্থ।

জি ইচ্চেতায ধাতুযা ইনপ্পচ্চযো হোতি সব্বকালে কত্তরি।

পাপকে অকুসলে ধম্মে অজিনি জিনাতি জিনিস্সতীতি জিনো।

৭। ভাবার্থে কর্ম্মবাচ্যে অতীতকালে সমস্ত ধাতুর উত্তর 'ত' প্রত্যয় হয়। যথা—ভাবার্থে—তস্স গাযনং গে+ত+সি—গীতং, নচ্চনং—নচ্চং, এ'স্থলে 'নত' ধাতু নৃত্যে নত+ত+সি=নচ্চং এ'খানে নত ধাতুর তকার সহ ত প্রত্যয়ের স্থানে নিপাতনে 'চ্চ' আদেশ হইয়াছে। 'নত' ধাতু নৃত্যে নত+ত+সি=নট্টং, এ'স্থলেও উক্ত সূত্রানুসারে 'নত' ধাতুর তকার সহ ত প্রত্যয়ের স্থানে 'নট্ট' আদেশ হইয়াছে। 'হস' ধাতু হাসনে, হস+ত+সি=হসিতং এ'খানে হস ধাতুর উত্তর ইকার আগম হইয়াছে। কর্ম্মবাচ্যে—তেন ভাসযিত্থাতি ভাসিতং, দেসযিত্থাতি দেসিতং, করীযিত্থাতি কতং।

৮। সর্ব্বকালে বুধ, গমু প্রভৃতি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে 'ত' প্রত্যয় হয়। যথা—সব্বে সঙ্খতা সঙ্খতে ধম্মে অবুজ্ঝি বুজ্ঝতি বুজ্ঝিস্সতীতি—বুধ+ত+সি=বুদ্ধো; সরণং গতো, সমথংগতো, অমতংগতো, ঞাতো, ইত্যাদি।

৯। সর্ব্বকালে জি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে 'ইন' প্রত্যয় হয়। যথা—পাপকে অকুসলে ধম্মে অজিনি জিনাতি জিনিস্সতীতি—জিনো।

১০। সুপতো চ।

সুপ ইচ্চেতায ধাতুযা ইনপ্পচ্চযো হোতি কত্তরি ভাবেচ।

সুপতীতি সুপিনো, সুপীযতেতি সুপিনং, কো অত্থো সুপিনেন তে?

১১। ঈসদুস্সুহি খ।

ঈস দু সু সদ্দাদীহি সব্বধাতুহি খপ্পচ্চযো হোতি ভাবকম্মেসু।

ঈসং সযনং ঈসস্সযো, দুট্ঠু সযনং দুস্সযো, সুট্ঠু সযনং সুস্সযো ভবতা, ঈসং কম্মং করীযতীতি ঈসক্করং, দুক্করং, সুকরং কম্মং ভবতা।

১২। ইচ্ছত্থেসু সমানকত্তুকেসু তবেতুং বা।

ইচ্ছত্থেসু সমানকত্তুকেসু সব্বধাতুহি তবে তুং ইচ্চেতে পচ্চয হোন্তি বা সব্বকালে কত্তরি।

পুঞ্ঞানি কাতুমিচ্ছতীতি কাতবে, সদ্ধম্মং সোতুমিচ্ছতীতি সোতবে।

১৩। অরহ সক্কাদিসু চ।

অরহসক্কাদিস্বত্থেসু চ সব্বধাতুহি তুং পচ্চযো হোতি।

কো তং নিন্দিতুমরহতি? সক্কা জেতুং ধনেন বা, এব মঞ্ঞেপি যোজেতব্বা।

১০। কর্ত্তৃ ও ভাববাচ্যের অর্থ বুঝাইলে সুপ ধাতুর উত্তর 'ইন' প্রত্যয় হয়। যথা—সুপতীতি সুপিনো; সুপীযতেতি সুপিনং, কো অত্থো সুপিনেন তে?

১১। ভাবার্থে ও কর্ম্মবাচ্যে ঈস, দু এবং সু শব্দের পরস্থিত ধাতুর উত্তর খ প্রত্যয় হয়। যথা—ভাবার্থবাচ্যে ঈসং সযনং—ঈস-সি+খ+সি= ঈসস্সযো, এ'স্থলে ঈস পূর্ব্বক সিধাতু সযনং, দুট্ঠু সযনং দু+সি+খ+সি= দুস্সযো, সুট্ঠু সযনং সুস্সযো ভবতা। কম্মবাচ্যে, ঈসং কম্মং করীযতীতি ঈসক্করং, দুক্করং, সুকরং কম্মং ভবতা।

১২। সর্ব্বকালে একই কর্ত্তার ইচ্ছা বুঝাইলে কর্ত্তৃবাচ্যে সমস্ত ধাতুর উত্তর 'তবে' এবং 'তুং' প্রত্যয হয়, বিকল্পে। যথা—পুঞ্ঞানি কাতুমিচ্ছতীতি কাতবে; সদ্ধম্মং সোতুমিচ্ছতীতি সোতবে; অর্থাৎ সে সদ্ধর্ম্ম শুনিতে ইচ্ছা করে।

১৩। অর্হ, সামর্থ্যাদি অর্থে ধাতুর উত্তর তুং প্রত্যয় হয়। যথা—গর্হা বা কুৎসা অর্থে—কো তং নিন্দিতুমরহতি? সক্কা জেতুং ধনেন বা, ইত্যাদি।

১৪। পত্তবচনে অলমত্থেসু চ।

পত্তবচনে সতি অলমত্থেসু চ সব্‌বধাতূহি তুং পচ্চযো হোতি।
অলমেব দানানি দাতুং, অলং পুঞ্ঞানি কাতুং।

১৫। পুব্‌বকালেককত্তুকানং তুনত্বানত্বা বা।

পুব্‌বকালে এককত্তুকানং ধাতূনং তুন ত্বান ত্বা ইচ্চেতে পচ্চযা হোন্তি বা।

কাতুন কম্মং গচ্ছতি, অকাতুন পুঞ্ঞং কিলমিস্সন্তি সত্তা, সুত্বান ধম্মং মোদন্তি, জিত্বান বসতি, সুত্বানস্স এতদহোসি, ইতো সুত্বান অমুত্র কথযন্তি, সুত্বা মযং জানিস্সাম, এবং সব্‌বত্থ যোজেতব্‌বা।

১৬। বত্তমানে মানন্তা।

বত্তমানকালে সব্‌বধাতূহি মান অন্ত ইচ্চেতে পচ্চযা হোন্তি।
সরতীতি সরমানো, রুদতীতি রোদমানো, গচ্ছতীতি গচ্ছন্তো, গণ্হাতীতি গণ্হন্তো।

১৪। সমর্থ, উচিত বা অনুরূপ অর্থ বোধক অলং শব্দের যোগে সমস্ত ধাতুর উত্তর তুং প্রত্যয় হয়। যথা—অলমেব দানানি দাতুং, অলং পুঞ্ঞানি কাতুং।

১৫। একই কর্ত্তার সমাপিকা ও অসমাপিকা ক্রিয়াবাচক ধাতুদ্বয়ের মধ্যে অসমাপিকা ক্রিয়াবাচক ধাতুর উত্তর তুন, ত্বান ও ত্বা প্রত্যয় হয়, বিকল্পে। যথা—কাতুন কম্মং গচ্ছতি, অকাতুন পুঞ্ঞং কিলমিস্সন্তি সত্তা, সুত্বান ধম্মং মোদন্তি, জিত্বান বসতি, সুত্বানস্স এতদহোসি, ইতো সুত্বান অমুত্র কথযন্তি, সুত্বা মযং জানিস্সাম, এইরূপ সর্ব্বত্র যোজনা করিবে।

১৬। বর্ত্তমানকালে সমস্ত ধাতুর উত্তর মান এবং অন্ত প্রত্যয় হয়। যথা—সরতীতি সরমানো, রুদতীতি রোদমানো, গচ্ছতীতি গচ্ছন্তো, গণ্হাতীতি গণ্হন্তো।

১৭। সাসাদীহি রথু।

সাস ইচ্চেবমাদীহি ধাতূহি রথুপ্পচ্চযো হোতি।

সাসতীতি সথা, সাসতি হিংসতীতি বা সথা।

১৮। পাদিতো রিতু।

পা ইচ্চেবমাদিতো ধাতুগণতো রিতুপ্পচ্চযো হোতি। পুত্তং পাতীতি পিতা।

১৯। মানাদীহি রাতু।

মান ইচ্চেবমাদীহি ধাতূহি রাতুপ্পচ্চযো হোতি রিতুপ্পচ্চযো চ।

ধম্মেন পুত্তং মানেতীতি মাতা, পুব্বে ভাসতীতি ভাতা, মাতাপিতূহি ধারীযতীতি ধীতা।

২০। আগমা তুকো।

আ ইচ্চাদিম্হা গমিতো তুকপ্পচ্চযো হোতি।

আগন্ত্বা গচ্ছতীতি আগন্তুকো (ভিক্খু)।

২১। ভব্বে ইক।

গমু ইচ্চেতস্মা ইকপ্পচ্চযো হোতি ভব্বে।

গমিস্সতীতি গমিকো, গন্তুং ভব্বোতি বা গমিকো (ভিক্খু)।

ইতি কিব্বিধান কপ্পে ছুতিযো কণ্ডো।

১৭। সাস প্রভৃতি ধাতুর উত্তর রথু প্রত্যয় হয়। যথা—সাসতীতি সথা, সাসতি হিংসতীতি বা সথা।

১৮। পা প্রভৃতি ধাতুগণের উত্তর 'রিতু' প্রত্যয় হয়। যথা—পুত্তং পাতীতি পিতা।

১৯। মান প্রভৃতি ধাতুর উত্তর রাতু এবং রিতু প্রত্যয় হয়। যথা—ধম্মেন পুত্তং মানেতীতি মাতা, পুব্বে ভাসতীতি ভাতা, মাতাপিতূহি ধারীযতীতি ধীতা।

২০। আ পূর্ব্বক গমু ধাতুর উত্তর 'তুক' প্রত্যয় হয়। যথা—আগন্ত্বা গচ্ছতীতি আগন্তুকো (ভিক্খু)।

২১। গমু ধাতুর উত্তর ভাবার্থে 'ইক' প্রত্যয় হয়। যথা—গমিস্সতীতি গমিকো, গন্তুং ভব্বোতি বা গমিকো (ভিক্খু)।

কৃৎ-বিধান কল্পে দ্বিতীয় কাণ্ড সমাপ্ত

কিব্বিধান কপ্পে ততিযো কণ্ডো

১। পচ্চযাদনিট্ঠা নিপাতনা সিজ্ঝন্তি।

সঙ্খ্যানামসমাস তদ্ধিতাখ্যাতকিতকপ্পম্‌হি সপ্পচ্চযা যে সদ্দা অনিট্ঠং গতা তে সাধনে নিরিক্খিত্বা সকেহি সকেহি নামেহি নিপাতনা সিজ্ঝন্তি যথাসঙ্খ্যং।

সঙ্খ্যাযং তাব—একস্স একা হোতি, দসস্স চ দকারস্স রো আদেসো হোতি। একো চ দস চ একাদস, একারস বা।

দ্বিস্স ৰা হোতি—দসস্স চ দকারস্স রো হোতি, দ্বে চ দস চ ৰারস, দ্বাদস ৰা। দ্বিস্স ৰা হোতি, দসস্স চ বীসং হোতি দ্বে চ বীসং চ ৰাবীসং।

কথং সোল্‌স সদ্দো—ছস্স সো হোতি, দসস্স চ দকারস্স লো হোতি, ছ চ দস চ সোল্‌স, ছ আযতনম্হি ছস্স সলো হোতি, ছ আযতনানি সল্‌াযতনানি, এবং সেসা সংখ্যা কাতব্‌ৰা।

নামিকে তাব—ইম সমান অপর ইচ্চেতেহি জ্জ জ্জুপ্পচ্চযা হোন্তি বা, ইম সমান সদ্দানঞ্চ অকার সকারাদেসা হোন্তি। ইমস্মিং কালে অজ্জ, অস্মিং কালে বা; সমানে কালে সজ্জু, সমানস্মিং বা; অপরস্মিং কালে অপরজ্জু, অপরস্মিং বা।

কৃৎ-বিধান কল্পে তৃতীয় কাণ্ড।

১। সংখ্যা, নাম, সমাস, তদ্ধিত, আখ্যাত এবং কৃৎ-কল্পে প্রত্যয় সহ যে সকল শব্দ নিষ্পন্ন হয় নাই, সেই সকল শব্দ স্ব স্ব নামে যথাক্রমে নিপাতনে সিদ্ধ হয়। যথা—সংখ্যায—এক শব্দের স্থানে একা আদেশ এবং দস শব্দের দকারের স্থানে রকার আদেশ হয়। যথা—একোচ দসচ—একাদস, একারস বা। দ্বি শব্দের স্থানে 'ৰা' আদেশ এবং দস শব্দের দকারের স্থানে রকার আদেশ হয়। যথা—দ্বেচ দসচ—ৰারস, দ্বাদস বা। দ্বি শব্দের স্থানে 'ৰা' আদেশ এবং দস শব্দের স্থানে 'বীসং' আদেশ হয়। যথা—দ্বেচ বীসঞ্চ—ৰাবীসং। 'সোলস' শব্দ কি রূপে সিদ্ধ হয়? ছকারের স্থানে স এবং দস শব্দের দকারের স্থানে 'ল' আদেশ হয়। যথা—ছ চ দস চ—সোল্‌স। ছ

সমাসে তাব—ভূমিগতো, অপাযগতো, ইস্সরকতং, সল্লবিদ্ধো। কঠিনদুস্সং, চোরভযং, ধঞ্ঞরাসি, সংসারদুক্খং, পুব্বা চ অপরা চ পুব্বাপরং।

তদ্ধিতে তাব—বাসিট্ঠো, ভারদ্বাজো, ভগ্গবো, পণ্ডবো, কোলেয্যো,

আখ্যাতে তাব যথা—অস ভূবীতি ধাতুতো বত্তমানেস্সু একবচন-বহুবচনেসু একবচনস্স তিস্স স্সো হোতি অন্তেন সহ, বহুবচনস্স অন্তিস্স স্সু হোতি অন্তেন সহ। এবমস্স বচনীযো, এবমস্সু বচনীযা; আণত্তিযং হিস্স স্সু হোতি বা, গচ্ছস্সু, গচ্ছাহি।

কিতকে তাব যথা—বদ হন ইচ্চেবমাদীহি ধাতূহি কপ্পচ্চযো হোতি বদস্স চ বাদো হনস্স চ ঘাতো। বদতীতি বাদো, বদতীতি বাদকো, হনতীতি ঘাতো, সত্তে হন্তীতি ঘাতকো।

নতধাতুতো তপ্পচ্চযস্স চ্চট্টাদেসা হোন্তি অন্তেন সহ, নচ্চং, নট্টং, ইচ্চেবমাদযো নিপাতনা সিজ্ঝন্তি।

আযতন—ছকারের স্থানে 'সল' আদেশ হয়—ছ আযতনানি—সলাযতনানি; এই রূপে অবশিষ্ট সংখ্যাবাচক শব্দ গুলির রূপ-সাধন কর্ত্তব্য। সর্ব্বনাম শব্দে—ইম, সমান এবং অপর শব্দের উত্তর 'জ্জ' এবং 'জ্জু' প্রত্যয় হয় এবং ইম ও সমান শব্দের স্থানে যথাক্রমে অকার এবং সকার আদেশ হয়। যথা—ইমস্মিং কালে এই অর্থে—অজ্জ, অস্মিং কালে বা; সমানে কালে—সজ্জু, সমানস্মিং কালে বা; অপরস্মিং কালে—অপরজ্জু, অপরস্মিং বা। সমাসে—ভূমিগতো, অপাযগতো, ইস্‌সরকতং, সল্লবিদ্ধো কঠিন-দুস্‌সং, চোর-ভযং, ধঞ্‌ঞরাসি, সংসার-দুক্‌খং, পুব্‌বাচ অপরাচ পুব্‌বাপরং। তদ্ধিতে—বাসিট্‌ঠো, ভারদ্বাজো, ভগ্‌গবো, পণ্ডবো, কোলেয্যো। আখ্যাতে—অসধাতুর উত্তর বর্ত্তমান বিভক্তিতে একবচন ও বহুবচনের মধ্যে একবচন তি বিভক্তির স্থানে ধাতুর অন্ত্যবর্ণসহ 'স্‌স' আদেশ হয় এবং বহুবচন অন্তি বিভক্তির স্থানে ধাতুর অন্ত্যবর্ণসহ 'স্‌সু' আদেশ হয়। যথা—এবমস্‌স বচনীযো, এবমস্‌সু বচনীযা; অনুজ্ঞার্থে—হি বিভক্তির স্থানে বিকল্পে 'স্‌সু' আদেশ হয়। যথা—গচ্ছস্‌সু, গচ্ছাহি। কৃতে—বদ, হন প্রভৃতি ধাতুর উত্তর 'ক' প্রত্যয় হয় এবং বদ ধাতুর স্থানে বাদ ও হন ধাতুর স্থানে 'ঘাত' আদেশ হয়। যথা—বদতীতি বাদো, বদতীতি বাদকো, হন্তীতি ঘাতো, সত্তে হন্তীতি ঘাতকো। নত ধাতুর উত্তর

২। সাসদিসতো তস্স রিট্ঠোচ।

সাস দিস ইচ্চেতেহি ধাতূহি তপ্পচ্চযস্স রিট্ঠাদেসো হোতি ঠানে।

অনুসিট্ঠো সো মযা, দিস্সযিত্থাতি দিট্ঠং, দিট্ঠং মে রূপং।

চসদ্দগ্গহণেন কিচ্চতকারস্স তুংপচ্চযস্স চ রট্ঠ রট্ঠুং আদেসা হোন্তি। দস্সনীযং দট্ঠব্বং, দট্ঠুং বিহারং গচ্ছন্তি সমণানং।

৩। সাদিসন্তপুচ্ছভঞ্জহনসাদীহি ট্ঠো।

সকারন্ত পুচ্ছ ভঞ্জ হন্স ইচ্চেবমাদীহি ধাতূহি তপ্পচ্চযস্স সহাদিব্যঞ্জনেন ট্ঠাদেসা হোতি ঠানে।

তুস্সীযতেতি তুট্ঠো, তুস্সীযিত্থাতি বা তুট্ঠো, দংসীযতেতি দট্ঠো, অহিনা দংসীযিত্থাতি বা দট্ঠো, পুচ্ছীযতেতি পুট্ঠো, পুচ্ছীযিত্থাতি বা পুট্ঠো, ভঞ্জীযতেতি ভট্ঠো, ভঞ্জীযিত্থাতি বা ভট্ঠো, হংসীযতেতি হট্ঠো, হংসীযিত্থাতি বা হট্ঠো, পকারেন হংসীযিত্থাতি পহট্ঠো।

ত প্রত্যয়ের স্থানে ধাতুর অন্ত্যবর্ণ সহ 'চ্চ' এবং 'ট্ট' আদেশ হয়। যথা—নচ্চং, নট্টং ইত্যাদি শব্দ নিপাতনে সিদ্ধ হয়।

২। সাস এবং দিস ধাতুর উত্তর ত প্রত্যয়ের স্থানে 'রিট্ঠ' আদেশ হয় অনুরূপ স্থানে যথা—অনুসিট্ঠো সো মযা, দিস্সযিত্থাতি দিট্ঠং, দিট্ঠং মে রূপং। সূত্রের চকার যোগে 'কিচ্চ' প্রত্যয়ের তকারের স্থানে এবং তুং প্রত্যয়ের স্থানে যথাক্রমে রট্ঠ এবং রট্ঠুং আদেশ হয়। যথা—দস্সনীযং এই অর্থে—দট্ঠব্বং, এ'স্থলে দিস ধাতুর উত্তর তব্ব প্রত্যয়ের তকারের স্থানে ধাতুর অন্ত্যবর্ণ সকার সহ রট্ঠ আদেশ হইয়াছে এবং 'রট্ঠ' এর অনুবন্ধ রকারের লোপ হইয়াছে. 'অট্ঠ' মাত্র অবশিষ্ট আছে। এইরূপ—দিস+তুং=দট্ঠুং।

৩। সকারান্ত, পুচ্ছ, ভঞ্জ, হংস প্রভৃতি ধাতুর উত্তর ত প্রত্যয়ের স্থানে ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণ সহ 'ট্ঠ' আদেশ হয়, অনুরূপ স্থানে। যথা—তুস্সীযতেতি—তুস ধাতু প্রীতি অর্থে, তুস+ত+সি=তুট্ঠো, তুস্সীযিত্থাতি বা—তুট্ঠো, দংসীযতেতি এই অর্থে দংস ধাতু দংশনে—দংস+ত+সি= দট্ঠো, অহিনা দংসীযিত্থাতি বা—দট্ঠো; পুচ্ছীযতেতি এই অর্থে—পুচ্ছ ধাতু জিজ্ঞাসার্থে পুচ্ছ+ত+সি=পুট্ঠো, পুচ্ছীযিত্থাতি বা—পুট্ঠো; এইরূপ

আদিগ্গহণেন অঞ্ঞেহি ধাতূহি তপ্পচ্চযস্স চ সহাদিব্যঞ্জনেন ট্ঠাদেসো হোতি।

যজীযিত্থাতি যিট্ঠো—সংএকতো সজ্জিত্থাতি সংসট্ঠো, বিসেসেন সিস্সীযিত্থাতি বিসিট্ঠো, পবেসীযিত্থাতি পবিট্ঠো, এবমঞ্ঞেপি যোজেতব্বা।

৪। বসতো উত্থ।

বস ইচ্চেতম্হা ধাতুম্হা তকারপ্পচ্চযস্স সহাদিব্যঞ্জনেন উত্থা-দেসো হোতি ঠানে। অবসীতি বুত্থো।

৫। বস্স বা বু।

বসস্সেব ধাতুস্স তপ্পচ্চযে পরে বকারস্স উকারাদেসো হোতি বা। বসীযিত্থাতি বুসিতং ব্রহ্মচরিযং, বসীযিত্থাতি উট্ঠো, বুট্ঠো বা।

ভঞ্জীযতেতি এই অর্থে ভঞ্জ ধাতু অবমর্দ্দনে—ভঞ্জ+ত+সি=ভট্‌ঠো, ভঞ্জীযিত্থাতি বা ভট্‌ঠো; হংসীযতেতি এই অর্থে হংস ধাতু হাসনে বা প্রীতি অর্থে, হংস+ত+সি=হট্‌ঠো, হংসীযিত্থাতি বা হট্‌ঠো; পকারেন হংসীযিত্থাতি এই অর্থে—পহট্‌ঠো। সূত্রোক্ত 'আদি' শব্দের যোগে উপরোক্ত ধাতু ভিন্ন অন্যান্য ধাতুর উত্তর ও ত প্রত্যয়ের স্থানে ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণ সহ 'ট্‌ঠ' আদেশ হয়। যথা—যজীযিত্থাতি এই অর্থে যজ ধাতু পূজা, সংগ্রহ ও দান অর্থে—যজ+ত+সি=সং একতো সজ্জিত্থাতি এই অর্থে সং+সজ+ত+সি=সংসট্‌ঠো; বিসেসেন সিস্‌সীযিত্থাতি এই অর্থে—বি-সিস+ত+সি=বিসিট্‌ঠো; পবেসীযিত্থাতি এই অর্থে—প-বিস+ত+সি=পবিট্‌ঠো, ইত্যাদি।

৪। বস ধাতুর উত্তর ত প্রত্যয়ের স্থানে ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণ সহ 'উত্থ' আদেশ হয়, উপযুক্ত স্থানে। যথা—অবসীতি এই অর্থে বস ধাতু বাস করা অর্থে—বস+ত+সি=বুত্থো।

৫। ত প্রত্যয় পরে থাকিলে বস ধাতুর বকারের স্থানে উকার আদেশ হয়, বিকল্পে। যথা—বসীযিত্থাতি—বস+ত+সি=বুসিতং, এ'খানে সি বিভক্তির স্থানে অনুস্বার হইয়াছে, বুসিতং ব্রহ্মচরিযং, বসীযিত্থাতি—উট্‌ঠো, বুট্‌ঠো বা; 'উট' আদেশ হইয়াছে।

৬। ধঢভহেহি ধঢা চ।

ধ ঢ ভ হ ইচ্চেবমন্তেহি ধাতূহি পরস্স তকারপ্পচ্চযস্স যথাক্কমং ধঢাদেসা হোন্তি।

যথা—সব্বে সঙ্খতাসঙ্খতে ধম্মে বুজ্ঝতীতি বুদ্ধো, বড্ঢতীতি বুড্ঢো (ভিক্খু,) লভীযিত্থাতি লদ্ধং, লদ্ধং মে পত্তচীবরং, অগ্গিনা দড্ঢং (বনং)।

৭। ভঞ্জতো গ্গো চ।

ভঞ্জতো ধাতুম্হা তকারপ্পচ্চযস্স গ্গো আদেসো হোতি সহাদিব্যঞ্জনেন।

অভঞ্জী ভঞ্জতি ভঞ্জিস্সতীতি ভগ্গো, পকারেন ভঞ্জীযিত্থাতি পভগ্গো (রুক্খো)।

৮। ভুজাদীনমন্তো নো দ্বি চ।

ভুজ ইচ্চেবমাদীনং ধাতূনং অন্তো নো হোতি তপ্পচ্চযস্স চ দ্বি ভাবো হোতি।

অভুঞ্জীতি ভুত্তো, ভুত্তাবা, ভুত্তাবী; অচজী চজতি চজিস্সতীতি চত্তো, ছসু রূপাদীসু আরম্মণেসু সজ্জতীতি সত্তো, পজ্জতি এত্থাতি পত্তো, রঞ্জতীতি রত্তো, যুঞ্জতীতি যুত্তো, বিবেচতীতি বিবিত্তো।

৬। ধকারান্ত ও ভকারান্ত ধাতুর পরস্থিত ত প্রত্যয়ের স্থানে ধকার এবং ঢকারান্ত ও হকারান্ত ধাতুর পরস্থিত ত প্রত্যয় স্থানে ঢকার আদেশ হয়। যথা—সব্বে সঙ্খতাসঙ্খতে ধম্মে বুঝতীতি—বুদ্ধো, বড্ঢতীতি বুড্ঢো (ভিক্খু, লভীযিত্থাতি লদ্ধং, লদ্ধংমে পত্তচীবরং, অগ্গিনা দড্ঢং (বনং)।

৭। ভঞ্জ ধাতুর উত্তর ত প্রত্যয়ের স্থানে ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণ সহ 'গ্গ' আদেশ হয়। যথা—অভঞ্জী ভঞ্জতি ভঞ্জিস্সতীতি এই অর্থে ভগ্গো, পকারেন ভঞ্জীযিত্থাতি পভগ্গো (রুক্খো)।

৮। ত, তবন্তু, এবং তাবী প্রত্যয় পরে থাকিলে ভুজ প্রভৃতি ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণ লুপ্ত হয়, এবং তৎপরবর্ত্তী প্রত্যয়ের তকার দ্বিত্ব হয়। যথা—অভুঞ্জীতি এই অর্থে ভুজ+ত+সি=ভুত্তো, ভুজ+তবন্তু+সি=ভুত্তবা, ভুজ+ত+তাবী+সি=ভুত্তাবী; অচজী চজতি চজিস্সতীতি এই অর্থে চত্তো,

৯। বচ বা বু।

বচ ইচ্চেতস্স ধাতুস্স বকারস্স উকারাদেসো হোতি অন্তোচ বকারো নো হোতি তপ্পচ্চযস্স চ দ্বি ভাবো হোতি বা।

বুচ্চিত্থাতি বুত্তং ভগবতা, উচ্চিত্থাতি উত্তং বা।

১০। গুপাদীনঞ্চ।

গুপ ইচ্চেবমাদীনং ধাতূনমন্তো চ ব্যঞ্জনো নো হোতি তপ্পচ্চযস্স চ দ্বি ভাবো হোতি।

সুট্ঠু গোপযিত্থাতি সুগুত্তো ধম্মো, আরম্মণং চিন্তেতীতি চিত্তং, লিপ্পতীতি লিত্তো, সন্তপ্পতীতি সন্তত্তো, আ ভুসো দিপ্পতীতি আদিত্তো, উচতীতি উত্তো, বিসেসেন বেচতীতি বিবিত্তো, সিঞ্চতীতি সিত্তো, এবমঞ্ঞেপি যোজেতব্বা।

১১। তরাদীহি ইণ্ণো।

তর ইচ্চেবমাদীহি ধাতূহি তপ্পচ্চযস্স ইণ্ণাদেসো হোতি অন্তো চ ব্যঞ্জনো নো হোতি।

অতরি তরতি তরিস্সতীতি তিণ্ণো, তিণ্ণোহং তারেয্যং, উত্তর-

ছসু রূপাদিসু আরম্মণেসু সঞ্জতীতি—সঞ্জ ধাতু সঙ্গ অর্থে, সঞ্জ+ত+সি=সত্তো: পজ্জতি এত্থাতি—পত্তো, রঞ্জতীতি রত্তো, যুঞ্জতীতি যুত্তো, বিবেচতীতি বিবিত্তো।

৯। বচ ধাতুর বকারের স্থানে উকার আদেশ হয়, ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণ চকারের লোপ হয় এবং ত প্রত্যয়ের দ্বিত্ব হয়, বিকল্পে। যথা—বুচ্চিত্থাতি বুত্তং ভগবতা, উচ্চিত্থাতি উত্তং বা।

১০। গুপ প্রভৃতি ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের লোপ হয় এবং ত প্রত্যয়ের দ্বিত্ব হয়। যথা—সুট্ঠু গোপযিত্থাতি—সুগুত্তো (ধম্মো), আরম্মণং চিন্তেতীতি—চিত্তং, লিপ্পতীতি—লিত্তো, সন্তপ্পতীতি—সন্তত্তো, আ ভুসো দিপ্পতীতি—আদিত্তো, উচতীতি—উত্তো, বিসেসেন বেচতীতি—বিবিত্তো, সিঞ্চতীতি—সিত্তো, ইত্যাদি।

১১। তর প্রভৃতি ধাতুর উত্তর ত প্রত্যয়ের স্থানে 'ইণ্ণ' এবং ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের লোপ হয়। যথা—অতরি তরতি তরিস্সতীতি এই অর্থে তিণ্ণো,

তীতি উত্তিণ্ণো, সম্পূরতীতি সম্পুণ্ণো, পরিপূরতীতি পরিপুণ্ণো, তুদতীতি তুণ্ণো, পরিজীরতীতি পরিজিণ্ণো, আকিরতীতি আকিণ্ণো।

১২। ভিদাদিতো ইন্নান্ন ঈণা বা।

ভিদ ইচ্চেবমাদীহি ধাতূহি পরস্স তকারপ্পচ্চযস্স ইন্ন অন্ন ঈণাদেসা হোন্তি বা অন্তে চ ব্যঞ্জনো নো হোতি।

ভিন্দিতব্বোতি ভিন্নো, সম্ভিন্নো, ছিন্দীযতীতি ছিন্নো, উচ্ছিন্দিযিত্থাতি উচ্ছিন্নো, দীযতীতি দিন্নো, নিসীদতীতি নিসিন্নো, ছাদেতীতি ছন্নো, সুচ্ছন্নো, অচ্ছন্নো, খেদং পাপুণাতীতি খিন্নো, রোদতীতি রুন্নো, খীযতি বযং পাপুণাতীতি খীণজাতি।

বাতি কিমত্থং? ভিজ্জতীতি ভিত্তি।

১৩। সুসপচসকাতো ক্খক্কা চ।

সুস পচ সক ইচ্চেতেহি ধাতূহি তপ্পচ্চযস্স ক্খ ক্ক আদেসা হোন্তি অন্তোচ ব্যঞ্জনো নো হোতি।

সুস্সতীতি সুক্খো (কট্ঠো), পচ্চতীতি পক্কং (ফলং), সক্কুণতীতি সক্কো, সক্কোহং।

তিণ্ণোহং তারেয্যং; উত্তরতীতি-উত্তিণ্ণো, সম্পূরতীতি—সম্পুণ্ণো, পরিপূরতীতি পরিপুণ্ণো, তুদতীতি তুণ্ণো, পরিজীরতীতি পরিজিণ্ণো, আকিরতীতি আকিণ্ণো।

১২। ভিদ প্রভৃতি ধাতুর উত্তর ত প্রত্যয়ের স্থানে 'ইন্ন' 'অন্ন' ও ঈণ আদেশ হয়, বিকল্পে এবং ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের লোপ হয়। যথা—ভিন্দিতব্বোতি ভিন্নো, সম্ভিন্নো; ছিন্দীযতীতি ছিন্নো, উচ্ছিন্দীযিত্থাতি উচ্ছিন্নো; দীযতীতি দিন্নো, নিসীদতীতি নিসিন্নো; ছাদেতীতি ছন্নো, সুচ্ছন্নো, অচ্ছন্নো। খেদং পাপুণাতীতি খিন্নো, রোদতীতি রুন্নো; খীযতি বযং পাপুণাতীতি খীণাজাতি। "সূত্রোক্ত 'বা'—'বিকল্পে' ইহা কেন বলা হইয়াছে? সর্ব্বত্র উক্ত নিয়ম হয় না বলিয়া। যথা—ভিজ্জতীতি ভিত্তি।

১৩। সুস, পচ, এবং সক ধাতুর উত্তর ত প্রত্যয়ের স্থানে 'ক্খ' ও 'ক্ক' আদেশ হয় এবং ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের লোপ হয়। যথা—সুস্সতীতি সুক্খো (কট্ঠো), পচ্চতীতি পক্কং (ফলং), সক্কণাতীতি সক্কো, সক্কোহং।

১৪। পক্কমাদীহি ন্তো চ।

পক্কম ইচ্চেবমাদীহি ধাতূহি তপ্পচ্চযস্স ন্তো আদেসো হোতি ধাত্বন্তো চ নো হোতি।

পক্কমতীতি পক্কন্তো, বিব্ভমতীতি বিব্ভন্তো, সঙ্কমতীতি সঙ্কন্তো, খন্তো, সন্তো, দন্তো, বন্তো।

চসদ্দগ্গহণং কিমত্থং? তে হেব ধাতূহি তপ্পচ্চযস্স ন্তি আদেসো হোতি অন্তোচ নো হোতি। কমনং কন্তি, খমনং খন্তি, এবং সব্বত্থ।

১৫। জনাদীনমা তিম্হি চ।

জন ইচ্চেবমাদীনং ধাতূনং অন্তস্স ব্যঞ্জনস্স আত্তং হোতি তপ্পচ্চযে পরে তিম্হি চ। অজতীতি জাতো, জননং জাতি।

তিম্হীতি কিমত্থং? অঞ্ঞস্মিম্পি পচ্চযে পরে আকারনিবত্তনত্থং। জনিতুনাতি জনিত্বা, জাযতীতি জনিতা, জনিতুং জনিতব্বং, ইচ্চেবমাদি।

১৪। 'পক্কম' প্রভৃতি ধাতুর উত্তর ত প্রত্যয়ের স্থানে 'ন্ত' আদেশ হয় এবং ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের লোপ হয়। যথা—পক্কমতীতি পক্কন্তো, বিব্ভমতীতি বিব্ভন্তো, সঙ্কমতীতি সঙ্কন্তো; এইরূপ খন্তো, সন্তো, দন্তো, বন্তো। সূত্রোক্ত সমুচ্চয়ার্থবাচক চকারের প্রয়োগ কেন হইয়াছে? উক্ত প্রকার ধাতুগণের উত্তর ত প্রত্যয়ের স্থানে 'ন্তি' আদেশ হয় এবং ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের লোপ হয়। যথা—কমনং এই অর্থে কন্তি, খমনং এই অর্থে খন্তি; এইরূপ সর্ব্বত্র দ্রষ্টব্য।

১৫। ত এবং তি প্রত্যয় পরে থাকিলে জন প্রভৃতি ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের স্থানে আকার আদেশ হয়। যথা—অজনীতি জাতো, জননং এই অর্থে জাতি। সূত্রোক্ত 'তিম্হি' অর্থাৎ 'তি প্রত্যয় পরে থাকিলে' ইহা কেন বলা হইয়াছে? এতদ্ভিন্ন অন্য প্রত্যয় পরে থাকিলে আকার আদেশ হয় না। যথা—জনি তুনাতি—জনিত্বা, জাযতীতি জনিতা, জনিতুং, জনিতব্বং, ইত্যাদি।

১৬। গমখনহনরমাদীনমন্তো।

গম খন হন রমু ইচ্চেবমাদীনং ধাতূনং অন্তো ব্যঞ্জনো নো হোতি বা তপ্পচ্চযে পরে তিম্‌হি চ।

সুন্দরং নিব্বানং গচ্ছতীতি সুগতো (ভগবা); সুন্দরং গমনং সুগতি, খণীযতেতি খতং, খঞ্ঞতীতি খতি, উপগন্ত্বা হনীযতে তস্মি উপহতং, উপহঞ্ঞতীতি উপহতি, সমগ্গে কম্মে রমতীতি সমগ্গরতো, সমগ্গরতি, অভিরতো, অভিরতি, মঞ্ঞতীতি মতো, মতি, মরতীতি মতো, ইচ্চেবমাদি। বাতি কিমত্থং? রমতো, রমতি।

১৭। রকারো চ।

রকারো চ ধাতূনমন্তভূতো নো হোতি তপ্পচ্চযে পরে তিম্‌হি চ।

পকারেন করীযতীতি পকতো (পদত্থো) পকারেন করীযতেতি—পকতি; বিসেসেন সরতীতি—বিসতো; বিসেসেন সরণং—বিসতি।

১৮। ঠাপানমিঈ চ।

ঠা পা ইচ্চেতেসং ধাতূনং অন্তস্স আকারস্স ইকারঈকারাদেসা হোন্তি যথাসঙ্খ্যং তপ্পচ্চযে পরে তিম্হি চ।

১৬। ত এবং তি প্রত্যয় পরে থাকিলে গম, খন, হন, রমু প্রভৃতি ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের লোপ হয়, বিকল্পে। যথা—সুন্দরং নিব্বাণং গচ্ছতীতি সুগতো (ভগবা), সুন্দরংগমনং এই অর্থে সুগতি; খনীযতেতী খতং, খঞ্ঞতীতি খতি; উপগন্ত্বা হনীযতে তস্মি—উপহতং, উপহঞ্ঞতীতি—উপহতি; সমগ্গে কম্মে রমতীতি—সমগ্গরতো, সমগ্গরতি, অভিরতো, অভিরতি; মঞ্ঞতীতি মতো, মতি; মরতীতি মতো ইত্যাদি। সূত্রের বৃত্তিতে উক্ত 'বা'—'বিকল্পে' ইহা কেন বলা হইয়াছে? সর্ব্বত্র উক্ত নিয়ম হয় না বলিয়া। যথা—রমতো, রমতি।

১৭। ত এবং তি প্রত্যয় পরে থাকিলে ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণ রকারের লোপ হয়। যথা—পকারেন করীযতীতি—পকতো (পদত্থো), পকারেন করীযতেতি—পকতি; বিসেসেন সরতীতি—বিসতো, বিসেসেন সরণং—বিসতি।

১৮। ত এবং তি প্রত্যয় পরে থাকিলে ঠা এবং পা ধাতুর অন্ত্যস্বর

যত্রট্ঠিতো, অত্রট্ঠিতো, ঠানং ঠিতি, যাগুংপীতস্স ভিক্খুনো, পীতো, পীতি।

১৯। হন্তেহি হো হস্স লো বা অদহনহানং।

হকার ইচ্চেবমন্তেহি ধাতূহি তপ্পচ্চযস্স চ হকারাদেসো হোতি ধাত্বন্তস্স হস্স লো হোতি বা অদহনহানং।

আরুহতীতি আরূল্হা, অগাহীতি গাল্হা, গাহতীতি গাল্হা বা, ৰহতি বুদ্ধিং পাপুণাতীতি ৰাল্হো, মুহতীতি মূল্হো।

অদহনহানমীতি কিমত্থং? দহীযিত্থাতি দড্ঢো (বনসণ্ডো), সংস্থুট্ঠু নহীযিত্থাতি সন্নদ্ধো।

ইতি কিব্বিধান কপ্পে ততিযো কণ্ডো।

আকারের স্থানে যথাসংখ্যক ইকার এবং ঈকার আদেশ হয়। যথা—যত্র টি্ঠতো, অত্রট্ঠিতো ঠানং এই অর্থে ঠিতি, যাগুং পীতস্স ভিক্খুনো, পীতো, পীতি।

১৯। দহ ও নহ ধাতু অন্য হকারান্ত ধাতুর পরস্থিত ত্ত প্রত্যয়ের স্থানে হকার আদেশ হয় এবং ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণ হকার স্থানে লকার আদেশ হয়, বিকল্পে। যথা—আরুহতীতি—আরূল্হো, অগাহীতি—গাল্হো, গাহতীতি—গাল্হো বা; ৰহতি বুদ্ধিং পাপুণাতীতি—ৰাল্হো, মুহতীতি—মুল্হো। সূত্রোক্ত 'অদহনহাণং'—অর্থাৎ 'দহ' ও 'নহ' ধাতু ভিন্ন অন্য হকারান্ত ধাতুর ইহা কেন বলা হইয়াছে? 'দহ' ও 'নহ' ধাতুর উত্তর তাহা হয় না। যথা—দহীযিত্থাতি—দড্ঢো (বন-সণ্ডো), সং স্থুট্ঠু নহীযিত্থাতি সন্নদ্ধো।

কৃৎ-বিধান কল্পে তৃতীয়কাণ্ড সমাপ্ত

কিব্বিধান কপ্পে চতুত্থো কণ্ডো।

১। ণম্হি রঞ্জস্স জো ভাবকরণেসু।

ণম্হি পচ্চযে পরে রঞ্জ ইচ্চেতস্স ধাতুস্স অন্তভূতস্স ঞ্জকারস্স জো আদেসো হোতি ভাবকরণেসু।

রঞ্জিতব্বং রাগো, রঞ্জতি তেনাতি রাগো। ভাবকরণেস্বীতি কিমত্থং? রঞ্জতি এত্থাতি রঙ্গো।

২। হনস্স ঘাতো।

হন ইচ্চেতস্স ধাতুস্স সব্বস্সেব ঘাতাদেসো হোতি ণম্হি পচ্চযে পরে।

উপহন্তীতি উপঘাতো, গাবো হন্তীতি গোঘাতকো।

৩। বধো বা সব্বত্থ।

হন ইচ্চেতস্স ধাতুস্স সব্বস্সেব বধাদেসো হোতি বা সব্বঠানেসু।

হন্তীতি বধো, বধকো—অহনীতি অবধি, অহনি বা।

কৃৎ-বিধান কল্পে চতুর্থ কাণ্ড।

১। ণ প্রত্যয় পরে থাকিলে ভাব ও করণার্থে 'রঞ্জ' ধাতুর অন্ত্য সংযুক্ত ব্যঞ্জন বর্ণের স্থানে 'জ' আদেশ হয়। যথা—রঞ্জিতব্বং এই অর্থে রাগো, রঞ্জতি তেনতি—রাগো। সূত্রে উক্ত 'ভাবকরণেসু'—অর্থাৎ 'ভাব ও করণার্থে' ইহা কেন বলা হইয়াছে? এতদ্ভিন্ন অন্যরূপ অর্থে তাহা হয় না। যথা—রঞ্জতি এত্থাতি—রঙ্গো।

২। ণ প্রত্যয় পরে থাকিলে হন ধাতুর স্থানে 'ঘাত' আদেশ হয়। যথা—উপহন্তীতি—উপঘাতো, গাবোহন্তীতি—গোঘাতকো।

৩। সর্ব্বত্র হন ধাতুর স্থানে বিকল্পে 'বধ' আদেশ হয়। যথা—হন্তীতি—বধো, বধকা; অহনীতি অবধি, অহনি বা।

৪। আকারন্তানমাযো।

আকারন্তানং ধাতূনং অন্তসরস্স আয আদেসো হোতি ণম্হি পচ্চযে পরে।

দদাতীতি দাযকো, দানং দাতুং সীলং যস্সাতি দানদাযী, মজ্জং দাতুং সীলং যস্সাতি মজ্জদাযী, নগরং যাতুং সীলং যস্সাতি নগরযাযী।

৫। পুরসমুপপরীহি করোতিস্স খখরা বা তপ্পচ্চযেসু চ।

পুর সং উপ পরি ইচ্চেতেহি উপসগ্গনিপাতেহি পরস্স করোতিস্স ধাতুস্স খখরাদেসা হোন্তি বা তপ্পচ্চযে পরে ণম্হি চ।

পুরতো করীযিত্থ সোতি পুরক্খতো, সঙ্গম্ম করীযিত্থ সোতি সঙ্খতো, উপগন্ত্বা করীযিত্থাতি উপক্খতো, পরিসমন্ততো করীযতীতি পরিক্খারো, সংখরীযতীতি সঙ্খারো, উপগন্ত্বা করীযতীতি উপকারো বা।

৬। তবেতুনাদিসু কা।

তবে তূন ইচ্চেবমাদিসু পচ্চযেসু করোতিস্স ধাতুস্স কাদেসো হোতি বা। কাতবে, কাতুং, কত্তুং বা, কাতুন, কত্তুন বা।

৪। ণ প্রত্যয় পরে থাকিলে আকারান্ত ধাতুর অন্ত্যস্বর আকারের স্থানে 'আয' আদেশ হয়। যথা—দদাতীতি দাযকো, দানং দাতুং সীলং যস্সাতি—দানদাযী, মজ্জং দাতুং শীলংযস্সাতিমজ্জদাযী, নগরং যাতুং সীলং যস্সাতি—নগরযাযী।

৫। ত এবং ণ প্রত্যয় পরে থাকিলে পুর, সং, উপ এবং পরি এই উপসর্গ ও নিপাতপূর্ব্বক কর ধাতুর স্থানে বিকল্পে খ এবং খর আদেশ হয়। পুরতো করীযিত্থ সোতি—পুরক্খতো, সঙ্গম্ম করীযিত্থ সোতি—সঙ্খতো, উপগন্ত্বা করীযিত্থাতি—উপক্খতো, পরিসমন্ততো করীযতীতি—পরিক্খারো, সংখরীযতীতি—সঙ্খারো, উপগন্ত্বা করীযতীতি—উপকারো বা।

৬। তবে, তুন, প্রভৃতি প্রত্যয় পরে থাকিলে 'কর' ধাতুর স্থানে বিকল্পে কা আদেশ হয়। যথা—কাতবে, কাতুং, কত্তুং বা; কাতুন, কত্তুন বা।

৭। গমখনহনাদীনং তুন্তব্বাদিস্সু ন।

গম খন হন ইচ্চেবমাদীনং ধাতূনং অন্তস্স নকারো হোতি বা তুন্তব্বাদিস্সু পচ্চযেস্সু।

গমনং গন্তুং, গমনং গমিতুং, গমনীযন্তি গন্তব্বং, গমিতব্বং; খন্তুং, খনিতুং; খন্তব্বং, খনিতব্বং; হন্তুং, হনিতুং; হন্তব্বং, হনিতব্বং; মন্তুং, মনিতুং; মন্তব্বং, মনিতব্বং।

আদিগ্গহণং কিমত্থং? তুনগ্গহণত্থং, গন্তুন, খন্তুন, হন্তুন, মন্তুন।

৮। সব্বেহি তুনাদীনং যো।

সব্বেহি ধাতূহি তুনাদীনং পচ্চযানং যকারাদেসো হোতি বা।

অভিবন্দিয, অভিবন্দিত্বা, ওহায, ওহিত্বা, উপনীয, উপনেত্বা, পস্সীয, পস্সিত্বা, উদ্দিস্স, উদ্দিসিত্বা, আদায, আদিযিত্বা।

৯। চনন্তেহি রচ্চ।

চকারনকারন্তেহি ধাতূহি তুনাদীনং পচ্চযানং রচ্চাদেসো হোতি বা। বিবিচ্চ, আহচ্চ, উপহচ্চ। বাতি কিমত্থং? হন্ত্বা।

তুং, তব্বং, প্রভৃতি প্রত্যয় পরে থাকিলে গম, খন, হন, ইত্যাদি ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের স্থানে বিকল্পে নকার আদেশ হয়। যথা—গমনং গন্তুং, গমনং গমিতুং; গমনীযন্তি গন্তব্বং, গমিতব্বং, খন্তুং, খনিতুং; খন্তব্বং, খনিতব্বং; হন্তুং, হনিতুং; হন্তব্বং, হনিতব্ব; মন্তুং, মনিতুং; মন্তব্বং, মনিতব্বং। সূত্রোক্ত 'আদি' শব্দের যোগে তুন প্রত্যয় পরে থাকিলেও উক্তরূপ ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের স্থানে নকার হয়। যথা—গন্তুন, খন্তুন, হন্তুন, মন্তুন।

৮। সমস্ত ধাতুর উত্তর তুন প্রভৃতি প্রত্যয়ের স্থানে বিকল্পে যকার আদেশ হয়। যথা—অভিবন্দিয, অভিবন্দিত্বা, ওহায, ওহিত্বা, উপনীয, উপনেত্বা পস্সিয, পস্সিত্বা, উদ্দিস্স, উদ্দিসিত্বা, আদায, আদিযিত্বা।

৯। চকারান্ত এবং নকারান্ত ধাতুর পর 'তুন' প্রভৃতি প্রত্যয়ের স্থানে বিকল্পে 'রচ্চ' আদেশ হয়। যথা—বিবিচ্চ, আহচ্চ, উপহচ্চ। সূত্রের বৃত্তিতে উক্ত বা—বিকল্পে ইহা কেন বলা হইয়াছে? সর্ব্বত্র উক্ত নিয়ম হয় না বলিয়া। যথা—হন্ত্বা।

১০। **দিসা স্বান স্বান্তলোপো চ।**

দিস ইচ্চেতায ধাতুযা তুনাদীনং পচ্চযানং স্বান স্বাদেসা হোন্তি অন্তলোপোচ। দিস্বান, দিস্বা।

১১। **মহদভেহি ম্মযহজ্জভ্ভদ্ধা চ।**

ম হ দ ভ ইচ্চেবমন্তেহি ধাতূহি তুনাদীনং পচ্চযানং ম্ম য্হ জ্জ ব্ভ দ্ধাদেসা হোন্তি বা অন্তলোপো চ।

আগম্ম, আগন্ত্বা, ওক্কম্ম, ওক্কমিত্বা, পগ্গয্হ, পগ্গণ্হিত্বা, উপ্পজ্জ, উপ্পজ্জিত্বা, আরব্ভ; আরভিত্বা, আরদ্ধ, আরভিত্বা।

১২। **তদ্ধিতসমাসকিতকা নামংবাতবেতুনাদিসু চ।**

তদ্ধিত সমাস কিতক ইচ্চেবমন্তা সদ্দা নামং ব দট্ঠব্বা তবে তুন ত্বান ত্বাদিপ্পচ্চযে বজ্জেত্বা।

বাসিট্ঠো, পত্তো ধম্মো যেন সো পত্তধম্মো, কুম্ভকারো ইচ্চেবমাদি।

১৩। **দুম্হি গরু।**

দুমিহ অক্খরে যো পুব্বো সো গরুকোব দট্ঠব্বো। ভিত্বা, ছিত্বা, দত্বা।

১০। 'দিস' ধাতুর উত্তর তুন প্রভৃতি প্রত্যয়ের স্থানে স্বান এবং স্বা আদেশ হয় এবং ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের লোপ হয়। যথা—দিস্বান, দিস্বা।

১১। ম, হ, দ এবং ভকারান্ত ধাতুর উত্তর তুন প্রভৃতি প্রত্যয়ের স্থানে বিকল্পে ম্ম, য্হ, জ্জ, ব্ভ, দ্ধ আদেশ হয় এবং ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের লোপ হয়। যথা—আগম্ম, আগন্ত্বা; ওক্কম্ম, ওক্কমিত্বা; পগ্গয্হ, পগ্গণ্হিত্বা, উপ্পজ্জ, উপ্পজ্জিত্বা; আরব্ভ, আরভিত্বা, আরদ্ধ, আরভিত্বা।

১২। তবে, তুন, ত্বান, ত্বা প্রভৃতি ভিন্ন তদ্ধিতান্ত, সমাসান্ত, এবং কৃদন্ত শব্দ, ইহারাও নাম সদৃশ; সুতরাং ইহাদের উত্তর সি, ও প্রভৃতি বিভক্তির যোগ হইয়া থাকে। যথা—বাসিট্ঠো, পত্তো ধম্মো যেন সো পত্তধম্মো, কুম্ভকারো, ইত্যাদি।

১৩। সংযোগ বর্ণের পূর্ব্ব হ্রস্বস্বর দীর্ঘস্বরের ন্যায় উচ্চারিত হয়; সুতরাং তাহা দীর্ঘস্বর বলিয়া দ্রষ্টব্য। যথা—ভিত্বা, ছিত্বা, দত্বা, এ'স্থলে 'ত্বা' এই সংযোগ বর্ণের পূর্ব্ব ব্যঞ্জনস্থ হ্রস্বস্বর দীর্ঘস্বরের ন্যায় উচ্চারিত হইতেছে।

১৪। দীঘো চ।

দীঘো চ সরো গরুকোব দট্ঠব্বো।

আহারো, নদী, বধূ, তে, ধম্মা, ওপনযিকো।

১৫। অক্খরেহি কারং।

অক্খরেহি অক্খরথেহি অক্খরাভিধেয্যেহি কারপ্পচ্চযো হোতি যোগেসতি।

অ এব অকারো, এবং আকারো, যকারো, সকারো, ধকারো, মকারো, ভকারো, লকারো।

১৬। যথাগমমিকারো।

যথাগমং সব্বধাতূহি সব্বপচ্চযেসু ইকারাগমো হোতি।

তেন কম্মং কারিযং, ভবিতব্বং, জনিতব্বং, বিদিতং, করিত্বা, ইচ্ছিতং, ইচ্ছিতব্বং, গমিতব্বং, বেদিতব্বং, হনিত্বা, পচিত্বা, ইচ্চেবমাদি।

১৪। দীর্ঘস্বর স্বরূপতঃ গুরুস্বর বলিয়া দ্রষ্টব্য, অর্থাৎ দীর্ঘস্বর স্বভাবতঃ দীর্ঘ উচ্চারণ বিশিষ্ট। যথা—আহারো, নদী, বধূ, তে, ধম্মা, ওপনাযিকো।

১৫। অক্ষর সমূহের উত্তর 'কার' প্রত্যয় হয়, যদি প্রয়োজন হয়। যথা—অ এব অকারো, এইরূপ আকারো, যকারো, সকারো, ধকারো, মকারো, ভকারো, লকারো।

১৬। সমস্ত প্রত্যয় পরে থাকিলে সমস্ত ধাতুর উত্তর জিনবচনানুরূপ ইকার আগম হয়। যথা—তেন কম্মং কারিযং, ভবিতব্বং, জনিতব্বং, বিদিতং, করিত্বা, ইচ্ছিতং; ইচ্ছিতব্বং, গমিতব্বং, বেদিতব্বং, হনিত্বা, পচিত্বা, ইত্যাদি।

১৭। দধন্ততো যো ক্বচি।

দকারধকারন্তায ধাতুযা যথাগমং যকারাগমো হোতি ক্বচি তুনাদিসু পচ্চযেসু। বুদ্ধোলোকে উপ্পজ্জিত্বা, ধম্মং বুজ্ঝিত্বা। দধন্ততোতি কিমত্থং? লভিত্বা। ক্বচীতি কিমত্থং? উপ্পাদেত্বা।

ইতি কিব্বিধানকপ্পে চতুত্থো কণ্ডো।

১৭। তুন প্রভৃতি প্রত্যয় পরে থাকিলে দকারান্ত ও ধকারান্ত ধাতুর উত্তর জিনবচনানুরূপ ক্বচিৎ যকার আগম হয়। যথা—বুদ্ধো লোকে উপ্পজ্জিত্বা, ধম্মং বুজ্ঝিত্বা। সূত্রোক্ত 'দধন্ততো'—অর্থাৎ দকারান্ত ও ধকারান্ত ইহা কেন বলা হইয়াছে? এতদ্ভিন্ন অন্য ধাতুর উত্তর তাহা হয় না। যথা—লভিত্বা। সূত্রোক্ত 'ক্বচি'—ক্বচিৎ ইহা কেন বলা হইয়াছে? সর্ব্বত্র উক্ত নিয়ম হয় না বলিয়া। যথা—উপ্পাদেত্বা।

কৃৎ-বিধান কল্পে চতুর্থ কাণ্ড সমাপ্ত।

কিব্বিধান কপ্পে পঞ্চমো কণ্ডো।

১। নিগ্গহীতং সংযোগাদি নো।

সংযোগাদিভূতো নকারো নিগ্গহীতমাপজ্জতে। রঙ্গো, ভঙ্গো, সঙ্গো।

২। সব্বত্থ গে গী।

গে ইচ্চেতস্স ধাতুস্স গী আদেসো হোতি সব্বঠানে। গীতং গাযতি।

৩। সদস্স সীদত্তং।

সদ ইচ্চেতস্স ধাতুস্স সীদাদেসো হোতি সব্বঠানে। নিসিন্নো, নিসীদতি।

৪। যজস্স সরস্সি ট্ঠে।

যজ ইচ্চেতস্স ধাতুস্স সরস্স ইকারাদেসো হোতি ট্ঠে পরে।

সিট্ঠো, সিট্ঠা। ট্ঠেতি কিমত্থং? যজনং।

কৃৎ-বিধান কল্পে পঞ্চম কাণ্ড।

১। সংযুক্ত বর্ণদ্বয়ের আদ্য বর্ণ নকারের স্থানে অনুস্বার হয়। যথা—রঙ্গো, এস্থলে রঞ্জ ধাতু রাগে, রঞ্জ+ণ=রঙ্গো, এখানে 'ঞ্জ' এই সংযুক্ত বর্ণদ্বয়ের আদ্য বর্ণ নকারের স্থানে অনুস্বার, "কগা চজানং" এই সূত্রানুসারে জকারের স্থানে গকার আদেশ এবং গকার পরে থাকাতে অনুস্বারের স্থানে কবর্গের পঞ্চম বর্ণ 'ঙ' আদেশ করিলে 'রঙ্গো' এই পদ সিদ্ধ হয়। এইরূপ—ভঙ্গো, সঙ্গো।

২। সর্ব্বত্র গে ধাতুর স্থানে গী আদেশ হয়। যথা—গীতং গাযতি।

৩। সর্ব্বত্র 'সদ' ধাতুর স্থানে 'সীদ' আদেশ হয়। যথা—নিসিন্নো, নিসীদতি।

৪। 'ট্ঠ' পরে থাকিলে 'যজ' ধাতুর যকারস্থ অকারের স্থানে ইকার আদেশ হয়। যথা—যজ+ত=যিট্ঠো, এস্থলে ত প্রত্যয় সহ যজ ধাতুর জকারের স্থানে 'ট্ঠ' আদেশ হইয়াছে। এইরূপ—যিট্ঠা। সূত্রে উক্ত 'ট্ঠে'—অর্থাৎ 'ট্ঠ' পরে থাকিলে ইহা কেন বলা হইয়াছে? তাহা না হইলে যজ ধাতুর যকারস্থ অকারের স্থানে ইকার আদেশ হয়না। যথা—যজনং।

৫। হচতুত্থানমন্তানং দো ধে।

হচতুত্থানং ধাত্বন্তানং দো আদেসো হোতি ধে পরে।

সন্নদ্ধো, কুদ্ধো, যুদ্ধো, সিদ্ধো, বিদ্ধো, লদ্ধো, আরদ্ধো।

৬। ডো ঢকারে।

হচতুত্থানং ধাত্বন্তানং ডো আদেসো হোতি ঢকারে পরে।

অদহীযিত্থাতি দড্ঢো, অবড্ঢীতি বুড্ঢো।

ঢকারেতি কিমত্থং? দাহো।

৭। গহস্স ঘর ণে বা।

গহ ইচ্চেতস্স ধাতুস্স সব্বস্স ঘরাদেসো হোতি বা ণপ্পচ্চযে পরে। ঘরং, ঘরানি। বাতি কিমত্থং? গাহো।

৫। ধকার পরে থাকিলে ধাতুর অন্ত্যবর্ণ হকার এবং ধকারের স্থানে দকার আদেশ হয়। যথা সং-নহ+ত=সন্নদ্ধো, এস্থলে ত প্রত্যয়ের স্থানে ধকার আদেশ এবং এই ধকার পরে থাকাতে নহ ধাতুর হকারের স্থানে দকার আদেশ হইয়াছে। এইরূপ—কুদ্ধো, যুদ্ধো. সিদ্ধো, বিদ্ধো, লদ্ধো, আরদ্ধো

৬। ঢকার পরে থাকিলে ধাতুর অন্ত্যবর্ণ হকার এবং ঢকারের স্থানে ডকার আদেশ হয়। যথা—অদহীযিত্থাতি এই অর্থে—দহ+ত=দড্ঢো, এস্থলে ত প্রত্যয়ের স্থানে ঢকার আদেশ এবং দহধাতুর হকারের স্থানে ডকার আদেশ হইয়াছে। এইরূপ—অবড্ঢীতি এই অর্থে—বড্ঢ+ত= বুড্ঢো, এখানে ত প্রত্যয়ের স্থানে ঢকার আদেশ. এই ঢকার পরে থাকাতে তৎপূর্ব্ব ঢকারের লোপ এবং ধাতুর আদ্য ব্যঞ্জনবর্ণ বকারস্থ অকারের স্থানে উকার আদেশ হইয়াছে। সূত্রে উক্ত 'ঢকারে'—অর্থাৎ 'ঢকার পরে থাকিলে' ইহা কেন বলা হইয়াছে? তাহা না হইলে ধাতুর অন্ত্যবর্ণ হকার এবং ঢকারের স্থানে ডকার আদেশ হয় না। যথা—দাহো।

৭। ণ প্রত্যয় পরে থাকিলে 'গহ' ধাতুর স্থানে বিকল্পে 'ঘর' আদেশ হয়। যথা—ঘরং, ঘরানি।

সূত্রে উক্ত 'বা'—অর্থাৎ 'বিকল্পে' ইহা কেন বলা হইয়াছে? সর্ব্বত্র উক্ত নিয়ম হয় না বলিয়া। যথা—গাহো।

৮। দহস্স দো লং।

দহ ইচ্চেতস্স ধাতুস্স দকারো লত্তমাপজ্জতে বা ণপ্পচ্চযে পরে।

পরিদহনং পরিলাহো। বাতি কিমত্থং? পরিদাহো।

৯। ধাত্বন্তস্স লোপো ক্বিম্হি।

ধাত্বন্তস্স ব্যঞ্জনস্স লোপো হোতি ক্বিম্হি পচ্চযে পরে।

ভুজেন গচ্ছতীতি ভুজগো, উরগো, তুরগো, সঙ্খো।

১০। বিদন্তে উ।

বিদ ইচ্চেতস্স ধাতুস্স অন্তে উকারাগমো হোতি ক্বিম্হি পচ্চযে পরে লোকং বিদতি জানাতীতি লোকবিদূ।

১১। নমকরানমন্তানং নিযুত্ততম্হি।

নকার মকার ককার রকারানং ধাত্বন্তানং লোপো ন হোতি ইকারযুত্তে তপ্পচ্চযে পরে।

হনিতুং, গমিতো, রমিতো, অঙ্কিতো, সঙ্কিতো, সরিতো, করিত্বা।

ইযুত্ততম্হীতি কিমত্থং? গতো, সতো, কতো, হতো।

৮। ণ প্রত্যয় পরে থাকিলে দহ ধাতুর দকারের স্থানে বিকল্পে লকার আদেশ হয়। যথা—পরিদহনং এই অর্থে—পরিলাহো। সূত্রে উক্ত 'বা'—অর্থাৎ বিকল্পে ইহা কেন বলা হইয়াছে? সর্ব্বত্র উক্ত নিয়ম হয় না বলিয়া। যথা—পরিদাহো।

৯। 'ক্বি' প্রত্যয় পরে থাকিলে ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণের লোপ হয়। যথা—ভুজেন গচ্ছতীতি এই অর্থে-ভুজ-গম্+ক্বি=ভুজগো; এইরূপ—উরগো তুরগো, সঙ্খো।

১০। 'ক্বি' প্রত্যয় পরে থাকিলে বিদ ধাতুর অন্তে উকার আগম হয়। যথা—লোকং বিদতি জানাতীতি লোক-বিদূ।

১১। ইকার যুক্ত 'ত' প্রত্যয় পরে থাকিলে ধাতুর অন্ত্যবর্ণ নকার, মকার, ককার এবং রকারের লোপ হয় না। যথা—হনিতুং, এস্থলে হন ধাতুর উত্তর তুং প্রত্যয় করিয়া পরে ইকার আগম করিলে 'ইতুং' এই পদ হয়। 'ইতুং' পরে থাকাতে হন ধাতুর অন্ত্যবর্ণ নকারের লোপ হইলনা। এইরূপ—গমিতো, রমিতো, অঙ্কিতো, সঙ্কিতো, সরিতো, করিত্বা।

সূত্রে উক্ত 'ইযুত্ততম্হি'—অর্থাৎ 'ইকারযুক্ত ত প্রত্যয় পরে থাকিলে' ইহা

১২। নকগত্তং চজা ণ্বুম্হি।

চকার জকারা ককার গকা রত্তংনাপজ্জন্তে ণ্বুপ্পচ্চযে পরে।

পচতীতি পাচকো, যজতীতি যাজকো।

১৩। করস্স চ তত্তং তুস্মিং।

কর ইচ্চেতস্স ধাতুস্স চ অন্তস্স রকারস্স তকারত্তং হোতি তুপ্পচ্চযে পরে। করোতীতি কত্তা, কত্তারো।

১৪। তুনস্তু তব্বেস্থু বা।

কর ইচ্চেতস্স ধাতুস্স অন্তস্স রকারস্স তকারত্তং হোতি বা তুং তুনতব্বেস্থু পরেস্থু।

কত্তুং, কাতুং, কত্তুন, কাতুন, কত্তব্বং, কাতব্বং।

১৫। কারিতং বিয ণানুবন্ধো।

ণকারানুবন্ধো পচ্চযো কারিতং বিয দট্ঠব্বো বা।

দাহো, দেহো, নাদো, বাহো, বাহো, বোধো, বারো, ধারো, পরিক্খারো, দাযকো, নাযকো, লাবকো, ভাবকো, কারী, ঘাতী, দাযী।

বাতি কিমত্থং? উপক্খারো।

কেন বলা হইয়াছে? তাহা না হইলে ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণের লোপ হয়। যথা—গতো, সতো, কতো, হতো।

১২। ণ্বু প্রত্যয় পরে থাকিলে চকার ও জকারের স্থানে যথাক্রমে ককার ও গকার আদেশ হয়না। যথা—পচতীতি-পচ+ণ্বু=পাচকো, এস্থলে "অনকা যুণ্বুনং" এই সূত্রানুসারে ণ্বু প্রত্যয়ের স্থানে 'অক' আদেশ হইয়াছে। এইরূপ—যজতীতি যাজকো।

১৩। তু প্রত্যয় পরে থাকিলে কর ধাতুর অন্ত্যবর্ণ রকারের স্থানে তকার আদেশ হয়। যথা—করোতীতি কর+তু=কত্তু, প্রথমা বিভক্তি একবচনে কত্তা, বহুবচনে—কত্তারো।

১৪। তুং, তুন এবং তব্ব প্রত্যয় পরে থাকিলে কর ধাতুর অন্ত্যবর্ণ রকারের স্থানে তকার আদেশ হয়, বিকল্পে। যথা—কত্তুং, কাতুং; কত্তুন, কাতুন; কত্তব্বং, কাতব্বং।

১৫। অনুবন্ধ ণকারযুক্ত প্রত্যয় কারিত প্রত্যয় সদৃশ দ্রষ্টব্য, বিকল্পে। যথা—দহ+ণ=দাহো, দিহ+ণ=দেহো; এইরূপ—নাদো, বাহো, বাহো,

১৬। অনকা যুণ্বূনং।

যুণ্বু ইচ্চেতেসং পচ্চযানং অন অক ইচ্চেতে আদেসা হোন্তি।

নন্দিতব্বন্তি নন্দনং, বনং; ভূযতে ভবনং, গয্হতে গহণং, ণলঙ্করোতীতি ণলকারকো।

১৭। কগা চজানং।

চ জ ইচ্চেতেসং ধাত্বন্তানং ককার গকারাদেসা হোন্তি ণানুবন্ধে পচ্চযে পরে। পাকো, যোগো।

ইতি কিব্বিধান কপ্পে পঞ্চমো কণ্ডো।

বারো, ধারো, পরিকৃখারো, দাযকো, নাযকো, লাবকো, ভাবকো, কারী, ঘাতী; দাযী।

সূত্রের বৃত্তিতে উক্ত 'বা'—অর্থাৎ 'বিকল্পে' ইহা কেন বলা হইয়াছে? সর্ব্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া। যথা—উপকৃখরো।

১৬। 'যু' এবং 'ণ্বু' প্রত্যয়ের স্থানে যথাক্রমে 'অন' এবং 'অক' আদেশ হয়। যথা—নন্দিতব্বন্তি এই অর্থে—নন্দ+যু=নন্দনং, (বনং) এইরূপ—ভূযতে এই অর্থে ভূ+যু=ভবনং, গয্হতে এই অর্থে—গহণং, নলঙ্করোতীতি এই অর্থে—নল–কর+ণ্বু=নলকারকো।

১৭। অনুবন্ধ ণকারযুক্ত প্রত্যয় পরে থাকিলে ধাতুর অন্ত্যবর্ণ চকার এবং জকারের স্থানে যথাক্রমে ককার এবং গকার আদেশ হয়। যথা—পচ+ণ=পাকো, যুজ+ণ=যোগো।

কৃৎ-বিধানকল্পে পঞ্চকাণ্ড সমাপ্ত।

কিব্বিধান উণাদি কপ্পো ছট্ঠো কণ্ডো।

১। কত্তরি কিত্।

কত্তরি ইচ্চেতস্মিং অত্থে কিত্ পচ্চযা হোন্তি। কারু, কারুকো, কারকো, পাচকো, কত্তা, জনিতা, পচিতা, নেতা!

২। ভাবকম্মেসু কিচ্চক্তক্খত্থা।

ভাবকম্মে ইচ্চেতেস্বত্থেসু কিচ্চত্থ ক্তত্থ খত্থ ইচ্চেতে পচ্চযা হোন্তি।

উপসম্পাদেতব্বং উপসম্পাদনীযং ভবতা, সযিতব্বং ভবতা, কত্তব্বং কম্মং ভবতা, ভোত্তব্বো ওদনো ভবতা, অসিতব্বং ভোজনং ভবতা, অসিতং ভবতা, সযিতং ভবতা, পচিতো ওদনো ভবতা, অসিতং ভোজনং ভবতা, সযিতং সযনং ভবতা, পচিতং ওদনং ভবতা, কিঞ্চিস্সযো, ঈসস্সযো, দুস্সযো, সুস্সযো ভবতা।

কৃৎ-বিধান উণাদি কল্পে ষষ্ঠ কাণ্ড।

১। কর্তৃবাচ্যে কৃৎ প্রত্যয় হয়। যথা—কর+ণু=কারু, কর+ণুক=কারুকো, কর+ণ্বু=কারকো, এস্থলে ণ্বু প্রত্যয়ের স্থানে 'অক' আদেশ হইয়াছে। এইরূপ—পচ+ণ্বু=পাচকো, কর+তু=কত্তু, প্রথমা বিভক্তি একবচনে কত্তা; জন+তু+জনিতা, পচ+তু=পচিতা, নী+তু=নেতা।

২। ভাব ও কর্ম্মবাচ্যে 'কিচ্চ' (কৃত্য), ক্ত এবং খ প্রত্যয় হয়। 'ক্ত' প্রত্যয়ের অনুবন্ধ 'ক' এর লোপ হয়, 'ত' থাকে এবং খ প্রত্যয়ের অনুবন্ধ 'খ' এর লোপ হয় 'অ' থাকে।

যথা—উপ-সং পদ+তব্ব=উপসম্পাদেতব্বং. 'অনীয়' প্রত্যয় করিলে উপসম্পাদনীয়ং ভবতা; সি+তব্ব,=সযিতব্বং ভবতা, এস্থলে সি ধাতুর ইকারের বৃদ্ধিতে একার, একারের স্থানে 'অয' আদেশ এবং ইকার আগম হইয়াছে। এইরূপ—কর+তব্ব=কত্তব্বং কম্মং ভবতা, এস্থলে কর ধাতুর অন্ত্যবর্ণ রকারের স্থানে তকার হইয়াছে। ভুজ+তব্ব=ভোত্তব্বো ওদনো ভবতা, এখানে ভুজ ধাতুর জকারের লোপ, উকারের বৃদ্ধিতে ওকার এবং 'তব্ব' প্রত্যয়ের তকারের দ্বিত্ব হইয়াছে। এইরূপ—অস+তব্ব=অসিতব্বং

৩। কম্মণি দুতিযাযং ক্তো।

কম্মণি ইচ্চেতস্মিং অত্থে দুতিযাযং বিভত্তিযং কত্তরি ক্তপ্পচ্চযো হোতি। দানং দিন্নো দেবদত্তো, সীলং রক্খিতো দেবদত্তো, ভত্তং ভুত্তো দেবদত্তো, গরুমুপাসিতো দেবদত্তো।

৪। খ্যাদীহি মন্ মচতো বা।

খী ভী সু রু হু বা ধু হি লু পী অদ ইচ্চেবমাদীহি ধাতূহি মন্ পচ্চযো হোতি, মস্স চ তো হোতি বা।

খীযন্তি উপদ্দবা এত্থাতি খেমো, ভাযন্তি এতস্মাতি ভীমো। রুংসিযো অভিসবতীতি সোমো। রোমো, হোমো, বামো, ধূমো, হেমো, লোমো, পেমো, অত্তা, আতুমা।

ভোজনং ভবতা; অস+ক্ত=অসিতং ভবতা এখানে ইকার আগম হইয়াছে। সি+ক্ত=সযিতং ভবতা, সযিতং সযনং ভবতা, পচিতং ওদনং ভবতা; কিঞ্চি—সি+খ=কিঞ্চিস্সযো, এস্থলে কিঞ্চি পূর্ব্বক সি ধাতু শয়নার্থে, সি ধাতুর ইকারের বৃদ্ধিতে একার, একারের স্থানে পুনঃ অয় আদেশ, এবং সকারের দ্বিত্ব হইয়াছে। ঈস—সি+খ=ঈসস্সযো, এখানে ঈস পূর্ব্বক সি ধাতু শয়নার্থে, উক্ত নিয়মে ইহার রূপসিদ্ধি, অনুবন্ধ 'খ' এর লোপ অকার আছে। এইরূপ—দুস্সযো, সুস্সযো ভবতা।

৩ দ্বিতীয়া বিভক্ত্যন্ত কর্ম্মপদ পূর্ব্বক ধাতুর উত্তর কর্তৃবাচ্যে 'ক্ত' প্রত্যয় হয় যথা—দানং দিন্নো দেবদত্তো, এস্থলে দানং এই দ্বিতীয়া বিভক্ত্যন্ত কর্ম্ম কারকের পরে দা ধাতুর উত্তর কর্তৃবাচ্যে 'ক্ত' প্রত্যয় হইয়াছে। 'ক্ত' প্রত্যয়ের অনুবন্ধ ককারের লোপ এবং তকারের স্থানে ইন্ন আদেশ হইয়াছে। এইরূপ—সীলং রক্খিতো দেবদত্তো, ভত্তং ভুত্তো দেবদত্তো, গরুমুপাসিতো দেবদত্তো।

৪। খী, ভী, সু, রু, হু, বা, ধু, হি, লু, পী, অদ, ইত্যাদি ধাতুর উত্তর মন্ প্রত্যয় হয় এবং মন্ প্রত্যয়ের মকারের স্থানে বিকল্পে তকার আদেশ হয়। যথা খীযন্তি উপদ্দবা এত্থাতি এই অর্থে—খী+মন্=খেমো, এস্থলে খী ধাতু খয়ে, মন্ প্রত্যয়ের অনুবন্ধ 'ন' এর লোপ এবং খী ধাতুর ঈকারের বৃদ্ধিতে একার হইয়াছে। এইরূপ ভাযন্তি এতস্মাতি এই অর্থে—

৫। সমাদীহি থমা।

সমু দম দর রহ দু হি সি ভী দা যা সা ঠা ভস ইচ্চেবমাদীহি ধাতূহি থমপচ্চযা হোন্তি।

সমেতীতি সমথো, দমথো, দরথো, রথো, দুমো, হিমো, সীমো, ভীমো, দামো, যামো, সামো, থামো, ভস্মা।

৬। গহস্স্ পধস্সে বা।

গহ ইচ্চেতস্স ধাতুস্স উপধস্স অকারস্স এত্তং হোতি বা।

দব্বসম্ভারং গণ্হাতীতি গেহং, গহং।

৭। মসুস্স সুস্স চ্ছরচ্ছেরা।

মসু ইচ্চেতস্স পাটিপদিকস্স সুস্স চ্ছরচ্ছেরাদেসা হোন্তি।

মচ্ছরো, মচ্ছেরো।

ভী+মন=ভীমো, [illegible] অভিসবতীতি এই অর্থে- সু+মন্=সোমো; কু+মন=[illegible], ভু+মন [illegible]; [illegible] ধু+মন=ধমো, হি+মন [illegible], লু+মন [illegible], প+মন=পেমো। অদ+মন=অত্তা. এস্থলে মন [illegible] ধাতুর দকারের স্থানে [illegible] আদেশ হইয়াছে। [illegible] এখানে মন প্রত্যয়ের সম্বন্ধে [illegible] উকার আগম এবং ধাতুর [illegible] অকারের বৃদ্ধিতে আকার হইয়াছে।

৫। সমু, দম, দর, রহ, দু, হি, সি, ভী, দা, যা, সা, ঠা, ভস, ইত্যাদি ধাতুর উত্তর থ এবং ম প্রত্যয় হয়। যথা—সমেতীতি এই অর্থে—সমু+থ=সমথো, দম+থ=দমথো, দর+থ=দরথো, রহ+থ=রথো এস্থলে ধাতুর অন্ত্যবর্ণ হকারের লোপ হইয়াছে। দু+ম=দুমো, হি+ম=হিমো, সি+ম=সীমো, এখানে দীর্ঘস্বর হইয়াছে। ভী+ম=ভীমো, দা+ম=দামো, যা+ম=যামো, সা+ম=সামো, ঠা+ম=থামো, এস্থলে ঠকারের স্থানে থকার আদেশ হইয়াছে। ভস+ম=ভস্মা।

৬। গহ ধাতুর আদ্যবর্ণ গকারস্থ অকারের স্থানে একার আদেশ হয়, বিকল্পে যথা—দব্বসম্ভারং গণ্হাতীতি এই অর্থে—গেহং, গহং।

৭। মসু শব্দের সুকারের স্থানে 'চ্ছর' এবং 'চ্ছের' আদেশ হয়। যথা—মচ্ছরো, মচ্ছেরো।

৮। আপুব্বচরস্স চ।

আপুব্বস্স চর ইচ্চেতস্স ধাতুস্স চ্ছরিযচ্ছরচ্ছেরাদেসা হোন্তি, আপুব্বস্স চ রস্সো হোতি।

আ ভুসো চরিতব্বন্তি অচ্ছরিযং, এবং অচ্ছরং, অচ্ছেরং, অচ্ছরং পহরিতুং যুত্তন্তিপি অচ্ছরিযং, মচ্ছরিযং বা।

৯। অলকলসলেহি লযা।

অল কল সল ইচ্চেতেহি ধাতূহি লযপ্পচ্চযা হোন্তি।

অলতি সমত্থেতীতি অল্লং, কলিতব্বং সঙ্খ্যাতব্বন্তি কল্লং, সলতি গচ্ছতি পবিসতীতি সল্লং, এবং অল্যং, কল্যং, সল্যং।

১০। যাণলাণা।

তেহি কল সল ইচ্চেতেহি ধাতূহি যাণলাণপ্পচ্চযা হোন্তি।

কলিতব্বং সঙ্খ্যাতব্বন্তি কল্যাণং, গণতো পটিক্কমিত্বা সলন্তি এত্থাতি পটিসল্যাণং, এবং কল্লাণো, পটিসল্লাণো।

১১। মথিস্স থস্স লো চ।

মথ ইচ্চেতস্স ধাতুস্স থস্স লো আদেসো হোতি।

৮। আ পূর্ব্বক চর ধাতুর স্থানে চ্ছরিয, চ্ছর এবং চ্ছের আদেশ হয় এবং উপসর্গ আ হ্রস্ব হয়। যথা—আ ভুসো চরিতব্বন্তি এই অর্থে—আ-চর+ক্বি=অচ্ছরিযং; এইরূপ—অচ্ছরং, অচ্ছেরং; অচ্ছরং পহরিতুং যুত্তন্তিপি—অচ্ছরিযং; মচ্ছরিযং, এস্থলে মস্ শব্দের স্কারের স্থানে 'চ্ছরিয' আদেশ হইয়াছে।

৯। অল, কল এবং সল ধাতুর উত্তর ল এবং য প্রত্যয় হয়। যথা—অলতি সমত্থেতীতি এই অর্থে—অল+ল=অল্লং; কলিতব্বং সঙ্খ্যাতব্বন্তি অর্থে—কল+ল=কল্লং; সলতি গচ্ছতি পবিসতীতি এই অর্থে—সল+ল=সল্লং; এইরূপ অল+য=অল্যং, কল+য=কল্যং, সল+য=সল্যং।

১০। উক্ত কল এবং সল ধাতুর উত্তর যাণ এবং লাণ প্রত্যয় হয়। যথা—কলিতব্বং সঙ্খ্যাতব্বন্তি এই অর্থে—কল+যাণ=কল্যাণং, গণতো পটিক্কমিত্বা সলন্তি এত্থাতি এই অর্থে—পটি-সল+যাণ=পটিসল্যাণং। এইরূপ—কল+লাণ=কল্লাণো, পটিসল্লাণো।

১১। মথ ধাতুর থকারের স্থানে লকার আদেশ হয়। যথা—

অঞ্জুমঞ্জুং মথতি বিলোলতীতি মল্লো, মল্লং। চসদ্দগ্গহণেন লতো কো চাগমো হোতি মল্লকো, মল্লকং।

১২। পেসাতিসগ্গপত্তকালেসু কিচ্চা।

পেসাতিসগ্গপত্তকাল ইচ্চেতেস্বত্থেসু কিচ্চপ্পচ্চযা হোন্তি।

কত্তব্বং কম্মং ভবতা, করণীযং কিচ্চং ভবতা, ভোত্তব্বং ভোজনং ভবতা, ভোজনীযং ভোজ্জং ভবতা, অজ্ঝযিতব্বং অজ্ঝেয্যং ভবতা, অজ্ঝযনীযং অজ্ঝেয্যং ভবতা।

১৩। অবস্সকাধমিণেসু ণী চ।

অবস্সক অধমিণ ইচ্চেতেস্বত্থেসু ণীপ্পচ্চযো হোতি কিচ্চা চ।

অবস্সকে তাব—কারীসি মে কম্মং অবস্সং, হারীসি মে ভারং অবস্সং।

অধমিণে—দাযীসি মে সতং ইণং, ধারীসি মে সহস্সং ইণং।

মথতি বিলোলতীতি এই অর্থে—মল্লো, মল্লং। সূত্রে উক্ত চকারের যোগে লকারের পরে ককার আগম হয়। যথা—মল্লকো, মল্লকং।

১২। প্রেরণ, অনুরোধ বা অনুজ্ঞার্থে, অতিস্বর্গ বা অনুমতি অর্থে এবং সম্প্রাপ্তকালের বা উপস্থিত সময়ের জ্ঞাপনার্থে 'কিচ্চ' প্রত্যয় হয়। যথা—প্রেরণার্থে অর্থাৎ অনুজ্ঞার্থে—'করীযতু ভবতা কম্মং, এইরূপ অনুরোধ অর্থ বুঝাইতে কর ধাতুর উত্তর তব্ব প্রত্যয় করিলে—কত্তব্বং কম্মং ভবতা; এইরূপ করণীযং কিচ্চং ভবতা।

অতিসর্গার্থে বা অনুমতি অর্থে—ভোত্তব্বং ভোজনং ভবতা, ভোজনীযং ভোজ্জং ভবতা।

সম্প্রাপ্তকালের জ্ঞাপনার্থে—অজ্ঝযিতব্বং অজ্ঝেয্যং ভবতা, অজ্ঝযণীযং অজ্ঝেয্যং ভবতা।

১৩। অবশ্য বা নিশ্চয়ার্থে এবং অধমর্ণার্থে ণী এবং কিচ্চ প্রত্যয় হয়। যথা—অবশ্যার্থে, কর+ণী=কারী, কারীসি মে কম্মং অবস্সং; হারীসি মে ভারং অবস্সং।

অধমর্ণার্থে, দাযীসি মে সতং ইণং, ধারীসি মে সহস্সং ইণং। 'কিচ্চ' প্রত্যয়ে—দাতব্বং মে ভবতা সতং ইণং, ধারযিতব্বং মে ভবতা সহস্সং ইণং,

কিচ্চা চ দাতব্বং মে ভবতা সতং ইণং, ধারযিতব্বং মে ভবতা সহস্সং ইণং, কত্তব্বং মে ভবতা গেহং, করণীযং মে ভবতা কিচ্চং, কারিযং কয্যং বা মে ভবতা বথং।

১৪। অরহসক্কাদীহি তুং।

অরহ সক্ক ভব্ব ইচ্চেবমাদীহি যোগে সব্বধাতূহি তুং পচ্চযো হোতি।

অরহা ভবং বত্তুং, অরহা ভবং কত্তুং, সক্কো ভবং হন্তুং, সক্কো ভবং জেতুং, সক্কো ভবং জিনিতুং, সক্কো ভবং নেতুং, সক্কো ভবং ভবিতুং, সক্কো ভবং দাতুং, সক্কো ভবং গন্তুং, ভব্বো ভবং জিনিতুং, ইচ্চেবমাদি।

১৫। বজাদীহি পব্বজ্জাদযো নিপচ্চন্তে।

বজ ইঞ্জ অঞ্জ সদ বিদ সজ পদ হন ইস্সু সদ ইস্সু সিধা চর কর রুজ পদ রিচ সিত কুচ মদ লভ রদ তির অজ তিজ গম ঘস রুস পুচ্ছ মুহ বস কব কথ তুদ বিস পিংস মুদ মুস সত ধু নত নিতি তুদ ইচ্চেবমাদীহি ধাতূহি উপসগ্গপ্পচ্চযাদীহি চ পব্বজ্জাদযো সদ্দা নিপচ্চন্তে।

কত্তব্বং মে ভবতা গেহং, করণীযং মে ভবতা কিচ্চং, কারিযং কয্যং বা মে ভবতা বথং।

১৪। অরহ, সক্ক, ভব্ব, প্রভৃতি শব্দের যোগে সমস্ত ধাতুর উত্তর তুং প্রত্যয় হয়। যথা—অরহো ভবং বত্তুং, অরহা ভবং কত্তুং, সক্কো ভবং হন্তুং, সক্কো ভবং জেতুং, সক্কো ভবং জিনিতুং, সক্কো ভবং নেতুং, সক্কো ভবং ভবিতুং, সক্কো ভবং দাতুং, সক্কো ভবং গন্তুং, ভব্বো ভবং জিনিতুং ইত্যাদি।

১৫। বজ, ইঞ্জ, অঞ্জ, সদ, বিদ, সজ, পদ, হন, ইস্সু, সদ, ইস্সু, সি, ধা, চর, কর, রুজ, পদ, রিচ, সিত, কুচ, মদ, লভ, রদ, তির, অজ, তিজ, গম, ঘস, রুস, পুচ্ছ, মুহ, বস, কচ, কথ, তুদ, বিস, পিংস, মুদ, মুস, সত, ধু, নত, নিতি, তুদ ইত্যাদি ধাতু এবং উপসর্গ প্রত্যয় সহ পব্বজ্জা প্রভৃতি শব্দের রূপ-সিদ্ধি নিপাতনে নিষ্পন্ন হয়। যথা—পব্বজনেন বজিতব্বাতি এই অর্থে— প-বজ+ণ্য =পব্বজ্জা, এস্থলে বজধাতু গমনার্থে, ণ্য প্রত্যয়ের ণকারের লোপ, অন্তস্থ

পঠমমেৰ বজ্জিতব্বাতি পব্বজ্জা, ইঞ্জনং এজ্জা, সমজ্জনং সমজ্জা, নিসীদনং নিসজ্জা, বিজাননং বিজ্জা, বিসজ্জনং বিসজ্জা, পদনং পজ্জা, হননং বজ্ঝা, এসনং ইচ্ছা, অতিএসনং অতিচ্ছা, সদনং সজ্জা, অভিএসনং অভিজ্ঝা, সযন্তি এত্থাতি সেয্যা, সম্মা চিত্তং নিধেতি এতাযাতি সদ্ধা, চরিতব্বা চরিযা, করণং কিরিযা, রুজনং রুচ্ছা, পদনং পজ্ঝা, রিঞ্চনং রিচ্ছা, তিকিচ্ছতীতি তিকিচ্ছা, সংকোচনং সংকুচ্ছা, মদনং মজ্জা, লভনং লচ্ছা; রদিতব্বাতি রচ্ছা, রদনং বিলেখনং বা রচ্ছা, অধোভাগেন গচ্ছতীতি তিরচ্ছা, অজনং অচ্ছা, তিতিক্খতীতি তিতিক্খা, সহআগমনং সাগচ্ছা, ছুট্‌ঠু ভক্খনং

বকারের স্থানে বর্গীয় ৰকারের দ্বিত্ব, প্রত্যয়স্থ যকারের স্থানে জকার এবং স্ত্রীলিঙ্গে আপ্রত্যয় হইয়াছে। ইঞ্জনং এজ্জা, এস্থলে ইঞ্জধাতু কম্পনে, ইঞ্জ+ণ্য =এজ্জা, এখানে অনুবন্ধ ণকারের লোপ, প্রত্যয়স্থ যকারের স্থানে জকার করিলে 'ইজ্জ' এই পদ হয়, বক্ষ্যমান সূত্রানুসারে নিপাতনে 'ইজ্জ' শব্দের স্থানে 'এজ্জ' আদেশ করিয়া তদুত্তর স্ত্রীলিঙ্গে আপ্রত্যয় করিলে 'ইজ্জা' এই পদ সিদ্ধ হয়। সমজ্জনং সমজ্জা, এস্থলে সং-অজধাতু গত্যর্থে, অথবা সং-অঞ্জধাতু ব্যাপ্তি, গত্যর্থে সং—অঞ্জ+ণ্য=সমজ্জা, এস্থলে ণ্য প্রত্যয়ের অনুবন্ধ ণকারের লোপ প্রত্যয়স্থ যকারের স্থানে জকার, এবং ধাতুর অন্ত্যবর্ণ জ্কারের লোপ করিলে 'অঞ্জ, এই পদ হয়, বক্ষ্যমান সূত্রানুসারে নিপাতনে 'অঞ্জ' শব্দের স্থানে 'অজ্জ' আদেশ, "মদাসরে" এই সূত্রানুসারে 'সং' উপসর্গের অনুসারের স্থানে মকার আদেশ এবং স্ত্রীলিঙ্গে আ প্রত্যয় করিলে 'সমজ্জা' এই পদ সিদ্ধ হয়।

নিসীদনং নিসজ্জা, এস্থলে নি-সদ+ণ্য=নিসজ্জা, এখানে ণ্য প্রত্যয়ের অনুবন্ধ ণকারের লোপ, ধাতুর অন্ত্যবর্ণ দকারের সহিত প্রত্যয়স্থ যকারের সংযোগে করা হইলে 'নিসদ্য' এই পদ হয়, বক্ষ্যমান সূত্রানুসারে নিপাতনে 'নিসদ্য' শব্দের স্থানে 'নিসজ্জ' আদেশ করিয়া স্ত্রীলিঙ্গে আ প্রত্যয় করিলে 'নিসজ্জা' এই পদ সিদ্ধ হয়।

বিজাননং বিজ্জা, বিদধাতু জ্ঞানে, বিদ+ণ্য=বিজ্জা, এস্থলে ণ্য প্রত্যয়ের ণকারের লোপ, বিদ ধাতুর দকারের সহিত প্রত্যয়স্থ যকারের সংযোগ করিলে 'বিদ্য' এই পদ হয়, বক্ষ্যমান সূত্রানুসারে নিপাতনে 'বিদ্য' শব্দের স্থানে 'বিজ্জ' আদেশ এবং স্ত্রীলিঙ্গে আ প্রত্যয় করিলে 'বিজ্জা' এই পদ সিদ্ধ হয়।

দোঘচ্ছা, ছুট্ঠু রোসনং দোরুচ্ছা, পুচ্ছনং পুচ্ছা, মুহনং মুচ্ছা, বসনং বচ্ছা, কথনং কচ্ছা, সহ কথনং সাকচ্ছা, তুদনং তুচ্ছা, বিসনং বিচ্ছা, পিংসনং পিচ্ছিল্লা, সুখদুক্খং মুদতি ভক্খতীতি মচ্ছো, সত্তানং পাণং মুসতি চজতীতি মচ্চু, সতনং সচ্চং, উদ্ধং ধুনাতি কম্পতীতি উদ্ধচ্চং, নটনং নচ্চং, নিতনং নিচ্চং, তথনং তচ্ছং, ইচ্চেবমাদি।

বিসজ্জনং বিসজ্জা, বি—সজ+ণ্য=বিসজ্জা, এস্থলে ণ্য প্রত্যয়ের ণকারের লোপ, ধাতুর অন্ত্যবর্ণ জকারের সহিত প্রত্যয়স্থ যকারের সংযোগ করিলে 'বিসজ্য' এই পদ হয়, বক্ষ্যমান সূত্রানুসারে নিপাতনে 'বিসজ্য' শব্দের স্থানে 'বিসজ্জ' আদেশ করিয়া তদুত্তর স্ত্রীলিঙ্গে আ প্রত্যয় করিলে 'বিসজ্জা' এই পদ সিদ্ধ হয়।

পদনং পজ্জা, পদ ধাতু গতি অর্থে, পদ+ণ্য=পজ্জা, এস্থলেও উক্ত নিয়ম দ্রষ্টব্য।

হননং বজ্ঝা, হনধাতু হিংসা, গত্যর্থে হন+ণ্য—বজ্ঝা, এস্থলে হন ধাতুর স্থানে বধ আদেশ, ণ্য প্রত্যয়ের ণকারের লোপ, প্রত্যয়স্থ যকার বধ ধাতুর অন্ত্যবর্ণ ধকারের সহিত সংযুক্ত হইলে 'বধ্য' এই পদ হয়, বক্ষ্যমান সূত্রানুসারে নিপাতনে 'বধ্য' শব্দের স্থানে 'বজ্ঝ' আদেশ করিয়া তদুত্তর স্ত্রীলিঙ্গে আ প্রত্যয় করিলে 'বজ্ঝা' এই পদ সিদ্ধ হয়।

এসনং ইচ্ছা, ইসুধাতু ইচ্ছা, কান্তি অর্থে, ইস+ণ্য=ইচ্ছা, এস্থলে ণ্য প্রত্যয়ের ণকারের লোপ যকার মাত্র আছে, ইসু ধাতুর অন্ত্যস্বর উকারের লোপ ধাতুর অন্ত্যবর্ণ সকারের সহিত প্রত্যয়স্থ যকারের সংযোগ করিলে 'ইস্য' এই পদ হয়, বক্ষ্যমান সূত্রানুসারে নিপাতনে 'ইস্য' শব্দের স্যকারের স্থানে 'চ্ছ' আদেশ করিয়া তদুত্তর স্ত্রীলিঙ্গে আ প্রত্যয় করিলে 'ইচ্ছা' এই পদ সিদ্ধ হয়।

অতি এসনং অতিচ্ছা, অতি—ইস+ণ্য=অতিচ্ছা, এস্থলেও উক্ত নিয়ম। সদনং সজ্জা, সদধাতু গত্যর্থে, সদ+ণ্য=সজ্জা, এস্থলে ণ্য প্রত্যয়ের ণকারের লোপ, সদধাতুর দকারের সহিত প্রত্যয়স্থ যকারের সংযোগ করিলে 'সদ্য' এই পদ হয়, বর্ত্তমান সূত্রানুসারে নিপাতনে 'সদ্য' শব্দের দ্য কারের স্থানে 'জ্জ' কার আদেশ করিয়া তদুত্তর স্ত্রীলিঙ্গে আ প্রত্যয় করিলে 'সজ্জা' এই পদ সিদ্ধ হয়।

অভি এসনং অভিষ্যা, অভি—ইষ্ ধাতু ইচ্ছা, কান্তি অর্থে, অভি—ইষ্+ণ্য=অভিষ্যা, এস্থলে ণ্য প্রত্যয়ের ণকারের লোপ, ইষ্ ধাতুর অন্ত্য-স্বরের লোপ, সকারের সহিত প্রত্যয়স্থ যকারের সংযোগ করিলে 'ইষ্য' এই পদ হয়, বর্ত্তমান সূত্রানুসারে নিপাতনে 'ইষ্য' শব্দের ষ্য কারের স্থানে 'ষ্ম' আদেশ করিয়া তদুত্তর স্ত্রীলিঙ্গে আ প্রত্যয় করিলে 'অভিষ্মা' এই পদ সিদ্ধ হয়।

সরতি এথাতি সেয়্যা, এস্থলে সি ধাতু শয়নে, সি+ণ্য=সেয্যা, এখানে ণ্য প্রত্যয়ের ণকারের লোপ, সি ধাতুর ইকারের বৃদ্ধিতে একার, প্রত্যয়ের যকারের দ্বিত্ব এবং স্ত্রীলিঙ্গে আ প্রত্যয় করিলে 'সেয্যা' এই পদ সিদ্ধ হয়।

